Aladdin



২৯-০৬ ৩৬ এভিনিউ
এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

অস্থায়ী কর্মী ভিসা দ্বিগুণ করছে যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা ডেস্ক: অস্থায়ী কর্মী (এইচ-২বি) ভিসা দ্বিগুণ করছে যুক্তরাষ্ট্র। মৌসুমি ও অস্থায়ী শ্রমিক সংকট মোকাবিলায় এইচ-২বি ভিসার সংখ্যা উল্লেখযোগ্যভাবে ৮-এর পৃষ্ঠায় দেখুন

তুষারপাতের পর দক্ষিণ-পূর্ব যুক্তরাষ্ট্রে শীতের দাপট

বাংলা পত্রিকা ডেস্ক: রেকর্ড পরিমাণ তুষারপাতের রেশ কাটতে না কাটতেই যুক্তরাষ্ট্রের দক্ষিণ-পূর্বাঞ্চলজুড়ে নেমে এসেছে তীব্র শৈত্যপ্রবাহ। উত্তর ক্যারোলাইনা থেকে ফ্লোরিডা প্রায় পুরো অঞ্চলই এখন বিপজ্জনক ঠান্ডার কবলে। ফ্লোরিডায় গত এক দশকেরও বেশি সময়ের মধ্যে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড হয়েছে।

এবিসি নিউজ জানিয়েছে, রোববার সকালে দক্ষিণ ও পূর্বাঞ্চলের বহু শহরে তীব্র বাতাসের কারণে 'ফিলস লাইক' তাপমাত্রা নেমে যায় বিপজ্জনক মাত্রায়। হিউস্টনে অনুভূত তাপমাত্রা ছিল ২০ ডিগ্রি ফারেনহাইট, নিউ অরলিন্সে ১৯, আটলান্টায় মাইনাস ১০-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 19 / February 02, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ১৯ ‖ সোমবার, ফেব্রুয়ারি ০২, ২০২৬, মাঘ ১৯, ১৪৩২ ‖ শাবান ১৩, ১৪৪৭

মেরী জোবায়দাকে ঘিরে যুক্তরাষ্ট্রজুড়ে কৌতূহল

মঙ্গলবার ভোট: বাংলাদেশীদের হাতে সাফল্যের চাবি?



বাংলা পত্রিকা রিপোর্ট: আগামী ৩ ফেব্রুয়ারি নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৬-এ (এস্টোরিয়া-লং আইল্যান্ড সিটি এলাকায়) অনুষ্ঠিত হতে যাচ্ছে বহুল আলোচিত বিশেষ নির্বাচন। রোববার, ১ ফেব্রুয়ারি শেষ হয়েছে আগাম ভোটগ্রহণ। নিউইয়র্ক সিটির মেয়র হিসেবে জোহরান মামদানী দায়িত্ব নেওয়ার পর তার ছেড়ে যাওয়া এই আসনে কে হচ্ছেন প্রার্থী এবং শেষ পর্যন্ত কার হাতে উঠছে বিজয় তা নিয়ে রাজনৈতিক অঙ্গন থেকে শুরু করে অভিবাসী কমিউনিটিতে চলছে তীব্র আলোচনা। এই নির্বাচনে বাংলাদেশি বংশোদ্ভূত কমিউনিটি সংগঠক মেরী জোবাইদার প্রার্থিতা ডিস্ট্রিক্ট ৩৬-কে এনে দিয়েছে ব্যতিক্রমী গুরুত্ব ও ঐতিহাসিক সম্ভাবনা। তার জয়ে ১১-এর পৃষ্ঠায় দেখুন

আইস ইস্যুতে মতানৈক্যে হাউস ডেমোক্র্যাট-রিপাবলিকানরা

আংশিক গভর্মেন্ট শাটডাউন দীর্ঘ হওয়ার আশঙ্কা

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে ইমিগ্রেশন প্রয়োগ নীতি ঘিরে তীব্র রাজনৈতিক দ্বন্দ্বের জেরে আংশিক সরকারি শাটডাউন প্রত্যাশার চেয়ে দীর্ঘায়িত হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। হাউস ও সিনেটের মধ্যে মতপার্থক্য, বিশেষ করে আইসের কার্যক্রমে বিধিনিষেধ আরোপের প্রশ্নে অনড় অবস্থান নিয়েছে ডেমোক্র্যাটরা, আর তাতেই সমাধান আরও জটিল হয়ে উঠছে।

হাউস স্পিকার মাইক জনসন জানিয়েছেন, আংশিক সরকারি শাটডাউন দ্রুত শেষ করার মতো কোনো পরিস্থিতি এখনই তৈরি হয়নি। রোববার তিনি বলেন, সরকার পরিচালনার অর্থায়ন বিল হাউসে ভোটে তুলতে আরও কয়েক দিন সময় লাগবে, ফলে শাটডাউন সপ্তাহজুড়েই গড়াতে পারে। জনসনের অভিযোগ, ডেমোক্র্যাটদের আইস সংক্রান্ত দাবিই এই অচলাবস্থার মূল কারণ।

জনসন স্পষ্ট করেন, এই পরিস্থিতি সামাল দিতে তিনি ১০-এর পৃষ্ঠায় দেখুন

ওয়ার্ক রিকোয়ারমেন্ট কার্যকর

লাখো আমেরিকান হারাতে পারেন ফুড স্ট্যাম্প

বাংলা পত্রিকা রিপোর্ট: ফুড স্ট্যাম্প বা স্ন্যাপ সুবিধাভোগীরা আগামী ফেব্রুয়ারি ১ তারিখ থেকে নতুন ওয়ার্ক রিকোয়ারমেন্ট কার্যকরের আওতায় পড়তে যাচ্ছেন। এতে যুক্তরাষ্ট্রের সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম-স্ন্যাপ বা সুবিধাভোগী ২ মিলিয়ন হারাতে পারেন বলে জানা গেছে। বিশেষ করে কম আয়ের পরিবার, প্রবীণ এবং একাকী থাকা সক্ষমবয়স্কদের মধ্যে লাখ লাখ মানুষ সম্ভাব্যভাবে এই সুবিধা হারাতে পারেন।

ট্রাম্প প্রশাসনের ২০২৫ সালের জুলাই মাসে স্বাক্ষরিত মেগাবিল অনুযায়ী, কাজের প্রয়োজনীয়তা তিন বছরের মধ্যে তিন মাসের বেশি সুবিধা পাওয়ার জন্য বাধ্যতামূলক করা হয়েছে। এছাড়াও, বয়সসীমা পরিবর্তিত হয়ে ৫৪ থেকে ৬৪ বছর পর্যন্ত বয়স্কদেরও এখন কাজের শর্ত পূরণ করতে হবে। ১৪ বছরের নিচে সন্তানের যত্ন নেওয়া বাবা-মা ছাড়া বাকি পরিবারবর্গের ক্ষেত্রে সুবিধা প্রাপ্তির ছাড় কমানো হয়েছে।

হাঙ্গার ফ্রি-এর সিইও জোয়েল বার্গ বলেন, "লক্ষাধিক মানুষ অব্যবহিতভাবে স্ন্যাপ তালিকা থেকে বাদ পড়বেন। তাদের এবং তাদের পরিবারের ১৮-এর পৃষ্ঠায় দেখুন

ওয়ারেন্ট ছাড়াই গ্রেপ্তার করতে পারবে আইস এজেন্টরা

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: যুক্তরাষ্ট্রে অভিবাসী বিরোধী অভিযানে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) কর্মকর্তারা ওয়ারেন্ট ছাড়াই অনথিভুক্ত অভিবাসীদের গ্রেপ্তারের ক্ষমতা দিয়েছে ট্রাম্প প্রশাসন। সিবিএস নিউজ নতুন এক অভ্যন্তরীণ মেমোর বরাত দিয়ে বিষয়টি জানিয়েছে।

শনিবার প্রকাশিত সিবিএস নিউজের প্রতিবেদনে জানায়, ফেডারেল আদালতে প্রকাশিত এক নতুন সরকারি মেমোতে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রে অবৈধভাবে অবস্থান করছেন বলে সন্দেহ করা ব্যক্তিদের ক্ষেত্রে এখন আরও সহজে ওয়ারেন্ট ছাড়াই গ্রেপ্তার করতে পারবেন আইস কর্মকর্তারা। বুধবার ভারপ্রাপ্ত আইস ১০-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে তীব্র শীতে প্রাণহানি ১৪



- বরফে ঢাকা রাস্তায় মিলছে নিথর দেহ
- হাইপোথার্মিয়ার আশঙ্কা

বাংলা পত্রিকা রিপোর্ট: তুষারঝড় ও হিমশীতল আবহাওয়ার দাপটে বিপর্যস্ত নিউইয়র্ক সিটি। গত এক সপ্তাহে নগরজুড়ে তীব্র ঠান্ডায় বাইরে অবস্থানরত আরও ৪ জনের মৃত্যুর খবর নিশ্চিত করেছে সিটি হল। এতে করে চলমান শৈত্যপ্রবাহে শহরে মোট মৃতের সংখ্যা দাঁড়াল ১৪ জনে।

কর্তৃপক্ষ জানিয়েছে, প্রাথমিক তদন্তে অন্তত ১৪টির মধ্যে ৮টি মৃত্যুর ঘটনায় হাইপোথার্মিয়া ১০-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

রিয়েল আইডি বা গ্রহণযোগ্য আইডি না থাকলে
অভ্যন্তরীণ বিমানে ভ্রমণে ৪৫ ডলার ফি কার্যকর

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে অভ্যন্তরীণ বিমান ভ্রমণের ক্ষেত্রে রিয়েল আইডি বা বিকল্প গ্রহণযোগ্য পরিচয়পত্র না থাকলে যাত্রীদের এখন অতিরিক্ত পরিচয় যাচাইয়ের জন্য দিতে হবে ৪৫ ডলার ফি দিতে হবে। রোববার থেকে থেকে রিয়েল আইডি বা পাসপোর্টের মতো গ্রহণযোগ্য ১০-এর পৃষ্ঠায় দেখুন



রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

নির্বাচনকেন্দ্রিক অপতথ্যের ছড়াছড়ি

সামাজিক মাধ্যমে জোট, আসন সমঝোতা ও জরিপের ভুয়া তথ্য

বাংলা পত্রিকা ডেস্ক: জাতীয় নির্বাচন সামনে রেখে দেশে নির্বাচনকেন্দ্রিক অপতথ্যের ধরন ও মাত্রা দ্রুত বদলাচ্ছে। সামাজিক মাধ্যমে মিথ্যা তথ্যের সংখ্যা যেমন বাড়ছে, তেমনি এর বিষয়বস্তু জটিল ও পরিকল্পিত রূপ নিচ্ছে। সাম্প্রতিক সময়ে রাজনৈতিক জোট, আসন ভাগাভাগি, প্রার্থী মনোনয়ন, জরিপ এবং প্রচার কার্যক্রম ঘিরে অপতথ্য ছড়ানোর প্রবণতা সবচেয়ে বেশি লক্ষ্য করা যাচ্ছে। এতে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির ব্যবহারও ধীরে ধীরে দৃশ্যমান হচ্ছে। ফ্যাক্ট চেক প্রতিষ্ঠান ডিসমিস ল্যাবের এক প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে।

প্রতিবেদনে বলা হয়, তথ্য যাচাইকারী সংস্থাগুলোর বিশ্লেষণে দেখা গেছে, গত ১৬ ডিসেম্বর থেকে ১৫ জানুয়ারি পর্যন্ত এক মাসে নির্বাচন-সম্পর্কিত অপতথ্যের সংখ্যা দাঁড়িয়েছে ৮৯টিতে। আগের মাসে এই সংখ্যা ছিল ৬৩। অর্থাৎ, এক মাসের ব্যবধানে অপতথ্য প্রায় ৪১ শতাংশ বেড়েছে। একই সময়ে তথ্য যাচাই প্রতিবেদন প্রকাশের হারও দ্রুত বেড়েছে। প্রথম সপ্তাহে যেখানে ১০টি প্রতিবেদন পাওয়া যায়, শেষ সপ্তাহে তা দাঁড়ায় ৩১টিতে।

নির্বাচন হবে কিনা এ নিয়ে বিভ্রান্তি

এই সময়ে সবচেয়ে উদ্বেগজনক অপতথ্যের একটি 'আদৌ ভোট হবে কিনা'- এমন সন্দেহ সৃষ্টির প্রচেষ্টা। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নামে ৮-এর পৃষ্ঠায় দেখুন

১১ দলীয় জোট

জামায়াতের সহযোগিতা না পেয়ে নাখোশ শরিকরা



বাংলা পত্রিকা ডেস্ক: ভোটের মাঠে জামায়াতে ইসলামীর 'পূর্ণ সমর্থন' না পেয়ে নাখোশ ১১ দলের শরিকরা। এ দলগুলোর মধ্যে অভিযোগ, ছেড়ে দেওয়া চারটি আসনে জামায়াত প্রার্থীরা থেকে যাওয়ায় শরিকরা নির্বাচন থেকে প্রায় ছিটকে গেছেন। 'আর্থিক সহযোগিতা' না পাওয়ায় এনসিপির অধিকাংশ প্রার্থী ভোটের মাঠে হাবুডুবু খাচ্ছেন। আবার আসন ছাড়লেও প্রতিদ্বন্দ্বী বিএনপি জোটের তুলনায় জামায়াত নেতাকর্মীরা না নামায় শরিকদের প্রার্থীরা প্রচারে পিছিয়ে রয়েছেন।

এ দলগুলোর ভাষ্য, জোট গঠনের সময় জামায়াত প্রতিশ্রুতি দিয়েছিল, শরিকদের দাঁড়িপাল্লার প্রার্থীর সমান সহযোগিতা দেওয়া হবে। এই শর্তে জোট হলেও মাঠে তা পাওয়া যাচ্ছে না। যদিও জামায়াত এই অভিযোগ নাকচ করেছে। দলটির সহকারী সেক্রেটারি জেনারেল এবং নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব আবদুল হালিম সমকালকে বলেছেন, শরিকদের সাধ্য অনুযায়ী সহায়তা করা হচ্ছে। নেতাকর্মীরা শরিক প্রার্থীদের পক্ষে রয়েছেন।

তবে জামায়াতের নির্বাচন পরিচালনা কমিটির একজন সদস্য বলেছেন, মূল অভিযোগ আর্থিক সহযোগিতা না করা। অন্য দলের প্রার্থীরা টাকা চেয়ে যোগাযোগ করেছেন। কিন্তু জামায়াতকে দলীয় প্রার্থীদের ব্যয় মেটাতে হিমশিম খেতে হচ্ছে। তাই চাইলেও সহযোগিতা করা যাচ্ছে না।

টাকার সংকটে এনসিপি

এনসিপির নির্বাচন পরিচালনা কমিটির একাধিক সদস্য বলেছেন, গুজব রটেছে, জামায়াত প্রতি আসনে দেড় কোটি টাকা করে দিচ্ছে শাপলা কলির প্রার্থীদের। কিন্তু বাস্তবতা হচ্ছে, এনসিপির কাউকে এক টাকাও দেওয়া হয়নি। কারও অনুদান চাইলে বলা হচ্ছে, জামায়াত টাকা দিয়েছে আর কেন সহায়তা দরকার। কিন্তু বাস্তবতা ভিন্ন। এ পরিস্থিতিতে অন্তত ১৮টি আসনের প্রার্থীরা ঠিকমতো প্রচার চালাতে পারছেন না। নির্বাচনী প্রচারসামগ্রী দিতে পারছেন না।

এনসিপির নির্বাচন পরিচালনা কমিটির সদস্যরা জানান, কয়েক দিন পরপর দলীয় প্রার্থীদের এক-দুই লাখ টাকা করে দেওয়া হচ্ছে। এটা প্রয়োজনের তুলনায় সামান্য। আবার প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা মাঠে দিনে ১০ লাখ টাকা খরচ করছে। ফলে ভোটের মাঠে টেকা যাচ্ছে না।

এনসিপির একজন প্রার্থী ওই প্রতিবেদক জানান, ১৩০টি নির্বাচনী কার্যালয় করার সুযোগ রয়েছে তাঁর আসনে। কিন্তু ৩০-৩২টি করতে পেরেছেন। টাকার অভাবে বাকি ওয়ার্ডগুলোতে কার্যালয় নেই। যেসব কার্যালয় করা ৮-এর পৃষ্ঠায় দেখুন

বিভিন্ন স্থানে পোস্টার ও রঙিন ব্যানারের ছড়াছড়ি

বাংলাদেশে নির্বাচনি আচরণবিধি লঙ্ঘনের হিড়িক

- গত ২২ দিনে ইসিতে বিধি লঙ্ঘনের ২১৩ সুনির্দিষ্ট তথ্য, মামলা ১৩৭টি
- দলগুলোর অসহিষ্ণু মনোভাবের কারণে আচরণবিধি লঙ্ঘনের ঘটনা ঘটছে -বদিউল আলম মজুমদার
- অভিযোগের বিষয়ে ব্যবস্থা নেওয়া হচ্ছে -আনোয়ারুল ইসলাম সরকার

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশে নির্বাচনি আচরণবিধি লঙ্ঘনের হিড়িক পড়ে গেছে। ভোটগ্রহণের সময় যতই ঘনিয়ে আসছে, বিধি লঙ্ঘনের ঘটনাও ততই বাড়ছে। বিভিন্ন সংসদীয় আসনে পোস্টারের ছড়াছড়ি দেখা যাচ্ছে। ব্যবহার করা হচ্ছে রঙিন ব্যানারও। ঢাকা-৫ ও ঢাকা-৮ আসনে এখনো রঙিন পোস্টার দেখা যাচ্ছে। এছাড়া বিধি লঙ্ঘন করে প্রার্থী ও তাদের সমর্থকদের প্রচারণায় বাধা দেওয়ার ঘটনাও ঘটছে। নির্বাচন কমিশনের (ইসি) 'রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা' অনুযায়ী এবার নির্বাচনে পোস্টার ব্যবহার পুরোপুরি নিষিদ্ধ। ব্যানার ও ফেস্টুন হবে সাদা-কালো রঙের। আচরণ বিধি লঙ্ঘনে জেল, জরিমানা ছাড়াও প্রার্থিতা বাতিলের বিধান রয়েছে।

নির্বাচন বিশ্লেষকদের মতে, প্রচারের শেষ সময়ে আচরণবিধি লঙ্ঘনের ঘটনা আরও বাড়তে পারে। এ অবস্থা রোধে নির্বাচন কমিশনকে (ইসি) দৃশ্যমান পদক্ষেপ নিতে হবে। আইনশৃঙ্খলা বাহিনীর কার্যক্রম আরও জোরদার করতে হবে বলেও তারা মনে করেন।

ইসি সূত্রমতে, ৮ জানুয়ারি থেকে গত বৃহস্পতিবার পর্যন্ত সারা দেশে আচরণবিধি লঙ্ঘনের ২১৩টি সুনির্দিষ্ট তথ্য পাওয়া গেছে। এসব ঘটনায় ১৩৭টি মামলা হয়েছে। ১৩ লাখ ৯৪ হাজার ৩০০ টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া নির্বাহী ম্যাজিস্ট্রেট ও নির্বাচনি অনুসন্ধান এবং বিচারিক কমিটিও কাজ করছে। সর্বশেষ গত বৃহস্পতিবার ২১টি সংসদীয় আসনে আচরণবিধি লঙ্ঘনের ঘটনায় ১৮টি মামলা দায়ের করা হয়েছে। জরিমানা করা হয়েছে এক লাখ ৭০ হাজার টাকা। এছাড়া পোস্টার না ছাপাতে প্রেসগুলোকে নির্দেশনা দিয়েছে ইসি।

আচরণবিধি লঙ্ঘনের বিষয়ে জানতে চাইলে নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকার বলেন, আচরণবিধি প্রতিপালন দেখভালে প্রতিটি উপজেলা বা থানায় দুজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং প্রতিটি আসনে নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি কাজ করছে। পাশাপাশি আমাদের কাছে যেসব অভিযোগ আসছে, সেগুলোর বিষয়ে ব্যবস্থা নেওয়া হচ্ছে। একটি অবাধ, সুন্দর ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনে যা যা করার তা সবই করা হচ্ছে।

তবে ইসিকে আরও কঠোর ও দৃশ্যমান পদক্ষেপ নেওয়ার পরামর্শ দিয়েছেন সাবেক নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের চেয়ারম্যান ও সুশাসনের জন্য নাগরিক-সুজন সম্পাদক ড. বদিউল আলম মজুমদার। তিনি বলেন, সারা দেশে আচরণবিধি লঙ্ঘনের ঘটনা দেখা যাচ্ছে। সামনের দিনে এ ধরনের ঘটনা আরও বাড়তে পারে। এর জন্য দায়ী বড় রাজনৈতিক দলগুলোর অসহিষ্ণু মনোভাব। কারণ তাদের দলের প্রার্থীরা যে কোনো মূল্যে সংসদ-সদস্য নির্বাচিত হতে চান, ক্ষমতায় যেতে চান। তবে দুঃখজনক হলো, ইসিকে কঠোর পদক্ষেপ নিতে দেখা যাচ্ছে না।

সরেজমিন দেখা গেছে, ঢাকা-৮ আসনের মালিবাগ মোড়, শান্তিনগর, কাকরাইল ও মতিঝিল এলাকার রাস্তার মোড়ে মোড়ে বিশালাকৃতির রঙিন সাইনবোর্ড ঝুলছে। বিশেষ করে নাইটিঙ্গেল মোড় থেকে ফকিরাপুল পর্যন্ত সড়কের দুই পাশে সারি সারি রঙিন সাইনবোর্ড পথচারীদের চোখ এড়াচ্ছে না। মতিঝিলের জনতা ব্যাংকের প্রধান কার্যালয়ের নিচেও দেখা গেছে একাধিক রঙিন ব্যানার। এসব প্রচার ব্যবস্থায় বিএনপির প্রার্থী মির্জা আব্বাস ও জাতীয় নাগরিক পার্টির প্রার্থী নাসীরুদ্দীন পাটওয়ারীর ছবি ও প্রতীক দেখা গেছে। মতিঝিল শাপলা চত্বরের চারপাশে সরকারি স্থাপনা, এমনকি পুলিশ বক্সে ওপরও শোভা পাচ্ছে শাপলা কলি প্রতীকের রঙিন ব্যানার। একই ৮-এর পৃষ্ঠায় দেখুন

কেউ সন্ত্রাস করলে সমান জবাব দেবেন: জামায়াত আমির

বাংলা পত্রিকা ডেস্ক: জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, ১৮ কোটি মানুষের মুক্তি যতদিন নিশ্চিত না হবে, ততদিন ২৪-এর আন্দোলন চলবে। ২৪ শেষ হয়ে যায়নি। দলীয় নেতাকর্মীদের উদ্দেশে তিনি বলেন, জেগে থাকবেন, পাহারা দেবেন, নির্বাচন নিয়ে কেউ সন্ত্রাস করলে আল্লাহর ওপর ভরসা করে সমান জবাব দেবেন। অবশ্য জবাব দেওয়ার আগে যথাযথ কর্তৃপক্ষকে অবগত করবেন। যদি দেখেন প্রশাসন কিছু করছে না এবং সন্ত্রাসীদের অভয়াশ্রম হয়ে যাচ্ছে, তখন আপনার ওপর ওয়াজিব হয়ে যাবে তা প্রতিহত করার। রোববার দুপুরে শেরপুর শহরের পৌর দারোগ আলী মাঠে ১১ দলীয় জোটের নির্বাচনি জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ডা. শফিকুর রহমান আরও বলেন, যে দলের নেতারা হাসিমুখে ফাঁসির তক্তার ওপর দাঁড়াতে পারেন, তাদের ধৈর্যের পরীক্ষা নেবেন না। আমরা আপনাদের অনুনয়বিনয় করছি-মা-বোনদের গায়ে হাত দেবেন না। হাত উঠলে বাংলাদেশ বিস্ফোরিত হবে। মায়ের সন্তানরা গালে হাত দিয়ে বসে থাকবে না। তিনি বলেন, 'উই ওয়ান্ট জাস্টিস' বলে যে যুবকরা রাস্তায় নেমে আসছিল, তারা কাউকে ছেড়ে কথা বলবে না। ২৪ এখনো চলছে? ২৪ চলবে, যতক্ষণ না ১৮ কোটি মানুষের মুক্তি নিশ্চিত না হবে। সবাই জেগে থাকবেন। যুবকদের দেশ চালানোর যোগ্যতা অর্জনের আহ্বান জানিয়ে তিনি বলেন, আমাদের যুবসমাজ তাদের যোগ্যতা অনুযায়ী মর্যাদার কাজ হাতে পেতে চায়। আল্লাহ আমাদের নির্বাচিত করলে যোগ্যতা অনুযায়ী যুবকদের হাতে কাজ তুলে দিয়ে বলব, তোমরাই বাংলাদেশ। আমরা যুবকদের হাতে এ বাংলাদেশ তুলে দিতে চাই। তোমরা তৈরি হয়ে যাও। তিনি বলেন, যুবকরা রাস্তায় নেমেছিল কাজের অধিকার চাইতে। তোমরা কি মিছিল করে বলেছিলে, আমরা বেকার ভাতা চাই! বেকার ভাতা দিয়ে আমরা যুবসমাজকে অপমান করতে চাই না। বাংলাদেশের ভার তোমাদেরই বহন করতে হবে।

নারীদের উদ্দেশে ডা. শফিকুর রহমান বলেন, আমরা আপনাদের জন্য তিনটি জায়গায় দুটি কাজ করব। কাজ দুটি হলো- নিরাপত্তা ও সম্মান; আর জায়গা তিনটি হলো-ঘর, চলাচল ও কর্মস্থল। এ নিয়ামত আপনাদের হাতে তুলে দেব। সমালোচকদের জবাবে তিনি বলেন, বলা হয়-আমরা আপনাদের (নারী) বন্দি করে রাখব। আল্লাহর রাসুল মায়েদের যুদ্ধের ময়দানে যোদ্ধা হিসাবে নিয়ে গেছেন। আমি কে আমার মাকে ঘরে বন্দি রাখার! তিনি বলেন, আমরা দেখব না, সেই মা কোন ধর্মের। দেখব তার যোগ্যতা ও দেশপ্রেম আছে কি না। ধর্ম-বর্ণের ভেদাভেদ আমরা করব না। এ দেশ মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ধর্মের মানুষের। সর্বধর্মের মানুষকে একত্রিত করে ফুলের বাগান সাজাতে চাই। এক জাতের গাছ দিয়ে বাগান হয় না। জোর করে একের ধর্ম আরেকজনের ওপর চাপানোর অধিকার আমাদের নেই।

ডা. শফিকুর রহমান আরও বলেন, রাজনৈতিক দল হিসাবে আমরা ছিলাম মজলুম। আমাদের নিবন্ধন কেড়ে নেওয়া হয়েছিল। আমাদের নিষিদ্ধ করে দেওয়া হয়েছিল। পতনের চার দিন আগে আমরাও নিষিদ্ধ হয়েছিলাম। পঞ্চম দিনে আল্লাহ তার সিদ্ধান্ত বাস্তবায়ন করেছেন। ২৪ পরিবর্তন আনলেও আমরা উচ্ছ্বাস প্রকাশ করিনি, রাস্তায় মিছিল করিনি, স্লোগান দিইনি। আল্লাহর দরবারে সিজদা দিয়ে শুকরিয়া আদায় করেছি। তিনি বলেন, আমরা কারও ওপর থেকে দলীয়ভাবে কোনো প্রতিশোধ নেব না। তবে ব্যক্তি বা কোনো পরিবার বিচার চাইলে আমরা তাদের পূর্ণ সহযোগিতা করব।

জামায়াতের আমির শফিকুর বলেন, আমরা বলে ১২-এর পৃষ্ঠায় দেখুন

মদ্যপ চালকের গাড়িচাপায় প্রাণ গেল অফ-ডিউটি পুলিশ কর্মকর্তার

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের লং আইল্যান্ডে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন নাসাউ কাউন্টির এক অফ-ডিউটি নারী পুলিশ কর্মকর্তা। অভিযোগ, লাল বাতি অমান্য করে মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর সময় সংঘর্ষের ঘটনাটি ঘটে।



স্থানীয় পুলিশ ও ইউনিয়ন সূত্র জানায়, শনিবার ভোরে সাফোক কাউন্টিতে এই দুর্ঘটনায় নিহত হন নাসাউ কাউন্টি পুলিশ কর্মকর্তা প্যাট্রিসিয়া এসপিনোসা (৪২)। সকাল ছয়টার দিকে তিনি রুট ৩৪৭ ধরে পশ্চিমমুখী যাচ্ছিলেন, স্মিথ হ্যাভেন মলের কাছে পৌঁছালে একটি পিকআপ ট্রাক লাল বাতি অমান্য করে তার গাড়িতে সজোরে ধাক্কা দেয়।

পুলিশ জানায়, এসপিনোসা একটি ২০১৯ মডেলের আলফা রোমিও চালাচ্ছিলেন। অপর গাড়িটি– ২০১৭ মডেলের শেভ্রোলেট সিলভারাডো– চালাচ্ছিলেন হাউপগের বাসিন্দা ২০ বছর বয়সী ম্যাথিউ স্মিথ। সংঘর্ষের পর গুরুতর আহত অবস্থায় এসপিনোসাকে স্টোনি ব্রুক ইউনিভার্সিটি হাসপাতালে নেওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

তদন্তকারীরা জানান, অভিযুক্ত চালক স্মিথ ও তার ২৫ বছর বয়সী এক যাত্রীও আহত হন এবং তাদের একই হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়। তবে তাদের আঘাত প্রাণঘাতী নয়। পুলিশ স্মিথের বিরুদ্ধে ড্রাইভিং হোয়াইল ইনটক্সিকেটেড অভিযোগে মামলা করেছে।

নাসাউ কাউন্টি এক্সিকিউটিভ ব্রুস ব্লেকম্যান নিহত কর্মকর্তার স্মরণে সোমবার থেকে কাউন্টির সব সরকারি ভবনে অর্ধনমিত পতাকা উত্তোলনের ঘোষণা দিয়েছেন। এক শোকবার্তায় তিনি জানান, প্যাট্রিসিয়া এসপিনোসা ছিলেন ফিফথ প্রিসিঙ্কটের একজন প্রিয় ও সম্মানিত সদস্য।

নাসাউ পুলিশ বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশনের (পিবিএ) সভাপতি টমি শেভলিন বলেন, "মদ্যপ চালকের কারণে সংঘটিত এই সহিংস দুর্ঘটনায় অফিসার প্যাট্রিসিয়া এসপিনোসার মৃত্যু আমাদের বিভাগ, কাউন্টি এবং পুরো কমিউনিটির জন্য অপূরণীয় ক্ষতি।"

তিনি আরও জানান, এসপিনোসা একটি আইনশৃঙ্খলা বাহিনীর পরিবারের সদস্য ছিলেন। তার স্বামী ফ্রান্সিসকো মালাগা এবং দুই ভাই ক্রিশ্চিয়ান ও ডেভিড আলমেইদা তিনজনই পুলিশ কর্মকর্তা। তিনি রেখে গেছেন দুই বছর বয়সী কন্যা মিয়া।

পুলিশ জানিয়েছে, দুর্ঘটনা নিয়ে তদন্ত চলছে এবং আদালতে অভিযুক্তের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার প্রস্তুতি চলছে।

কাজের প্রলোভনের দিয়ে

রাশিয়া-ইউক্রেন যুদ্ধে ঠেলে দেওয়া হচ্ছে বাংলাদেশিদের

বাংলা পত্রিকা ডেস্ক: বিদেশে কাজের স্বপ্ন দেখিয়ে রাশিয়ায় নেওয়া হয় বাংলাদেশি শ্রমিকদের। বলা হয়েছিল বেসামরিক চাকরির কথা– কিন্তু সেখানে পৌঁছানোর পর তাদের হাতে ধরিয়ে দেওয়া হয় অস্ত্র। ইউক্রেন যুদ্ধে ফ্রন্টলাইনে পাঠানো হয় জোরপূর্বক। সম্প্রতি অ্যাসোসিয়েটেড প্রেস-এপি'র এক অনুসন্ধানে উঠে এসেছে ভয়াবহ এই মানবপাচার ও প্রতারণার চিত্র।

বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের লক্ষ্মীপুর গ্রামের প্রায় প্রতিটি পরিবারই কোনো না কোনোভাবে বিদেশগামী শ্রমিকের ওপর নির্ভরশীল। সেই বাস্তবতাকে পুঁজি করেই কাজের প্রলোভন দেখিয়ে রাশিয়ায় নিয়ে যাওয়া হয়েছে বহু বাংলাদেশি যুবককে। কিন্তু সেখানে গিয়ে তারা বুঝেছেন তাদের গন্তব্য ছিল না কোনো কারখানা, রান্নাঘর বা পরিচ্ছন্নতা বিভাগ; বরং সরাসরি যুদ্ধক্ষেত্র।

৩১ বছর বয়সী মাকসুদুর রহমানের গল্প সেই ভয়াবহ বাস্তবতার প্রতীক। মালয়েশিয়ায় কাজ শেষে দেশে ফিরে নতুন চাকরির খোঁজে ছিলেন তিনি। এক দালাল তাঁকে রাশিয়ায় পরিচ্ছন্নতাকর্মীর চাকরির প্রস্তাব দেয়। মাসে এক থেকে দেড় হাজার ডলার বেতনের আশ্বাসে এবং স্থায়ী বসবাসের স্বপ্নে তিনি ধার করে দালালকে দেন প্রায় ১২ লাখ টাকা। ২০২৪ সালের ডিসেম্বরে পৌঁছান মস্কোতে।

কিন্তু সেখানে পৌঁছানোর কয়েক দিনের মধ্যেই তাঁকে ও অন্য বাংলাদেশিদের রুশ ভাষায় লেখা কাগজে সই করানো হয়– যা পরে জানা যায় সামরিক চুক্তি। এরপর অস্ত্র হাতে প্রশিক্ষণ, ড্রোন যুদ্ধ কৌশল, আহত সেনা উদ্ধার– সবই শুরু হয়। আপত্তি জানালে রুশ কমান্ডারের সাফ কথা ছিল, "তোমার এজেন্ট তোমাকে এখানে বিক্রি করেছে। আমরা তোমাকে কিনেছি।"

মাকসুদুর রহমান জানান, বাংলাদেশিদের অনেক সময় রুশ সেনাদের সামনে এগিয়ে দেওয়া হতো। বাঙ্কারে খোঁড়াখুঁড়ি, রসদ বহন, মৃতদেহ উদ্ধার সবচেয়ে ঝুঁকিপূর্ণ কাজগুলো তাদের দিয়েই করানো হতো। অমানবিক আচরণ, মারধর আর দীর্ঘ কারাদণ্ডের হুমকি ছিল নিত্যদিনের সঙ্গী।

একই অভিজ্ঞতার কথা বলেন ২৯ বছর বয়সী মোহান মিয়াজি। তিনি রাশিয়ার দূরপ্রাচ্যে একটি গ্যাস কারখানায় ইলেকট্রিশিয়ানের কাজ নিয়ে গিয়েছিলেন। পরে অনলাইনে যোগাযোগ করা হয় রুশ সেনাবাহিনীর পক্ষ থেকে। বলা হয়, যুদ্ধ নয়– ড্রোন বা ইলেকট্রনিক ইউনিটে কাজ। কিন্তু বাস্তবে তাঁকে নেওয়া হয় ইউক্রেনের দখলকৃত শহর আভদিভকায়। সেখানে অস্বীকৃতি জানালে শাবল দিয়ে পেটানো, হাতকড়া পরিয়ে নির্যাতন আর অন্ধকার কক্ষে বন্দি করে রাখা হয়।

এপি'র অনুসন্ধানে দেখা গেছে, এভাবে প্রতারিত হয়ে শত শত বাংলাদেশিকে ইউক্রেন যুদ্ধে ব্যবহার করা হয়েছে। কতজন নিহত হয়েছেন, তার সুনির্দিষ্ট হিসাব নেই। তবে বাংলাদেশি তদন্তকারীদের ধারণা, অন্তত ৪০ জন বাংলাদেশি এই যুদ্ধে প্রাণ হারাতে পারেন।

লক্ষ্মীপুরে অপেক্ষায় আছে নিখোঁজদের পরিবার। সালমা আক্তারের স্বামী আজগর হোসেন ২০২৪ সালের ডিসেম্বরে রাশিয়ায় যান লড্রি অ্যাটেনডেন্টের চাকরির আশ্বাসে। শেষবার ফোনে স্ত্রীকে জানান, তাঁকে যুদ্ধক্ষেত্রে নেওয়া হচ্ছে। তারপর থেকে আর কোনো খবর নেই। তাঁর শেষ বার্তা ছিল "আমার জন্য দোয়া করো।"

আরও হৃদয়বিদারক মোহাম্মদ সিরাজের গল্প। তাঁর ২০ বছর বয়সী ছেলে সাজ্জাদ রাশিয়ায় বাবুর্চির কাজ করতে গিয়েছিলেন। পরে জানা যায়, ৮-এর পৃষ্ঠায় দেখুন

আমার সন্তানের শিক্ষা সম্পর্কে আমি বাংলায় অবহিত হতে পারি কি?

Can I be informed about my child's education in Bangla?

NYC Public Schools

Delivering for you. Every day. Everywhere.

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলো আপনার ভাষায় কথা বলে!

NYC Public Schools Speak Your Language!

আপনার প্রয়োজন অনুযায়ী সহায়তা পেতে আপনি বিনা খরচে অনুবাদ এবং দোভাষী পরিষেবার অনুরোধ করতে পারেন।

You can request free translation and interpretation services to get the help you need.

আরো জানুন | Learn more

on.nyc.gov/Hello /nycschools 311

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

মানুষকে স্বস্তি দিন

প্রত্যাশা ও বাস্তবতার মধ্যে ফারাক অনেক বেশি। বিগত সরকারের শাসনামলে গুমসহ নানা ধরনের মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটেছে বাংলাদেশে। অনেক রক্তের বিনিময়ে সেই অপশাসনের অবসান ঘটেছে। কিন্তু পরিস্থিতির তেমন কোনো উন্নতি হয়নি, বরং কিছু ক্ষেত্রে আরো অবনতি হয়েছে।

মব সন্ত্রাস, হেফাজতে নির্যাতন ও মৃত্যু, নির্বিচারে মামলা দেওয়া ও জামিন না হওয়া, নারীদের হেনস্তার মতো ঘটনাগুলো এখনো সমাজ-বিবেককে পীড়া দিচ্ছে। মানবাধিকার লঙ্ঘনের প্রায় সব সূচকের অবনতি দুর্বল মানবাধিকার পরিস্থিতিই নির্দেশ করে।

গত শনিবার রাজধানীর বাংলাদেশ ইনস্টিটিউট অব ল অ্যান্ড ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স (বিলিয়া) আয়োজিত 'বাংলাদেশে মানবাধিকারের পরিস্থিতি : একটি পর্যালোচনা' শীর্ষক সিম্পোজিয়ামে আলোচকরা বলেন, অন্তর্বর্তী সরকার শুরুতে কিছু ইতিবাচক পদক্ষেপ নিলেও সামগ্রিকভাবে মানবাধিকার পরিস্থিতি নিয়ে উদ্বেগ রয়েই গেছে। গুমসংক্রান্ত তদন্ত কমিশনের সভাপতি হাইকোর্ট বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মইনুল ইসলাম চৌধুরীর অনুপস্থিতিতে তাঁর লিখিত মূল প্রবন্ধটি পড়ে শোনান গুম কমিশনের আরেক সদস্য হাইকোর্ট বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. ফরিদ আহমেদ শিবলী।

প্রবন্ধে বলা হয়, গুমের শিকার ব্যক্তিদের জড়িয়ে হাজার হাজার বানোয়াট মামলার নিষ্পত্তিই এখন বিচার বিভাগের জন্য বড় চ্যালেঞ্জ। জাতীয় গুম কমিশনের আরেক সদস্য মানবাধিকারকর্মী নূর খান বলেন, 'হেফাজতে নির্যাতন ও হত্যার ঘটনা, মব তৈরি করে মানুষকে হেনস্তা, চাঁদাবাজি ও দখলবাজির মতো কাজগুলো কিন্তু আমরা এখনো প্রত্যক্ষ করছি।'

অন্যদিকে বিভিন্ন পরিসংখ্যানে উঠে আসছে, মব সন্ত্রাস বা গণপিটুনিসহ মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো না কমে বরং আরো বাড়ছে। শনিবার প্রদত্ত মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের (এমএসএফ) জানুয়ারি মাসের প্রতিবেদনে বলা হয়, দেশে চলতি বছরের জানুয়ারি মাসে অন্তত ২৯টি গণপিটুনির ঘটনায় ২১ জন নিহত হয়েছেন।

গুরুতর আহত হয়েছেন ২৬ জন। এ মাসে মানবাধিকার লঙ্ঘন বেড়েছে প্রায় সব সূচকে। গত ডিসেম্বরের চেয়ে জানুয়ারিতে ১১ জন বেশি নিহত হয়েছেন। ডিসেম্বর মাসে গণপিটুনিতে নিহত হয়েছিলেন ১০ জন। একই সঙ্গে ডিসেম্বর মাসের চেয়ে আহতের সংখ্যা ২৪ থেকে বেড়ে ২৬ হয়েছে।

এমএসএফের তথ্য মতে, সংখ্যালঘু নির্যাতনের ঘটনা ডিসেম্বর মাসে ছিল ছয়টি, যা জানুয়ারিতে বেড়ে ২১টি হয়েছে। জানুয়ারি মাসে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর হেফাজতে দুজনের মৃত্যু এবং কারা হেফাজতে ১৫ বন্দির মৃত্যু হয়েছে। নির্যাতনে আরো দুজনের মৃত্যুর অভিযোগ রয়েছে। বেড়েছে অজ্ঞাতপরিচয় লাশ উদ্ধারের ঘটনাও।

আমরা আশা করি, মানবাধিকার লঙ্ঘনের ঘটনা নিয়ন্ত্রণে প্রশাসন কার্যকর পদক্ষেপ নেবে। মানুষকে ভীতিকর অবস্থা থেকে মুক্তি দেওয়া হবে।



আব্রাহাম লিংকন ও মার্টিন লুথার কিং-এর দেশে এক মাস

শেষ পৃষ্ঠায় পর

অপেক্ষা করছিলেন। ঢাকায় আড়ং থেকে আমরা বেশকিছু উপহার সামগ্রী কিনে এনেছিলাম। সেখান থেকে কিছু সামগ্রী সাথে করে নিয়ে গেলাম। প্রাথমিক পরিচয় পর্ব অভ্যর্থনা কক্ষেই হয়ে গেল। ভদ্রলোক পেশায় একজন চিকিৎসক। মধ্যবয়সী। ভদ্রমহিলা একজন আইনজীবী। ভদ্রলোক নিজেই গাড়ি চালিয়ে এসেছেন। আমি এবং মনজুর পেছনে বসলাম। তাঁরা দু'জন সামনের আসন গ্রহণ করলেন।

নির্মল সকাল। আমাদের হেমন্তের মতো আবহাওয়া। তখনো অনতিউচ্চ পাহাড়ের কোলে কোলে কুয়াশার হালকা চাদরের নিচে প্রকৃতি ঘুমিয়ে। জনকোলাহল তেমন একটা চোখে পড়ল না। মৃদুমন্দ গতিতে ভদ্রলোক আয়েশ করে গাড়ি চালাচ্ছেন। সাদা-লালের মিশ্রণ ভদ্রলোকের গায়ের ত্বক। সুস্বাস্থ্যের অধিকারী। বলিষ্ঠ হাতে স্টিয়ারিং আলতো করে ধরে আছেন। গাড়ি চালানোর এই ঢংটা আমার ভাল লাগল। কোন দুশ্চিন্তা নেই দুর্ঘটনা ঘটার। সবাই ট্রাফিক আইন কঠোরভাবে প্রতিপালন করছেন। আধাঘণ্টার মতো গাড়ি চলার পর আমরা লক্ষস্থলে এসে পৌঁছালাম। কিছুটা ফাঁকা এলাকা। বুঝা যাচ্ছে শহরতলী। শহরের সব সুযোগ-সুবিধা আছে। সামনে সুপ্রশস্ত পাকা সড়ক। দু'চারটে গাড়ির আনাগোনা। রাস্তার এক পাশে একটু ভেতরে তাঁদের বাসগৃহ। মূল সড়ক থেকে অপেক্ষাকৃত আরেকটি সরু সড়ক তাঁর গাড়ি বারান্দা পর্যন্ত বিস্তৃত। এই সড়কটুকুকে মনোরম এবং সৌন্দর্য শোভায় মণ্ডিত করার জন্যে দু'পাশে বাহারী রঙের ফুলের গাছ লাগিয়েছেন। এছাড়া বাড়ির চারপাশে ঘন সবুজ গাছের ছড়াছড়ি। সত্যি মনটা এক অজানা আনন্দে ভরে উঠল। দরোজার মুখেই দুই মেয়ে দাঁড়িয়ে। সঙ্গে তাঁদের স্বামী। বাচ্চারা। আমরা ঢোকার সঙ্গে সঙ্গে তাঁরা সমস্বরে বলে উঠলেন, "Welcome respected guests to our house and we are greatful to receive both of you." আমি একটা বাচ্চাকে কোলে তুলে নিয়ে আদর করলাম। বাচ্চাটার মাথায় কোঁকড়ানো লালচে চুল। ফোলা ফোলা দুই গাল, বেশ আদুরে চেহারা। তাকে কোল থেকে নামিয়ে অন্য বাচ্চাদের সঙ্গে করদর্মন করে প্রতি জবাব দিলাম। সত্যি আমরা অভিভূত। প্রথমেই আমাদের বিশ্রাম কক্ষ দেখিয়ে দেয়া হল। আমরা হাত-মুখ ধুয়ে আরো সতেজ হলাম। বাথরুমের দুটো পৃথক র‍্যাকে পাঁচতারকা হোটেলের মতো নিপাট সাদা ধবধবে তোয়ালে। হালকা সুবাস ছড়াচ্ছে। হাতে-মুখে পানি ছিটিয়ে নিলাম।

ভদ্রলোক বললেন, কি নামে ডাকব–কাদির না সিরাজুল। আমি আমার নামের প্রথম অংশ ধরে ডাকার অনুরোধ জানালাম। তিনি তথাস্তু বলে মনজুরের দিকে তাকালেন কোন প্রশ্ন না করে। মনজুর বুঝতে পেরে আমার মতো করেই জবাব দিলেন। ইংরেজি সাতবর্ণ নিয়ে গঠিত শব্দটি তাঁদের কাছে একদিনের জন্যে অতি প্রিয় হয়ে উঠল। চা পর্ব শেষ করার পর এবার আড্ডার পালা। বসার ঘরে একপাশে মাঝারি আকারের একটি এ্যাকুরিয়াম। কাঁচের দেয়ালবেষ্টিত আধারে ছোট সোনালী রঙের মাছগুলো জলকেলী করছিল। আমি দাঁড়িয়ে দাঁড়িয়ে ওদের এই নির্মল খেলা উপভোগ করছিলাম। আমার পাশ ঘেঁষে একটি বাচ্চা এসে দাঁড়াল। আমাকে লক্ষ করে বলল, "সিরাজুল আপনি কি বলতে পারেন এরমধ্যে কোন মাছটি ছেলে আর কোনটি মেয়ে?" তার এই মজার প্রশ্নে আমি বেশ কৌতূহল বোধ করলাম। চট করে বইয়ে পড়া মজার মজার গল্প থেকে উত্তরটা খুঁজে নিলাম। আমার এই ভঙ্গি দেখে ও বেশ মজা পেল। আমার চিন্তিত মুখ দেখে বাচ্চাটার আনন্দ আর ধরে না। বিদেশী এই অতিথিকে সে ভাবিয়ে তুলতে পেরেছে। আমি ওকে খুব কাছে টেনে নিয়ে বললাম–"দেখ ঐ মাছটার দিকে তাকাও।" সুনির্দিষ্ট একটা মাছকে দেখিয়ে বললাম, "ওটাই মেয়ে মাছ।" ওর কৌতূহল আরো বেড়ে গেল। "কিভাবে, কিভাবে আপনি বুঝলেন?" বললাম, "দেখ ঐ মাছটা ঘন ঘন মুখ নাড়ছে। অর্থাৎ ও বেশ কথা বলছে। আর মেয়েরা তো একটু বেশি কথা বলে।" ঘরভর্তি হাসির রোল। আমি এবার চারদিক তাকিয়ে দেখি ঘরের সব সদস্য আমাদের চারপাশে দাঁড়িয়ে বয়সে অসামঞ্জস্যপূর্ণ এই দুই বন্ধুর সখ্য সম্পর্ক প্রত্যক্ষ ও উপভোগ করছেন।

চায়ের টেবিলেই ভদ্রলোক এক এক করে ঘরের সকল সদস্যের সঙ্গে পরিচয় করিয়ে দিলেন। দুই মেয়ে, তাঁদের স্বামী। ওরা কেউ এখানে থাকেন না। শহরের অন্য দুই প্রান্তে থাকেন। তবে আমাদের আগমন উপলক্ষে তাঁরা এসেছেন।

নিজ গৃহ এবং গৃহের আশপাশ ঘুরিয়ে ঘুরিয়ে দেখালেন। আমি বললাম, 'এই চর্চা



আমাদের বাংলাদেশের মানুষের মধ্যেও আছে। নিকটবন্ধু, অতি আপনজন বেড়াতে এলে আমরাও ঘর ঘুরিয়ে দেখাই।' 'হ্যাঁ তাইতো সকল মানুষের সৃষ্টি তিনি তো একজনই। ঈশ্বর, আল্লাহ, ভগবান যাই বলুন না কেন।' আমি তাঁর কথায় সায় দিলাম।

এক সময় তিনি আমাদের তাঁদের নিজস্ব পাঠাগারে নিয়ে গেলেন। প্রচুর বইয়ের সমারোহ। আইন পেশা ও চিকিৎসা পেশার পাশাপাশি বিশ্বের শ্রেষ্ঠ গ্রন্থমালায় সজ্জিত পাঠাগার। কম করে হলেও দুই হাজার গ্রন্থ রয়েছে। লিউ টলস্টয়ের সেরা গল্পের সমাহার দেখলাম। বইটা হাতে তুলে নিতেই চিকিৎসক স্ত্রী আইনজীবী বললেন, 'আপনি কি লিউ টলস্টয়ের বিখ্যাত ছোটগল্প "How Much Land Does a Man Need?" পড়েছেন?' আমি হ্যাঁ সূচক জবাব দিয়ে বললাম, 'এই গল্পে এক লোভী মানুষের করুণ পরিণতি বিবৃত। এই গল্প ১৮৮৬ সালে লেখা। তিনি ছিলেন একজন কৃষক। নাম তাঁর পাহম (Pahom). ঐ সময় থেকেই এই গল্পটি বিশ্বসাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ গল্প হিসেবে স্বীকৃত ও খ্যাত।'

টলস্টয়ের সেরা গল্প বইয়ের পাতা অলক্ষ্যে উল্টে যাচ্ছিলাম। কয়েকটি গল্পের কিছু কিছু জায়গায় উদ্ধৃতির নিচে রেখা টানা। যেমন এক জায়গায় লেখা দেখলাম : "যা সত্যি তা শুধু খোদাই জানতে পারেন! তাঁর কাছেই আমরা মোনাজাত করতে পারি এবং দয়া ভিক্ষে করতে পারি।" আরেক জায়গায় দেখলাম লেখা রয়েছে : "একটি মাত্র সময় আছে যা সবচেয়ে দরকারি। সে সময়টা হল – এখন অর্থাৎ বর্তমান সময়। একমাত্র সময় যার উপর আমাদের পুরোপুরি হাত আছে। অতীতের উপরেও আমাদের হাত নেই, ভবিষ্যতের উপরেও নেই।"

আরেকটি গল্পের একটি অংশ : "অন্যের দোষ তোমার চোখের সামনে কিন্তু নিজের দোষ সবই আড়ালে। ... অন্যের দোষ ঢেকে রাখলে খোদা তোমার দ্বিগুণ দোষ ক্ষমা করবেন।"

"শিশুর মতো সরল যে হতে পারে না, তার ঠাঁই কখনো বেহেস্তে হবে না।"

আমি বললাম, 'আপনারা দু'জন খুবই ব্যস্ত পেশায় নিয়োজিত। কিভাবে বই পড়ার সময় বের করেন।' তাঁরা একযোগে জবাব দিলেন, 'আমাদের অবসর আর ছুটির দিনের একটা বড় সময় কাটে পড়ার ঘরে। আমাদের নাতি-নাতনিদের মধ্যে বই পড়ার অভ্যাস ছড়িয়ে দিতে চাইছি।'

দুপুরের খাবারের ডাক পড়ল। টেবিলে নানা খাবারের সমাহার। ভদ্রলোক প্রার্থনা করলেন এভাবে: "হে ঈশ্বর, প্রভু আমাদের। তুমি কত মহৎ, দয়ালু। এই পৃথিবীতে কত শত মানুষ আহার জুটাতে না পেরে সংগ্রাম করছেন, জীবন দিচ্ছেন। আর আজ আমাদের তুমি শক্তি দিয়েছো নিজেদের খাবার, সেই সঙ্গে দুই বিশিষ্ট মেহমানের। তোমার কাছে আমরা চিরকৃতজ্ঞ। আমিন।" প্রার্থনা শেষে আমি বললাম, 'এই রীতিটি আমাদের মুসলমানদের মধ্যেও রয়েছে। আমরা বলি, বিসমিল্লাহি ওয়া আলা বারাকা তিল্লাহ। অর্থাৎ হে মহান রাব্বুল আলামিন, তোমার নামে এবং তোমার দয়া ও কৃপায় আহার গ্রহণ শুরু করলাম। তুমি কত মহৎ, কত দয়ালু।'

গল্প, আড্ডা, চা-পর্ব, রাতের খাবার, উপহার লেনদেন, পরস্পরের কল্যাণ কামনা–এভাবে এক সময় সন্ধ্যা ঘনিয়ে এলো। এবার বিদায়ের পালা। স্মৃতিতে একটি আদর্শ মার্কিন পরিবারের একটি দিন যুক্ত হল।

বাঙালি হোটেল থেকে বিদায়

যুক্তরাষ্ট্র থেকে বিদায়ের সুর বেজে উঠল। আজকেই আমাদের শেষ রাত। পৃথিবীর অন্যতম সুন্দর শহর সানফ্রান্সিসকোতে। শহরটি ছেড়ে যাওয়ার আগে আমরা বাংলাদেশী ভাইয়ের মালিকানাধীন রেস্তরাঁয় রাতের খাবার গ্রহণের সিদ্ধান্ত নিলাম। আমরা বেটি মুরকে আমাদের অতিথি হওয়ার জন্যে অনুরোধ করাতে তিনি সানন্দে সম্মতি জানালেন। ইতিমধ্যে আমাদের কাছে মার্কিন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটনের কাছ থেকে সাক্ষাৎকারের ব্যাপারে তাঁর মতামত চলে এল। আমরা সবাই এই অনুরোধের বিষয়টি ভুলে গিয়েছিলাম। তিনি তাঁর ব্যক্তিগত কর্মকর্তার মাধ্যমে চিরাচরিত পন্থায় সৌজন্যতা প্রকাশ করেছেন এবং যুক্তরাষ্ট্রে আমাদের প্রায় মাসব্যাপী সফরের সাফল্য কামনা করেছেন। তবে তিনি সাক্ষাৎকার প্রদানে অক্ষমতার কথা জানিয়ে দুঃখ প্রকাশ করেছেন। বলেছেন, তাঁর দিনের কর্মসূচিগুলো যথেষ্ট আগে থেকেই নির্ধারিত হয়ে থাকে। তিনি বর্তমানে খুব ব্যস্ত সময় কাটাচ্ছেন। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তা হিসেবে তাকে ব্যস্ত থাকতে হচ্ছে। এছাড়া যুক্তরাষ্ট্রের বাইরেও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বা জাতীয় পর্যায়ের অনুষ্ঠানে তাকে অতিথি বক্তা হিসেবে বক্তৃতা দিতে হয়। যাহোক আমরা তাঁর এই জবাবে বিশেষ করে আমি খুশি হয়েছি এই ভেবে যে, তিনি আমার অনুরোধের বিষয়টিকে আমলে নিয়েছিলেন।

হোটেল থেকে আমরা সবাই বাংলাদেশী মালিকানাধীন ঐ রেস্তরাঁর উদ্দেশ্যে রওয়ানা করলাম। সঙ্গে প্রায় এক মাসের পথপ্রদর্শক বেটি মুর আমাদের বিশেষ অতিথি। আমাদের খবর পেয়ে মালিক ছুটে এলেন। বাংলাদেশী এন্তার খাবারের আয়োজন। খাবার শেষে বিল দেয়ার পালা। কিন্তু কিছুতেই তিনি বিল গ্রহণ করবেন না। বললেন, অন্তত আজকের দিনটি আমাকে আতিথেয়তার সুযোগ থেকে বঞ্চিত করবেন না। পৃথিবীর এই এক প্রান্তে আমরা বাংলাদেশী ভাইবোনদের সাক্ষাৎ খুব একটা পাই না। তিনি আমাদের বারবার তাঁর অতিথি হয়ে দু'একদিন বেড়ানোর প্রস্তাব করলেন। বললেন, এই শহরে অনেক কিছু দেখার আছে। এর মধ্যে গোল্ডেন ব্রিজ গেট অন্যতম। আমরা তাঁর আতিথেয়তায় মুগ্ধ হয়ে বললাম, "আমাদের বাংলাদেশে ফিরে যেতে হবে। আমরা সবাই চাকরিজীবী।" তাঁর আন্তরিকতার কাছে আমরা হেরে গেলাম। আমরা বিল প্রদান থেকে নিরস্ত হলাম।

মিনিয়াপোলিসে গুলি ও মৃত্যু ঘিরে তীব্র বিতর্ক

ট্রাম্প প্রশাসনের তদন্তে অনাস্থা রিপাবলিকান সিনেটর র‍্যান্ড পলের

বাংলা পত্রিকা ডেস্ক: মিনিয়াপোলিসে ফেডারেল হোমল্যান্ড সিকিউরিটি কর্মকর্তাদের গুলিতে রেনে গুড ও অ্যালেক্স প্রেট্টির মৃত্যুকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্রজুড়ে তীব্র রাজনৈতিক বিতর্ক ও জনআস্থা সংকট তৈরি হয়েছে। ঘটনার প্রাথমিক বর্ণনা ও তদন্ত প্রক্রিয়া নিয়ে ট্রাম্প প্রশাসনের ওপর প্রকাশ্য অনাস্থা জানিয়েছেন রিপাবলিকান সিনেটর র‍্যান্ড পল। ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) ও ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস)-এর ওপর জনআস্থা পুনরুদ্ধারের আহ্বান জানিয়ে আগামী ১২ ফেব্রুয়ারি মিনিয়াপোলিসে প্রকাশ্য শুনানির ঘোষণা দিয়েছেন তিনি।

মিনেসোটার মিনিয়াপোলিসে পরপর দুই ঘটনায় দুই বেসামরিক নাগরিক নিহত হওয়ার পর যুক্তরাষ্ট্রের ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থাগুলোর ভূমিকা ও জবাবদিহি নিয়ে নতুন করে প্রশ্ন উঠেছে। সেনেট হোমল্যান্ড সিকিউরিটি কমিটির চেয়ারম্যান সিনেটর র‍্যান্ড পল প্রকাশ্যেই জানতে চান "কাকে হত্যা করা যাবে এবং কখন হত্যা করা যাবে?" তার ভাষায়, প্রশাসনের শীর্ষ পর্যায়ের কর্মকর্তারা ঘটনার শুরু থেকেই বিভ্রান্তিকর ও ভুল তথ্য দিয়েছেন।

হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি ক্রিস্টি নোয়েম অ্যালেক্স প্রেট্টিকে 'সন্ত্রাসী' হিসেবে আখ্যা দেওয়ার পরই সিনেটর পলের সন্দেহ আরও গভীর হয়। তিনি একাধিকবার ঘটনার ভিডিও ফুটেজ পর্যালোচনা করেন। তার বক্তব্য অনুযায়ী, ভিডিওতে কোথাও প্রেট্টির পক্ষ থেকে পুলিশের ওপর হামলার কোনো প্রমাণ নেই। বরং দেখা যায়, তিনি ধীরে ধীরে পিছু হটছিলেন, রাস্তার মাঝখান থেকে সরে গিয়ে একটি গাড়িকেও যেতে দেন। এক পর্যায়ে এক নারীকে জোরপূর্বক মাটিতে ফেলে দেওয়া হলে তাকে সাহায্য করতে এগিয়ে যান প্রেট্টি– ঠিক তখনই পেছন থেকে তাকে ধরে ফেলা হয় এবং কিছুক্ষণের মধ্যেই গুলি চালানো হয়।

সিনেটর পল আরও বলেন, শুধু নোয়েম নন ঘটনার পর একাধিক ফেডারেল কর্মকর্তার বক্তব্যেও গুরুতর অসঙ্গতি রয়েছে। বর্ডার প্যাট্রোল অপারেশনের কমান্ডার গ্রেগরি বোভিনো ঘটনাটিকে 'আইনশৃঙ্খলা বাহিনীর বিরুদ্ধে গণহত্যার চেষ্টা' বলে মন্তব্য করেন। এফবিআই পরিচালক কাশ প্যাটেল দাবি করেন, প্রেট্টির আগ্নেয়াস্ত্র বহনের কোনো আইনগত অধিকার ছিল না– যা মিনেসোটার অস্ত্র বহন আইন অনুযায়ী সঠিক নয়। প্রেসিডেন্টের উপদেষ্টা স্টিফেন মিলার প্রেট্টিকে 'অ্যাসাসিন' আখ্যা দেন। এসব বক্তব্যকে "ভয়াবহ ভুল, ভিত্তিহীন ও দায়িত্বজ্ঞানহীন" বলে মন্তব্য করেন সিনেটর পল।

মিনিয়াপোলিস দীর্ঘদিন ধরেই ফেডারেল অভিবাসন অভিযানে উত্তেজনাপূর্ণ একটি শহর। এটি একটি ডেমোক্র্যাট-নিয়ন্ত্রিত 'স্যানকচুয়ারি সিটি', যেখানে স্থানীয় আইন অনুযায়ী সিটি পুলিশ ফেডারেল অভিবাসন অভিযানে সহযোগিতা করে না। তা সত্ত্বেও ট্রাম্প প্রশাসন অবৈধ অভিবাসী ধরতে সেখানে প্রায় ৩ হাজার বর্ডার প্যাট্রোল ও আইস কর্মকর্তাকে মোতায়েন করে– যা মিনিয়াপোলিস পুলিশের মোট সদস্যসংখ্যার প্রায় পাঁচ গুণ। অভিযানের সময় অতিরিক্ত বলপ্রয়োগের অভিযোগে শহরজুড়ে ক্ষোভ ছড়িয়ে পড়ে এবং বিক্ষোভ শুরু হয়। তবে বিচার বিভাগ জানিয়েছে, এসব বিক্ষোভের সময় পুলিশ ও সরকারি সম্পত্তিতে হামলার অভিযোগে ১৬ জনকে অভিযুক্ত করা হয়েছে।

গত ৭ জানুয়ারি রেনে গুডের মৃত্যু পরিস্থিতিকে আরও উত্তপ্ত করে তোলে। সেদিন তিনি একটি রাস্তা অবরোধ করেছিলেন। ভিডিও ফুটেজে দেখা যায়, তিনি ধীরে ধীরে ডান দিকে সরে যাচ্ছিলেন– ঠিক তখনই একটি গাড়ির সামনে থাকা ফেডারেল এজেন্ট গুলি চালান। সেক্রেটারি নোয়েম তখন ঘটনাটিকে 'ঘরোয়া সন্ত্রাসবাদ' হিসেবে আখ্যা দেন এবং দাবি করেন, গুড এজেন্টদের চাপা দেওয়ার চেষ্টা করেছিলেন। তবে ভিডিও ও প্রত্যক্ষদর্শীদের বক্তব্য সেই দাবির সঙ্গে পুরোপুরি মেলে না।

অন্যদিকে অ্যালেক্স প্রেট্টির ক্ষেত্রে জানা যায়, মৃত্যুর কয়েক দিন আগে তিনি এক ফেডারেল কর্মকর্তার গাড়িতে থুতু ছিটান ও লাথি মারেন। সে সময় তার কোমরে বৈধ অস্ত্র থাকলেও তাকে ছেড়ে দেওয়া হয়। ২৪ জানুয়ারি আবার তাকে আটক করতে গেলে এক কর্মকর্তা তার কোমরে থাকা অস্ত্র দেখতে পান এবং গুলি চালান।

সাবেক বিচার বিভাগীয় প্রসিকিউট ও জর্জ ফ্লয়েড মামলার ফেডারেল তদন্তের নেতৃত্ব দেওয়া স্যাম ট্রেপেল বলেন, ভিডিওতে বলপ্রয়োগের কোনো সুস্পষ্ট যুক্তি পাওয়া যায় না। তার মতে, একজন নারীকে ধাক্কা দেওয়া ও রাসায়নিক স্প্রে ব্যবহারের যৌক্তিকতাও প্রশ্নবিদ্ধ।

ট্রেপেল আরও বলেন, ট্রাম্প প্রশাসনের সময়ে বিচার বিভাগের সিভিল রাইটস ডিভিশন কার্যত দুর্বল হয়ে পড়েছে। ২০২৫ সালের জানুয়ারি থেকে এ বিভাগের ৭৫ শতাংশের বেশি অভিজ্ঞ ও নিরপেক্ষ আইনজীবী চাকরি ছেড়েছেন। সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো এই দুটি ঘটনায় ফেডারেল কর্তৃপক্ষ রাজ্য তদন্তকারীদের সঙ্গে প্রমাণ শেয়ার করছে না, যা তার অভিজ্ঞতায় নজিরবিহীন। ১২-এর পৃষ্ঠায় দেখুন



পেগি সিগালের আয়োজিত অনুষ্ঠানে জোহরান মামদানি। ছবি: সংগৃহীত

এপস্টেইন নথি ঘিরে এবার আলোচনায় জোহরান মামদানি

বাংলা পত্রিকা ডেস্ক: জেফরি এপস্টেইন সংশ্লিষ্ট লাখ লাখ নতুন নথি প্রকাশের পর নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানি এবং তার মা, প্রখ্যাত চলচ্চিত্র নির্মাতা মীরা নায়ারকে নিয়ে নতুন গুঞ্জন শুরু হয়েছে।

সম্প্রতি প্রকাশিত মার্কিন বিচার বিভাগের (ডিওজে) রেকর্ডগুলোতে মীরা নায়ারের নাম আসার পরপরই ২০১৭ সালের একটি পুরনো ছবি সামনে এসেছে। ওই ছবিতে জোহরান মামদানিকে এপস্টেইনের ঘনিষ্ঠ সহযোগী এবং এক সময়ের প্রভাবশালী হলিউড পাবলিসিস্ট পেগি সিগালের আয়োজিত একটি অনুষ্ঠানে দেখা যাচ্ছে।

২০১৭ সালের ১৫ নভেম্বর ম্যানহাটনের লিঙ্কন রিস্টোরান্তে আয়োজিত সেই অনুষ্ঠানে জোহরান মামদানি অভিনেতা ড্যানিয়েল কালুয়া এবং মা মীরা নায়ারের সঙ্গে হাসিমুখে ক্যামেরাবন্দি হন। অনুষ্ঠানটি ছিল জর্ডান পিলের বিখ্যাত সিনেমা 'গেট আউট'-এর সম্মানে পেগি সিগালের পক্ষ থেকে দেওয়া একটি মধ্যাহ্নভোজ। পেগি সিগাল এক সময় হলিউডের শীর্ষস্থানীয় পাবলিসিস্ট থাকলেও এপস্টেইনের সঙ্গে গভীর সামাজিক সম্পর্কের কারণে পরবর্তীতে বিনোদন ইন্ডাস্ট্রিতে সমালোচনার মুখে পড়েন। যদিও সিগালের বিরুদ্ধে কোনো অপরাধের অভিযোগ আনা হয়নি।

২০২৬ সালের ৩০ জানুয়ারি প্রকাশিত নথির একটি অংশে ২০০৯ সালের একটি ইমেলের উল্লেখ রয়েছে। সেখানে দেখা যায়, পেগি সিগাল এপস্টাইনকে মীরা নায়ার পরিচালিত 'অ্যামেলিয়া' সিনেমার একটি আফটার-পার্টি সম্পর্কে লিখছেন। ইমেল অনুযায়ী, সেই অনুষ্ঠানটি হয়েছিল গিজলেন ম্যাক্সওয়েলের ম্যানহাটন টাউনহাউসে এবং সেখানে সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটন, অ্যামাজন প্রতিষ্ঠাতা জেফ বেজোস এবং মীরা নায়ার উপস্থিত ছিলেন। তবে নথিতে শুধুমাত্র উপস্থিতির কথা উল্লেখ করা হয়েছে, তাদের বিরুদ্ধে কোনো অনৈতিক বা অপরাধমূলক কর্মকাণ্ডের অভিযোগ আনা হয়নি।

মীরা নায়ার দীর্ঘকাল ধরে ম্যানহাটনের অভিজাত চলচ্চিত্র সার্কেলের এক সম্মানিত ব্যক্তিত্ব হিসেবে পরিচিত। অন্যদিকে জোহরান মামদানী বর্তমানে নিউইয়র্ক সিটির মেয়র হিসেবে দায়িত্ব পালন করছেন। প্রকাশিত নতুন নথিতে আরও অনেক তারকার নাম ১২-এর পৃষ্ঠায় দেখুন

কুইন্সে মোবাইল ভেটেরিনারি ভ্যানে রহস্যজনক মৃত্যু

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির কুইন্স বরোতে একটি মোবাইল ভেটেরিনারি ভ্যানের ভেতর থেকে এক ব্যক্তি ও একটি কুকুরের মরদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। রোববার সকালে ফ্লাশিং এলাকায় এ ঘটনা ঘটে।

পুলিশ জানায়, রোববার সকাল সাড়ে ৯টার কিছু আগে কুইন্সের ফ্লাশিং এলাকার ১৫৭-১৮, ৬৫তম অ্যাভিনিউ– পারসন্স বুলেভার্ডের কাছে পার্ক করা একটি মোবাইল ভেটেরিনারি ভ্যানের ভেতর থেকে এক ৫৭ বছর বয়সী পুরুষ ও একটি কুকুরকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়।

আইনশৃঙ্খলা বাহিনীর একটি সূত্র জানায়, একই সময় ভ্যানটির ভেতর থেকে বের হয়ে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন আরও এক ব্যক্তি। তার বয়স ৭৪ বছর। তিনি মাটিতে পড়ে গেলে দ্রুত তাকে নিউইয়র্ক-প্রেসবাইটেরিয়ান হাসপাতালে নেওয়া হয়। বর্তমানে তিনি চিকিৎসাধীন এবং তার অবস্থা স্থিতিশীল বলে জানা গেছে।

তদন্তকারীরা প্রাথমিকভাবে ধারণা করছেন, কার্বন মনোক্সাইড বিষক্রিয়া এই মৃত্যুর পেছনে ভূমিকা রাখতে পারে। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, ঘটনাস্থলে থাকা ভ্যানটি একটি ১৯৯৭ মডেলের ফোর্ড গাড়ি, যার নাম্বার প্লেট নর্থ ক্যারোলাইনা অঙ্গরাজ্যের।

পুলিশ জানিয়েছে, মৃত্যুর সঠিক কারণ নির্ধারণে ময়নাতদন্তের প্রস্তুতি চলছে। একই সঙ্গে ভ্যানটির ভেতরে কীভাবে এবং কতক্ষণ ধরে তারা অবস্থান করছিলেন, সে বিষয়েও তদন্ত চলছে।





জোকোভিচের অপেক্ষা বাড়িয়ে ক্যারিয়ার স্ল্যাম পূরণ

ইতিহাস গড়লেন আলকারাজ

> *এই ট্রফিটা জেতার জন্য আমি কতটা কঠোর পরিশ্রম করেছি, সেটা কেউ জানে না। এই মুহূর্তটার জন্য আমি ভীষণ কৃতজ্ঞ...*

ক্রীড়া ডেস্ক : মেলবোর্নের রড লেভার এরেনাটা ভীষণ পয়মন্ত নোভাক জকোভিচের। সার্বিয়ান তারকা এই নীল কোর্টে এতদিন ছিলেন অপ্রতিরোধ্য। এখানে ১০টি গ্র্যান্ড স্ল্যাম ফাইনাল খেলেছেন এবং কোর্ট ছেড়েছেন শতভাগ জয় নিয়ে। দীর্ঘ এই অজেয় যাত্রা অবশেষে থেমেছে। এই রবিবারটা ২৪ গ্র্যান্ড স্ল্যামজয়ী মহাতারকার হতে দেননি কার্লোস আলকারাজ। স্প্যানিশ তারকা মর্যাদার ফাইনালে প্রথম হারের তেতো স্বাদ দিয়েছেন ৩৮-এর জকোভিচকে। তাতে একটা মাইলফলকও ছুঁয়ে ফেলেছেন ২২ বছরের তরুণ। সবচেয়ে কম বয়সে গ্র্যান্ড স্ল্যামের চক্রপূরণ করেছেন। এর আগে ৬টি গ্র্যান্ড স্ল্যাম জিতলেও র‍্যাংকিংয়ের শীর্ষে থাকা আলকারাজ এবারই প্রথম জিতলেন অস্ট্রেলিয়ান ওপেন।

২০২২ সালে ইউএস ওপেন জিতে শুরু আলকারাজের শিখরপানে ছুটে চলা। পরের বছর জেতেন উইম্বলডন শিরোপা। ২০২৪ সালেও গ্রাস কোর্টে সাফল্য ধরে রাখা আলকারাজ জিতে নেন ক্লে-কোর্টেরও শিরোপা। রোলাঁ গারোঁয় জেতেন ফ্রেঞ্চ ওপেন। ২০২৫ সালেও জিতেছেন দুটি গ্র্যান্ড স্ল্যাম (ইউএস ওপেন ও ফ্রেঞ্চ ওপেন)। তবে এই চার বছরে বারবার থমকে যেতে হয়েছে মেলবোর্নে এসে। প্রতিপক্ষ যখন সবচেয়ে বেশি গ্র্যান্ড স্ল্যাম জিতে অমরত্বের কাছাকাছি পৌঁছে যাওয়া জকোভিচ, তখন এবারও ছিল রেকর্ড ছুঁতে না পারার শঙ্কা। প্রথম সেট হেরে শঙ্কাটা বাড়িয়ে দিয়েছিলেন নিজেই। জকোভিচ শুরুটা করেছিলেন দুর্দান্ত ৬-২ পয়েন্টে প্রথম সেট জিতে। তবে আলকারাজ ফেরেন নিজের মতো করে। পরের দুই সেট জিতে নেন ৬-২, ৬-৩ পয়েন্টে। চতুর্থ সেটে হয় রোমাঞ্চকর লড়াই। এবারও ভয় ছিল। পুরো ক্যারিয়ার জুড়ে ম্যাচ পঞ্চম সেটে নিয়ে গিয়ে জয়ের অসংখ্য উদাহরণ আছে জকোভিচের। জানিক সিনারের বিপক্ষে সেমিফাইনালেই সে রকমটা ঘটিয়ে উঠে এসেছিলেন ফাইনালে। তবে এবার আলকারাজকে ফাঁদে ফেলতে পারেননি জকোভিচ। চতুর্থ সেটটা টাইব্রেকারে গড়ালেও ঠিকই ৭-৫ সেট পয়েন্টে জিতে ইতিহাসে নাম লেখান আলেক্সান্দার জাভেরেভকে ম্যারাথন ম্যাচে হারিয়ে ফাইনালে আসা আলকারাজ। ২২ বছর ২৭২ দিন বয়সে চার কোর্টেই সেরার মুকুট পরে ভেঙে দেন মার্কিন ডন বাজের রেকর্ড। ১৯৩৮ সালে এই তারকা চার কোর্টে গ্র্যান্ড স্ল্যাম জিতেছিলেন ২২ বছর ৩৬৩ দিনে।

এ নিয়ে তৃতীয়বার জকোভিচকে গ্র্যান্ড স্ল্যাম ফাইনালে হারালেন আলকারাজ। এর আগে দুবারই উইম্বলডনে জকোভিচকে ধরাশায়ী করেন তিনি। বয়সের ব্যবধান ১৬ হওয়া সত্ত্বেও এতদিন মুখোমুখি লড়াইয়ে আলকারাজের চেয়ে ৫-৪-এ এগিয়ে ছিলেন জকোভিচ। রবিবার জিতে দ্বৈরথে সমতা আনেন আলকারাজ। একটা জায়গায় জকোভিচকে অনেকটাই ছাড়িয়ে গেছেন আলকারাজ। তিন গ্র্যান্ড স্ল্যাম ফাইনালেই জকোভিচকে হারিয়েছেন তিনি। জকোভিচকে সবচেয়ে বেশি ফাইনালে হারের স্বাদ দিয়েছিলেন আলকারাজের স্বদেশি রাফায়েল নাদাল। গ্র্যান্ড স্ল্যাম ফাইনালে চারবার হারের তেতো স্বাদ পেয়েছিলেন চীর বৈরীর কাছে। আলকারাজ তো সে পথেই হাঁটছেন। ২০২৩ ইউএস ওপেন জয়টা ছিল জকোভিচের রেকর্ড ২৪তম গ্র্যান্ড স্ল্যাম জয়। এরপর যে দুটি গ্র্যান্ড স্ল্যাম ফাইনাল খেললেন, দুবারই আলকারাজে থমকে গেছেন তিনি। এ কারণে হারের পর আলকারাজকে প্রশংসায় ভাসালেন সার্বিয়ান তারকা। আলকারাজের কীর্তির ভূয়সী প্রশংসা করে জকোভিচ বলেন, 'সবার আগে অবশ্যই অভিনন্দন, কার্লোস। অসাধারণ একটি টুর্নামেন্ট, আর অসাধারণ কয়েকটা সপ্তাহ। তুমি যা করে দেখাচ্ছ, সেটা বোঝাতে সবচেয়ে ভালো শব্দ হলো ঐতিহাসিক। কিংবদন্তিতুল্য। তোমার বাকি ক্যারিয়ারের জন্য শুভকামনা। তুমি এতটাই তরুণ, সামনে তোমার অনেক সময় আছে। ঠিক আমার মতোই। আমি নিশ্চিত, আগামী ১০ বছর আমরা একে অপরের সঙ্গে আরও বহুবার মুখোমুখি হব। কী বল, হব না?'

বেশ কিছুদিন ধরেই টেনিস দুনিয়ায় ফিসফাস কবে খেলা ছাড়বেন জকোভিচ। আরেকটি গ্র্যান্ড স্ল্যাম ফাইনাল হারার পর কথাটা উঠেছিল আবারও। তবে এখনই জকোভিচের ভাবনায় যে অবসর নেই, সেটা তো আলকারাজের সঙ্গে আরও লড়াইয়ের ইচ্ছেতেই পরিষ্কার।

টেনিসের উন্মুক্ত যুগে (ওপেন এরা) এক এলিট তালিকায় নাম উঠেছে আলকারাজের। জকোভিচ, আন্দ্রে আগাসি, রজার ফেদেরার ও রাফায়েল নাদালের পর তিনিই চার গ্র্যান্ড স্ল্যাম জয়ের কীর্তি গড়েছেন। বিশেষ শিরোপা হাতে নিয়ে আলকারাজ বলেন, 'এই ট্রফিটা জেতার জন্য আমি কতটা কঠোর পরিশ্রম করেছি, সেটা কেউ জানে না। এই মুহূর্তটার জন্য আমি ভীষণ কৃতজ্ঞ।' জকোভিচের প্রতি শ্রদ্ধা জানাতে ভোলেননি আলকারাজ, 'তুমি যা করছ, সেটা শুধু টেনিস খেলোয়াড়দের জন্য নয়, সারা বিশ্বের খেলোয়াড়দের জন্য অনুপ্রেরণাদায়ক।'

বছরের প্রথম গ্র্যান্ড স্ল্যাম জিতে নিলেন ওয়ার্ল্ড নাম্বার ওয়ান আলকারাজ। তবে 'বুড়ো' জকোভিচ যে এখনই হাল ছাড়ছেন না। তাই জকোভিচ-নাদাল দ্বৈরথের মতো জকোভিচ-আলকারাজ দ্বৈরথটা চলতে থাকুক যতটা সম্ভব তাতেই যে টেনিস ভক্তদের আনন্দ।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কুলডেন্ট এডিনিটর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

অপরাজিত চ্যাম্পিয়ন বাংলাদেশ

ক্রীড়া ডেস্ক : আগের ম্যাচ জিতেই বিশ্বকাপ খেলা নিশ্চিত হয়ে গিয়েছিল। সুপার সিক্সে শেষ দুই ম্যাচ ছিল অনেকটা নিয়মরক্ষার। তবে সেখানে জয়ের ধারা অব্যাহত রাখল বাংলাদেশ।

নিয়মরক্ষার শেষ দুই ম্যাচেও জয়ের ধারা অব্যাহত রাখল বাংলাদেশ। বাছাইপর্বে নিজেদের সপ্তম এবং শেষ ম্যাচে নেদারল্যান্ডসকে ৭ উইকেটে উড়িয়ে দিয়েছে দলটি। অধিনায়ক নিগার সুলতানা জ্যোতির ঝড়ো ফিফটি ও সোবহানা মুশতারির ফিফটি ছুঁইছুঁই ইনিংসে বড় পুঁজি গড়ে সহজে জিতেছে টাইগ্রেসরা।

এই জয়ে মেয়েদের টি-টোয়েন্টি বিশ্বকাপ বাছাইপর্বে অপরাজিত চ্যাম্পিয়ন হলো বাংলাদেশ। আগামী জুন-জুলাইয়ে ইংল্যান্ডে ছোট সংস্করণের বিশ্বকাপের লড়াই হবে। যেখানে অংশ নেবে ১২টি দল। বিশ্বকাপ শুরু হবে আগামী ১২ জুন। ঐতিহ্যবাহী লর্ডস ক্রিকেট গ্রাউন্ডে ৫ জুলাই ফাইনাল ম্যাচ মাঠে গড়াবে। বিশ্বকাপে সাতটি ভেন্যুতে ৩৩টি ম্যাচ হবে।

গতকাল নেপালের মুলপানি ক্রিকেট গ্রাউন্ডে বাছাইয়ের সুপার সিক্স পর্বে নিজেদের শেষ ম্যাচে নেদারল্যান্ডসকে ৭ উইকেটের বড় ব্যবধানে হারিয়ে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ। আগে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেট হারিয়ে ১০২ রান তোলে ডাচ মেয়েরা। জবাবে অধিনায়ক নিগার সুলতানা জ্যোতির হার না মানা হাফসেঞ্চুরি ও সোবহানা মোস্তারির দুর্দান্ত ব্যাটিংয়ে ১৬.৪ ওভারে ৩ উইকেটে ১০৫ রান করে বড় জয় তুলে নেয় বাংলাদেশ।

টস জিতে আগে ব্যাট করতে নেমে শুরুতেই বিপর্যয়ে পড়ে নেদারল্যান্ডস।



তাদের প্রথম চার ব্যাটারের কেউই ৪ রানের বেশি করতে পারেননি। কেবল দুই জন ব্যাটার দুই অঙ্কের ঘর ছুঁতে পেরেছেন। পঞ্চম ব্যাটার রবিন রিজকি ৪৫ বলে ৩৯ এবং সাতে নামা সানিয়া খুরানা ৩৭ বলে করেন ৪৩ রান। ফলে টেনেটুনে দলীয় সংগ্রহ একশ' পার করে ডাচ মেয়েরা। বাংলাদেশের পক্ষে নাহিদা আক্তার মাত্র ১০ রানে ৩ টি এবং মারুফা আক্তার ১৪, স্বর্ণা আক্তার ১৭ ও রাবেয়া খান ২৬ রান খরচায় একটি করে উইকেট শিকার করেন।

ছোট লক্ষ্য তাড়ায় নেমে মাত্র ৪ রানেই আউট হন বাংলাদেশের ওপেনার দিলারা আক্তার। আরেক ওপেনার জুয়াইরিয়া ফেরদৌস ফেরেন শূন্য রানে। মাত ৬ রানে দুই ওপেনারকে হারিয়ে কিছুটা চাপে পড়ে বাংলাদেশ। এই চাপ বাড়ে দলীয় ৪৮ রানে শারমিন আক্তার সুপ্তা আউট হলে। তিনি ফেরেন ২৮ বলে ১৩ রান করে। তবে সেই চাপ কাটিয়ে দল জয়ের বন্দরে পৌঁছে দেন জ্যোতি ও সোবহানা। ৫৭ রানের জুটিতে জয় নিশ্চিত করেন তারা। জ্যোতি ৪৪ বলে ৭ চারের মারে ৫০ এবং সোবহানা ২৩ বলে ৫ চার ও ১ ছয়ের মারে ৩৩ রানে অপরাজিত থাকেন। নেদারল্যান্ডসের আইরিস জুইলিং ১৬, হেদার সিজার্স ৯ ও হান্না ল্যান্ডহির ১৭ রানে পান ১টি করে উইকেট। ম্যাচ সেরার পুরস্কার পান বাংলাদেশের স্পিনার নাহিদা আক্তার। এ নিয়ে বাছাই পর্বের সাত ম্যাচেই জয় পেল বাংলাদেশ।

বিশ্বকাপ বয়কটের সিদ্ধান্ত প্রত্যাহার করলো জার্মানি

স্পোর্টস ডেস্ক : আসন্ন ফিফা বিশ্বকাপে অংশগ্রহণের ক্ষেত্রে নিজেদের অবস্থান স্পষ্ট করেছে জার্মানি। মার্কিন প্রেসিডেন্টের ওপর ক্ষোভ থাকলেও ফুটবল সৌন্দর্যের কথা ভেবে বিশ্বকাপ খেলার সিদ্ধান্ত নিয়েছে দলটি।

তবে ট্রাম্পকে একটি বার্তা দেওয়ার আহ্বান জানানো হয়েছে। এছাড়া খেলার বিষয়ে ইতিবাচক বার্তা দিয়েছে ফ্রান্স, নেদারল্যান্ডস, বেলজিয়াম ও ডেনমার্কও।

স্থানীয় সময় শুক্রবার (৩০ জানুয়ারি) রাতে জারি করা এক বিবৃতিতে দেশটির ফুটবল ফেডারেশন বলেছে, খেলাধুলার ঐক্যবদ্ধ শক্তি এবং ফিফা বিশ্বকাপের বিশ্বব্যাপী প্রভাবে বিশ্বাস করি। আমাদের লক্ষ্য এই ইতিবাচক শক্তিকে শক্তিশালী করা,এটিকে প্রতিরোধ করা নয়।

যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে অনুষ্ঠিত হতে যাচ্ছে এবারের ফিফা বিশ্বকাপ। কিন্তু আয়োজক দেশ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের একের পর এক সিদ্ধান্তে অস্বস্তিতে ফুটবল বিশ্ব। ভ্রমণ নিষেধাজ্ঞা, ইউরোপীয় দেশগুলোর ওপর শুল্কের হুমকি,এমনকি গ্রিনল্যান্ড ইস্যু। সব মিলিয়ে প্রশ্ন উঠেছে, বিশ্বকাপে অংশ নেয়া দেশগুলো কতটা স্বাচ্ছন্দ্য বোধ করবে যুক্তরাষ্ট্রে খেলতে?

ডিসেম্বরে বিশ্বকাপ ড্র অনুষ্ঠানে ট্রাম্পকে দেয়া ফিফা পিস প্রাইজ নিয়েও সমালোচনা তুঙ্গে। এরপরই বিশ্ব ফুটবলের ভেতরে শুরু হয় আলোচনা। প্রথমেই বিশ্বকাপ বয়কট করার কথা ভাবে চারবারের বিশ্বচ্যাম্পিয়ন জার্মানি।

বিশ্বকাপে পাকিস্তান খেলবে না ভারতের বিপক্ষে

ক্রীড়া ডেস্ক : ২০২৬ টি-টুয়েন্টি বিশ্বকাপে অংশ নেবে পাকিস্তান ক্রিকেট দল। তবে চিরপ্রতিদ্বন্দ্বী ভারতের বিপক্ষে ম্যাচটি তারা বয়কট করবে। আজ রাতে পাকিস্তান সরকারের অফিশিয়াল 'এক্স' হ্যান্ডল ও ফেসবুকে একই সঙ্গে দেওয়া পোস্টে এই সিদ্ধান্তের কথা জানানো হয়েছে।

পাকিস্তান সরকারের দেওয়া পোস্টে বলা হয়েছে, 'ইসলামি প্রজাতন্ত্র পাকিস্তান সরকার পাকিস্তান ক্রিকেট দলকে ২০২৬ আইসিসি টি-টুয়েন্টি বিশ্বকাপে অংশগ্রহণের অনুমোদন দিচ্ছে। তবে ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ভারতের বিপক্ষে নির্ধারিত ম্যাচে পাকিস্তান ক্রিকেট দল মাঠে নামবে না।' কেন এই সিদ্ধান্ত, তার সুনির্দিষ্ট কোনো কারণ অবশ্য বিবৃতিতে উল্লেখ করা হয়নি।



আইসিসির যেকোনো টুর্নামেন্টে ভারত-পাকিস্তান ম্যাচ মানেই আয়ের বিশাল খনি। এই সুযোগ কাজে লাগাতে ২০১২ সাল থেকে আইসিসি প্রতিটি ইভেন্টেই দুই দলকে এক গ্রুপে রেখে আসছে। টুর্নামেন্টের সূচিও এমনভাবে সাজানো হয়, যাতে দুই দলের একাধিকবার মুখোমুখি হওয়ার সুযোগ থাকে। যদিও রাজনৈতিক বৈরিতার কারণে গত ১৪ বছর ধরে দেশ দুটির মধ্যে কোনো দ্বিপাক্ষিক সিরিজ হয়নি। তবে এবার পাকিস্তানের এমন সিদ্ধান্তের পর সম্ভাবনা আছে ২০১০ সালের পর প্রথম কোনো আইসিসি টুর্নামেন্ট ভারত-পাকিস্তান ম্যাচ ছাড়াই শেষ হওয়ার।

এবারের টি-টুয়েন্টি বিশ্বকাপে পাকিস্তানের অংশগ্রহন নিয়েই অবশ্য একটা সময়ে বড় শঙ্কা দেখা দিয়েছিল। ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) নির্দেশে বাংলাদেশ দলের পেসার মোস্তাফিজুর রহমানকে আইপিএলের দল কলকাতা নাইট রাইডার্স থেকে বাদ দেওয়া থেকে ঘটনার সূত্রপাত। বাংলাদেশের বাঁহাতি পেসারকে বাদ দেওয়ার পর বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) আনুষ্ঠানিকভাবে আইসিসিকে জানিয়ে দেয়, নিরাপত্তা ঝুঁকির কারণে ভারতে বিশ্বকাপ খেলতে যাবে না তারা। আইসিসিকে ভেন্যু বদলের অনুরোধ করে বিসিবি।

কিন্তু ২১ জানুয়ারি এক ভার্চুয়াল বোর্ড সভার পর আইসিসি জানায়, বাংলাদেশকে পূর্বসূচি অনুযায়ী ভারতেই খেলতে হবে। বিসিবি নিজেদের সিদ্ধান্তে অনড় থাকার পর গত ২৪ জানুয়ারি বাংলাদেশ দলকে টুর্নামেন্ট থেকে বাদ দেয় আইসিসি। শেষ পর্যন্ত বাংলাদেশের পরিবর্তে টি-টুয়েন্টি বিশ্বকাপে স্কটল্যান্ডকে অন্তর্ভুক্ত করে বিশ্ব ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা। পাকিস্তানই একমাত্র দেশ যারা বাংলাদেশের ম্যাচগুলো অন্য দেশে সরিয়ে নেওয়ার দাবির পক্ষে জোরালো সমর্থন দিয়েছিল এবং আইসিসির বিরুদ্ধে ভারতের পক্ষ নেওয়ার অভিযোগ তুলেছিল।

খোদ পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী ও পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) চেয়ারম্যান মহসিন নাকভি বলেছিলেন, টি-টুয়েন্টি বিশ্বকাপ নিয়ে বাংলাদেশের সঙ্গে অন্যায় করা হয়েছে। বাংলাদেশকে বিশ্বকাপ খেলতে দেওয়া না হলে পাকিস্তান দলও টুর্নামেন্ট বর্জন করবে কি না, এ বিষয়ে সরকারের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত জানানোর কথাও বলেছিলেন তিনি।

এরপর গত ৩০ জানুয়ারি পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফের সঙ্গে আলোচনার পর নাকভি বলেছিলেন, 'প্রধানমন্ত্রী শাহবাজ শরীফের সঙ্গে একটি ফলপ্রসূ বৈঠক হয়েছে। তাঁকে আইসিসি সম্পর্কিত বিষয়টি অবহিত করা হয়েছে এবং তিনি নির্দেশ দিয়েছেন যেন আমরা সমস্ত বিকল্প খোলা রেখেই এটি সমাধান করি।'

পিসিবি অবশ্য নির্ধারিত সময়ের মধ্যেই বিশ্বকাপের স্কোয়াড ঘোষণা করেছিল। গুঞ্জন ছিল, পাকিস্তান হয়তো পুরো টুর্নামেন্ট বয়কট না করে শুধু ভারতের বিপক্ষে ম্যাচটি বয়কট করবে। শেষ পর্যন্ত সেটাই সত্যি হলো। কয়েকদিন ধরে নানা জল্পনা-কল্পনার পর শেষ পর্যন্ত আজ ভারত-ম্যাচ বয়কটের নাটকীয় সিদ্ধান্ত জানাল পাকিস্তান। কেন ভারতের বিপক্ষে খেলতে আপত্তি, সে বিষয়ে পিসিবি এ প্রতিবেদন লেখা পর্যন্ত কোনো ব্যাখ্যা দেয়নি। তবে কারণটা সবার জানাই। বাংলাদেশকে বিশ্বকাপ থেকে বাদ দেওয়ার প্রতিবাদে তারা যে কঠিন কোনো সিদ্ধান্ত নেবে, সেই আভাস আগেই দিয়েছিল পিসিবি।

এবারের বিশ্বকাপে পাকিস্তান আছে 'এ' গ্রুপে। যেখানে ভারত ছাড়াও তাদের সঙ্গী নামিবিয়া, নেদারল্যান্ডস ও যুক্তরাষ্ট্র। টুর্নামেন্টের সহ-আয়োজক শ্রীলঙ্কার মাঠেই পাকিস্তানের সব ম্যাচ হওয়ার কথা। ৭ ফেব্রুয়ারি নেদারল্যান্ডসের বিপক্ষে ম্যাচ দিয়ে বিশ্বকাপ শুরু করবে পাকিস্তান। ১০ ফেব্রুয়ারি খেলবে যুক্তরাষ্ট্রের বিপক্ষে, ১৮ ফেব্রুয়ারি প্রতিপক্ষ নামিবিয়াক। ভারতের বিপক্ষে ১৫ ফেব্রুয়ারির ম্যাচটি বয়কট করলে পাকিস্তান সরাসরি ২ পয়েন্ট হারাবে।

আইসিসির নিয়ম অনুযায়ী, এই ম্যাচ ছেড়ে দিলে পাকিস্তানের 'নেট রান রেট'-এ বড় নেতিবাচক প্রভাব পড়বে। আইসিসির প্লেয়িং কন্ডিশনের ধারা ১৬.১০.৭ অনুযায়ী, কোনো দল ম্যাচ বর্জন করলে নেট রান রেট হিসাবের সময় ধরে নেওয়া হবে যে সেই দল পুরো ২০ ওভারই খেলেছে। তবে ভারতের নেট রান রেট এতে প্রভাবিত হবে না।

পাকিস্তানের ১৫ সদস্যের স্কোয়াড : সালমান আলী আঘা (অধিনায়ক), আবরার আহমেদ, বাবর আজম, ফাহিম আশরাফ, ফখর জামান, খাজা মোহাম্মদ নাফে (উইকেটকিপার), মোহাম্মদ নেওয়াজ, মোহাম্মদ সালমান মির্জা, নাসিম শাহ, সাহিবজাদা ফারহান (উইকেটকিপার), সাইম আইয়ুব, শাহীন শাহ আফ্রিদি, শাদাব খান, উসমান খান (উইকেটকিপার) ও উসমান তারিক।

ভারতকে হারিয়ে টানা দ্বিতীয় জয় বাংলাদেশের



ক্রীড়া ডেস্ক : সাফ অনূর্ধ্ব-১৯ নারী চ্যাম্পিয়নশিপে বাংলাদেশের মেয়েদের জয়রথ ছুটছেই। ভুটানকে গোলবন্যায় ভাসানোর পর এবার শক্তিশালী ভারতকে হারিয়ে টানা দ্বিতীয় জয় পেয়েছে পিটার বাটলারের দল। নেপালের পোখারার রঙ্গশালা স্টেডিয়ামে আজ বাংলাদেশ জিতেছে ২-০ গোলে। এ জয়ে দুই ম্যাচ থেকে ৬ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে বাংলাদেশ। সমান ম্যাচ খেলে ৩ পয়েন্ট নিয়ে দ্বিতীয় অবস্থানে ভারত।

ভুটানের জালে এক ডজন গোল দিয়ে টুর্নামেন্ট শুরু করেছিল বাংলাদেশ। সে ম্যাচে মুনকি আক্তার একাই করেছিলেন চার গোল, হ্যাটট্রিক পেয়েছিলেন আলপি ও তৃষ্ণা। অন্যদিকে নেপালকে হারিয়ে শুভসূচনা করেছিল ভারত, তবে আজ বাংলাদেশের কাছেই হারের স্বাদ পেতে হলো তাদের। আগামী বুধবার তৃতীয় ম্যাচে বাংলাদেশের প্রতিপক্ষ স্বাগতিক নেপাল।

ম্যাচের শুরুটা ভারতের দাপটে হলেও ধীরে ধীরে খেলার লাগাম নিজেদের মুঠোয় নেয় বাংলাদেশ। প্রথম ২৫ মিনিট ভারতের আক্রমণ সামলে পাল্টা আক্রমণের পসরা সাজায় পিটার বাটলারের শিষ্যরা। ফলও আসে হাতেনাতে।

২৯ মিনিটে প্রথম গোলের দেখা পায় বাংলাদেশ। মামনি চাকমার বুদ্ধিদীপ্ত এক ফ্রি কিক সামলাতে গিয়ে তালগোল পাকান ভারতীয় গোলকিপার মুন্নি। তাঁর হাত ফসকে বল বের হলে ঠিক গোললাইনের ওপর ওত পেতে থাকা অর্পিতা বিশ্বাস সুযোগটি হাতছাড়া করেননি। আলতো টোকায় বল জালে জড়িয়ে দলকে লিড এনে দেন তিনি।

৪০ মিনিটে ব্যবধান দ্বিগুণ করেন আলপি আক্তার। ডান উইং দিয়ে ক্ষিপ্র গতিতে বক্সে ঢুকে গোলমুখে ক্রস বাড়িয়েছিলেন তৃষ্ণা রানী। নিখুঁত নিশানায় সেই বল জালে ঠেলে দেন আলপি। ২-০ ব্যবধানে এগিয়ে বিরতিতে যায় বাংলাদেশ।

গোলপোস্টের নিচে আজ দেয়াল হয়ে দাঁড়িয়েছিলেন বাংলাদেশের ইয়ারজান বেগম। প্রথ মার্ধে পাঁচ মিনিটের ব্যবধানে ভারতের দুটি নিশ্চিত সুযোগ নষ্ট করে দেন তিনি। একবার সরাসরি ফ্রি কিক লাফিয়ে উঠে তালুবন্দি করেন, আরেকবার পৃতিকা বার্মার এক লম্বা শট ঠেকিয়ে বাংলাদেশের জাল অক্ষত রাখেন এই গোলকিপার।

দ্বিতীয়ার্ধে ভারত গোল শোধে মরিয়া হয়ে উঠলেও বাংলাদেশের রক্ষণভাগ ছিল জমাট। সাবধানী ফুটবলের পাশাপাশি ডিফেন্ডারদের দারুণ দৃঢ়তায় শেষ পর্যন্ত ২-০ গোলের জয় নিয়েই মাঠ ছাড়ে বাংলাদেশ।

বয়সভিত্তিক সাফের অনূর্ধ্ব-১৯ পর্যায়ে বর্তমান চ্যাম্পিয়ন বাংলাদেশ ও ভারত। ২০২৪ সালে যৌথ ভাবে এ প্রতিযোগিতার শিরোপা জেতে দুই দেশ। এবার খেলছে না পাকিস্তান, শ্রীলংকা ও মালদ্বীপ। তাই চার দল নিয়ে লিগ ভিত্তিতে হচ্ছে টুর্নামেন্ট। পয়েন্ট টেবিলের শীর্ষ দুই দল আগামী ৭ ফেব্রুয়ারি খেলবে ফাইনাল।

অস্থায়ী কর্মী ভিসা দ্বিগুণ করছে যুক্তরাষ্ট্র

প্রথম পৃষ্ঠার পর

বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে ট্রাম্প প্রশাসন। দেশটি আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত অতিরিক্ত প্রায় ৬৫ এইচ-২বি অস্থায়ী কর্মী ভিসা দেবে বলে ফেডারেল রেজিস্টারে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

এই সিদ্ধান্তের ফলে প্রতিবছর বিভিন্ন খাতে যে ৬৬ হাজার এইচ-২বি ভিসা দেওয়া হতো, তা প্রায় দ্বিগুণ হচ্ছে। নির্মাণ, পর্যটন ও আতিথেয়তা, ল্যান্ডস্কেপিং এবং সামুদ্রিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ খাতের মতো ব্যবসাগুলো এই ভিসার আওতায় উপকৃত হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ শ্রমিকের অভাবে যেসব প্রতিষ্ঠান গুরুতর আর্থিক ক্ষতির ঝুঁকিতে রয়েছে, তাদের জন্য এই অতিরিক্ত ভিসা উন্মুক্ত করা হবে।

২০২৫ সালে ক্ষমতায় ফিরেই ব্যাপক অভিবাসনবিরোধী অভিযান শুরু করেন ডোনাল্ড ট্রাম্প। অবৈধ অভিবাসীদের অপরাধী এবং সমাজের ওপর বোঝা হিসেবে তুলে ধরেন তিনি। তার প্রশাসন বৈধ অভিবাসনের ক্ষেত্রেও কড়াকড়ি আরোপ করে– যার মধ্যে রয়েছে বিস্তৃত ভ্রমণ নিষেধাজ্ঞা এবং শরণার্থী ও আশ্রয়প্রার্থীদের আবেদন পুনর্বিবেচনা।



Illustration Hakim Bite

শ্রমঘাটতির কারণে এইচ-২বি ভিসার সংখ্যা অতীতেও বাড়ানো হয়েছিল। সাবেক প্রেসিডেন্ট জো বাইডেনের আমল এবং ট্রাম্পের আগের মেয়াদে (২০১৭-২০২১) নির্দিষ্ট সময়ে এই ভিসার সংখ্যা বাড়ানো হয়।

মৌসুমি ব্যবসার সঙ্গে যুক্ত নিয়োগকর্তারা দীর্ঘদিন ধরেই আরও বেশি ভিসার দাবি জানিয়ে আসছিলেন। বিশেষ করে হোটেল ও নির্মাণ খাতের মালিকরা অভিযোগ করছেন, ট্রাম্প প্রশাসনের কঠোর অভিবাসন নীতির কারণে তারা প্রয়োজনীয় কর্মী পাচ্ছেন না।

যদিও অভিবাসন কমানোর পক্ষে থাকা বিভিন্ন গোষ্ঠী এই সিদ্ধান্তের বিরোধিতা করেছে। তাদের দাবি, এই ভিসাগুলো যুক্তরাষ্ট্রের শ্রমিকদের মজুরি কমিয়ে দেয় এবং স্থানীয় কর্মসংস্থানের ওপর নেতিবাচক প্রভাব ফেলে।

অন্যদিকে, প্রযুক্তি খাতে ব্যবহৃত এইচ-১বি ভিসার ক্ষেত্রে ট্রাম্প প্রশাসন আরও কঠোর অবস্থান নিয়েছে। এই কর্মসূচির আওতায় কর্মী নিতে চাইলে প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোর ওপর এক লাখ ডলার অতিরিক্ত ফি আরোপ করা হয়েছে, যা এরই মধ্যে আইনি চ্যালেঞ্জের মুখে পড়েছে।

ফেডারেল রেজিস্টারের বিজ্ঞপ্তিতে জানানো হয়, অতিরিক্ত এইচ-২বি ভিসা কার্যকর করতে একটি অস্থায়ী বিধি আগামী মঙ্গলবার আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হবে।

নির্বাচনকেন্দ্রিক অপতথ্যের ছড়াছড়ি

২-এর পৃষ্ঠায় পর

ভুয়া বক্তব্য ছড়িয়ে দাবি করা হয়, তিনি নাকি বলেছেন ১২ ফেব্রুয়ারি কোনো নির্বাচন হবে না, তিনি পাঁচ বছর ক্ষমতায় থাকতে চান। একইভাবে নির্বাচন কমিশনার অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল আবুল ফজল মোহাম্মদ সানাউল্লাহ নির্বাচনের ছুগিতাদেশ দিয়েছেন- এমন দাবিও ছড়ানো হয়। তথ্য যাচাইয়ে এসব দাবি মিথ্যা প্রমাণিত হয়েছে।

জোট ও আসন সমঝোতা নিয়ে অপতথ্য

অপতথ্যের বড় অংশ জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় জোট ঘিরে। ছড়ানো হয়েছে- জামায়াতের আমির শফিকুর রহমান নাকি বলেছেন, মাওলানা মামুনুল হকই রাষ্ট্রপতি বা প্রধানমন্ত্রী হওয়ার একমাত্র যোগ্য ব্যক্তি। আবার দাবি করা হয়, জোটে যুক্ত হওয়ার সুবিধার্থে মামুনুল হককে হেফাজতে ইসলামের সব পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে। তথ্য যাচাইয়ে এসব দাবির কোনো সত্যতা পাওয়া যায়নি।

এ ছাড়া জাতীয় নাগরিক পার্টির (এসসিপি) নেতাদের নিয়েও বিভ্রান্তিকর বক্তব্য ছড়ানো হয়। দাবি করা হয়, জামায়াতের সঙ্গে জোট হলে দলের নেতা হাসনাত আবদুল্লাহ পদত্যাগ করবেন কিংবা সদস্য সচিব আখতার হোসেন 'সহযোগীর কলঙ্ক' নিতে রাজি নন। বাস্তবে তাদের কেউই এমন বক্তব্য দেননি।

অন্যদিকে, বিএনপি নেতৃত্বাধীন জোট নিয়েও অপতথ্য ছড়ানো হয়েছে। একটি জাতীয় দৈনিকের নাম ব্যবহার করে ভুয়া ছবিকার্ড ছড়িয়ে বলা হয়, বিএনপি নাকি জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশের সঙ্গে আসন সমঝোতা বাতিল করেছে। প্রকৃতপক্ষে এমন কোনো সিদ্ধান্ত হয়নি এবং সংশ্লিষ্ট দলটি চারটি আসনে নির্বাচন করছে।

প্রার্থী ও মনোনয়ন ঘিরে গুজব

মনোনয়ন ও সম্ভাব্য প্রার্থী নিয়েও নানা মিথ্যা তথ্য ছড়ানো হয়। ঢাকা-৮ আসনে এক সম্ভাব্য প্রার্থী নিহত হওয়ার পর সামাজিক মাধ্যমে দাবি ওঠে, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের কয়েকজন নেতা সেখানে প্রার্থী হচ্ছেন। জামায়াত ও বিএনপির শীর্ষ নেতাদের মনোনয়ন বাতিল হয়েছে- এমন দাবিও ছড়ানো হয়, যা পরে মিথ্যা প্রমাণিত হয়।

কৃত্রিম বুদ্ধিমত্তায় ভুয়া প্রচারণা

নির্বাচনী প্রচারণা ঘিরে কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে তৈরি ভিডিও ও ছবির ব্যবহার বেশ বেড়েছে। বিএনপির শীর্ষ নেতার স্ত্রীকে দিয়ে ভোট চাওয়ার ভুয়া ভিডিও কিংবা সেনা কর্মকর্তা বেশে একটি দলের পক্ষে ভোট প্রার্থনার ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। যাচাইয়ে দেখা যায়, এসব ভিডিও কৃত্রিমভাবে তৈরি।

ভুয়া বক্তব্য ও জরিপ

এক মাসে অন্তত ৪৩টি অপতথ্যে রাজনৈতিক নেতা ও সরকারি উপদেষ্টাদের নামে ভুয়া বক্তব্য জুড়ে দেওয়া হয়। পাশাপাশি জনপ্রিয়তা যাচাইয়ের নামে ভুয়া জরিপ ছড়িয়ে জনমনে বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা করা হয়।

প্রতিবেদনে বলা হয়, নির্বাচনের সময় অপতথ্য শুধু বিভ্রান্তিই নয়, গণতান্ত্রিক প্রক্রিয়ার ওপরও আঘাত হানে। তাই তথ্য যাচাই, দায়িত্বশীল সংবাদ পরিবেশন এবং নাগরিক সচেতনতা এখন আগের যে কোনো সময়ের চেয়ে বেশি জরুরি।

বাংলাদেশে নির্বাচনি আচরণবিধি লঙ্ঘনের হিড়িক

২-এর পৃষ্ঠায় পর

চিত্র লক্ষ করা গেছে পুরানা পল্টনের অলিগলিতেও। সেখানেও নিয়ম ভেঙে ব্যবহার করা হয়েছে ডিজিটাল সাইনবোর্ড ও রঙিন ব্যানার।

নির্বাচনি বিধি লঙ্ঘনের বিষয়ে জানতে এনসিপি মনোনীত 'শাপলা কলি' প্রতীকের প্রার্থী নাসীরুদ্দীন পাটওয়ারীর সঙ্গে মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলে অন্য একজন কল রিসিভ করেন। তিনি বিষয়টি নিয়ে পরে কথা বলবেন জানিয়ে হোয়াটসঅ্যাপে মেসেজ দেওয়ার পরামর্শ দেন। তবে পরে হোয়াটসঅ্যাপে বিস্তারিত জানিয়ে খুদে বার্তা পাঠানো হলেও প্রার্থীর পক্ষ থেকে কোনো উত্তর পাওয়া যায়নি।

অন্যদিকে বিএনপি মনোনীত 'ধানের শীষ' প্রতীকের প্রার্থী মির্জা আব্বাসের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলে তিনি বারবার ফোনকল বিচ্ছিন্ন করে দেন। পরে তার ঘনিষ্ঠ কয়েকজন নেতাকর্মীর সঙ্গে কথা বললে নাম প্রকাশ না করার শর্তে একজন দাবি করেন, নির্বাচনি প্রচারণার জন্য ৫০ থেকে ৬০টি রঙিন ব্যানার ব্যবহারের সুযোগ বিধিমালার মধ্যেই রয়েছে।

যদিও ইসির কর্মকর্তারা জানান, বিদ্যমান আচরণবিধিতে রঙিন ব্যানার বা সাইনবোর্ড ব্যবহারের কোনো সুযোগ নেই।

এছাড়া ঢাকা-৫ আসনে ডেমরা-রামপুরা সড়কের মীরপাড়া এলাকায় গিয়ে গণঅধিকার পরিষদের প্রার্থী সৈয়দ মোহাম্মদ ইব্রাহিম রণকের বড় ফেস্টুন ও ব্যানার দেখা গেছে। এর একটু সামনে দেখা গেল বাংলাদেশ খেলাফত আন্দোলনের প্রার্থী মো. আতিকুর রহমান নান্নু মুন্সীর রঙিন পোস্টার। আর ওই সড়কের অধিকাংশ স্থানে, এমনকি বিদ্যুতের খুঁটিতেও বিএনপির প্রার্থী নবী উল্লাহ নবীর ব্যানার-ফেস্টুন সাঁটানো রয়েছে।

এদিকে ডেমরা-যাত্রাবাড়ী সড়কের স্টাফ কোয়ার্টার এলাকায় ৩৩ হাজার ভোল্টের বিদ্যুৎ সঞ্চালন লাইনের পোলের মধ্যে ও বিদ্যুতের খুঁটিতে হাতপাখা মার্কার প্রার্থী ইবরাহীমের ফেস্টুন ব্যানার দেখা গেছে। একই সঙ্গে জামায়াতে ইসলামী প্রার্থী মোহাম্মদ কামাল হোসেনের আগের সাঁটানো রঙিন পোস্টার রয়ে গেছে এলাকার অলিগলিতে।

বন্দরনগরী চট্টগ্রামেও একের পর এক আচরণবিধি লঙ্ঘনের ঘটনা ঘটছে। বুধবার নির্বাচনি আচরণবিধি অমান্য করার অভিযোগে চট্টগ্রাম-৩ (সন্দ্বীপ) সংসদীয় আসনের জামায়াত প্রার্থী মো. আলাউদ্দীন শিকদারকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে ইলেক্টোরাল ইনকোয়ারি কমিটি। একই দিন চট্টগ্রাম-১৪ চন্দনাইশ আসনে এলডিপির প্রার্থী ওমর ফারুককে কারণ দর্শানোর নোটিশ দিয়েছেন নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটির চেয়ারম্যান সানজিদা আফরোজ বৃষ্টি। চট্টগ্রামে বিএনপির কয়েক প্রার্থীকেও কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। এছাড়া বিভিন্ন আসনে নির্বাচনি প্রচারে হামলা-পালটাহামলার ঘটনা ঘটেছে। রাজশাহীতে প্রার্থীদের নির্বাচন আচরণবিধি লঙ্ঘনের হিড়িক পড়েছে। প্রার্থীরা একের পর এক নির্বাচন আচরণবিধি লঙ্ঘন করে চলেছেন। আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে রাজশাহী-১ (গোদাগাড়ী-তানোর) আসনের বিএনপি মনোনীত প্রার্থী মেজর জেনারেল (অব.) শরীফ উদ্দীনকে নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দিয়ে আদালতে তলব করলে তিনি জবাব দিয়েছেন। একই আসনে জামায়াতের প্রার্থী দলটির কেন্দ্রের সিনিয়র নায়েবে আমির মুজিবুর রহমানের বিরুদ্ধেও আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে নোটিশ দেওয়া হয়।

খুলনায় নির্বাচনি আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে ৪ শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে খুলনা-৬ আসনের নির্বাচনি অনুসন্ধান ও বিচারক কমিটি।

--- প্রতিবেদন যুগান্তর

জামায়াতের সহযোগিতা না পেয়ে নাখোশ শরিকরা

২-এর পৃষ্ঠায় পর

হয়েছে, সেগুলোতে দিনে এক হাজার টাকা করে দিচ্ছেন। যা সামান্য। বিপরীতে বিএনপি এবং স্বতন্ত্র প্রার্থীর কার্যালয়গুলোতে দিনে ২০ হাজার টাকা পর্যন্ত খরচ করছেন। জামায়াত নিজ খরচে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ এবং কর্মী দিয়ে সহায়তা দিলেও আর্থিক সহযোগিতা করছে না। তারাও বলছে, টাকা নেই।

এনসিপির নির্বাচন পরিচালনা কমিটির সেক্রেটারি মনিরা শারিমন বলেছেন, নতুন এবং তরুণদের দল হিসেবে আর্থিক টানাপোড়েন তো সব সময়ই রয়েছে। এনসিপির দু-একজন বাদে কারও পক্ষে নিজ খরচে নির্বাচন করা সম্ভব নয়। আবার দলীয়ভাবেও সম্ভব নয়। তারপও যতটুকু সম্ভব দল এবং প্রার্থীরা খরচ জোগাচ্ছে।

জামায়াতকর্মীরা নেই শরিকের পাশে

এনসিপিকে ৩০ আসন ছেড়েছে জামায়াত। তবে নরসিংদী-২ এবং চট্টগ্রাম-৮ আসন থেকে মনোনয়নপত্র প্রত্যাহার করেননি জামায়াতের প্রার্থীরা। যদিও কেন্দ্রীয়ভাবে আশ্বস্ত করে এ আসনগুলো থেকে দাঁড়িপাল্লা প্রতীক প্রত্যাহারে নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছিল জামায়াত। তাতে অবশ্য কাজ হয়নি। এনসিপির ৩০ আসনের ১২টিতে কোনো না কোনো শরিকের প্রার্থী রয়েছেন। মামুনুল হকের নেতৃত্বাধীন বাংলাদেশ খেলাফত মজলিসের প্রার্থী রয়েছেন ছয়টি আসনে। এসব আসনে একাধিক শরিক দলের প্রার্থী থাকায় জামায়াত কোনো দলের পক্ষে পুরোপুরি নামছে না। তবে জামায়াতের আবদুল হালিম সমকালকে বলেছেন, আজ রোববারের মধ্যে এই সমস্যার সমাধান হয়ে যাবে।

এনসিপির মনিরা শারিমন বলেছেন, শুরুতে এই সমস্যা বেশি ছিল। আস্তে আস্তে তা কাটছে। এখন পর্যন্ত দুটি বাদে ২৮ আসনে জামায়াতের নেতাকর্মীরা এনসিপির প্রচারে নেমেছেন। নরসিংদী-২ এবং চট্টগ্রাম-৮ আসনে কিছু সমস্যা রয়েছে। এগুলো সমাধানের চেষ্টা করছে ১১ দলের লিয়াজোঁ কমিটি। আশা করি, শিগগির ঠিক হবে।

কর্নেল (অব.) অলি আহমদ বীরবিক্রমের নেতৃত্বাধীন এলডিপিকে একটি উন্মুক্তসহ সাতটি আসন ছেড়েছিল জামায়াত। সিদ্ধান্ত হয়েছিল, ময়মনসিংহ-১০ আসন উন্মুক্ত থাকবে। সেখানে জামায়াত এবং এলডিপি যে যার মতো নির্বাচন করবে। বাকি ছয়টি আসনে এলডিপিকে পূর্ণ সমর্থন দেবে জামায়াত।

তবে ২০ জানুয়ারি মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিনে এলডিপিকে ছেড়ে দেওয়া ভোলা-২ এবং চট্টগ্রাম-১২ আসন থেকে প্রার্থিতা প্রত্যাহার করেননি জামায়াতের প্রার্থীরা। এসব আসনে জামায়াত নামেমাত্র এলডিপির পক্ষে। বরং দলীয় প্রার্থীর পক্ষে প্রচার চালাচ্ছেন।

এলডিপির মোকফার উদ্দিনকে ছেড়ে দেওয়া ভোলা-২ আসনে জামায়াতের মোহাম্মদ ফজলুল করিমও রয়ে গেছেন। জেলা এলডিপি দলের প্রার্থীর পরিবর্তে জামায়াতকে সমর্থন দিয়েছে। ফলে দাঁড়িপাল্লা নির্বাচন করছে জোট শরিককে ছেড়ে দেওয়া আসনে।

চট্টগ্রাম-১২ আসনে জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় নির্বাচনী ঐক্যের মনোনয়ন পেয়েছিলেন এলডিপির এম এয়াকুব আলী। ২৪ জানুয়ারি জামায়াতের মোহাম্মদ ফরিদুল আলম তাঁকে সমর্থন দিয়ে সরে দাঁড়ান। কিন্তু জামায়াতের নেতাকর্মীরা এলডিপির পক্ষে নামেননি। এ পরিস্থিতিতে ২৯ জানুয়ারি ফরিদুল আলমকে সমর্থন দিয়ে সরে দাঁড়িয়েছেন এয়াকুব আলী। ফলে জামায়াতই নির্বাচন করছে এই আসন থেকে।

শরিক দল নেজামে ইসলামের মুজাম্মিল হক তালুকদারের ছেড়ে দেওয়া সুনামগঞ্জ-১ আসনে জামায়াতের তোফায়েল আহমেদ মনোনয়নপত্র প্রত্যাহার করেননি। পরে সরে দাঁড়ানোর ঘোষণা দিলেও গত বুধবার জানান, নির্বাচনে আছেন। জামায়াতের সবাই তাঁর পক্ষে প্রচার করছেন।

খেলাফত মজলিসের আহমদ বিলালকে ছেড়ে দেওয়া মৌলভীবাজার-৩ আসনে জামায়াত প্রার্থী আবদুল মান্নান মনোনয়নপত্র প্রত্যাহার করেননি। তাঁর সমর্থকরা জোট শরিকের পাশে না থেকে দাঁড়িপাল্লার প্রচার চালাচ্ছেন। একই অবস্থা চট্টগ্রাম-৮ আসনে। প্রার্থিতা প্রত্যাহার না করা জামায়াতের আবু নাছের নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিলেও তাঁর সমর্থকরা এনসিপির জুবাইরুল হাসান আরিফের নির্বাচনী প্রচারে নেই। তারা দাঁড়িপাল্লার প্রচার করছেন।

জামায়াতের স্থানীয় নেতাকর্মীরা এনসিপিকে পূর্ণ সহায়তা করছেন না নরসিংদী-২ আসনেও। তারা নির্বাচন থেকে সরে দাঁড়ানো আমজাদ হোসেনের দাঁড়িপাল্লার প্রচার করছেন। জামায়াত সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার চিঠি দিলেও কাজ হয়নি।

দলের প্রার্থীদের প্রচারে জামায়াত আমির

জোট শরিকদের ছেড়ে দেওয়া আসনে জামায়াত আমির ডা. শফিকুর রহমান জনসভায় না করায় অসন্তোষ রয়েছে ১১ দলে। জামায়াত আমির ঢাকা-৫, ৬, ৭ ও ১০ আসনে জনসভা করলেও, এনসিপিকে ছেড়ে দেওয়া ৮, ১১, ১৮, ১৯ ও ২০ আসনে যাননি। যাননি বাংলাদেশ খেলাফতকে ছেড়ে দেওয়া ঢাকা-১৩ আসনে।

ঢাকা-৬ আসনের জনসভায় ঢাকা-৮ আসনের এনসিপির প্রার্থী নাসীরুদ্দীন পাটওয়ারীকে ডেকে নিয়ে শাপলা কলি তুলে দেন জামায়াত আমির। গত শুক্রবার ঢাকা-২ আসনে জামায়াত প্রার্থীর পক্ষে জনসভা করেন তিনি। সেখানে ঢাকা-১৯ এবং ঢাকা-২০ আসনের এনসিপির প্রার্থীদের ডেকে আনা হয়।

শরিক দলগুলোর মধ্যে শুধু এনসিপিকে ছেড়ে দেওয়া পঞ্চগড়-১ আসনে সারজিস আলমের জন্য প্রচার করেন জামায়াত আমির। সেখানে বড় জনসভা করেন। শরিক দলগুলো বলছে, জামায়াত আমির ঢাকার বাইরে লাখো মানুষের জনসভা করছেন। শরিক দলগুলোর আসনে একই রকম সমাবেশ করলে এলাকায় শক্ত বার্তা দেওয়া যেত। জামায়াত আমির না গেলে, জামায়াত জোট শরিকদের জনসভায় বেশি লোক পাঠায় না। ফলে আকর্ষণ তৈরি হয় না। জামায়াত আমিরকে পেতে দলটির নির্বাচন পরিচালনা কমিটির কাছে শরিক দলের অন্তত ১০ প্রার্থী অনুরোধ করলেও জনসভার সময় পাওয়া যায়নি।

--সূত্র সমকাল

রাশিয়া-ইউক্রেন যুদ্ধে ঠেলে দেওয়া হচ্ছে বাংলাদেশিদের

৩-এর পৃষ্ঠায় পর

ড্রোন হামলায় তাঁর মৃত্যু হয়েছে। সত্য লুকিয়ে রাখতে গিয়ে সেই শোকে তাঁর মা-ও মৃত্যুবরণ করেন।

গ্রামে ফিরে আসা মাকসুদুর রহমান বলেন, "আমি কোনো টাকা চাই না। আমি শুধু চাই, আর কোনো বাংলাদেশি যেন এই মিথ্যা স্বপ্নে পা দিয়ে যুদ্ধে না যায়।"

এই ঘটনার পেছনে রয়েছে দালালচক্রের বহুস্তরীয় নেটওয়ার্ক। বাংলাদেশি মধ্যস্থতাকারী থেকে শুরু করে রাশিয়ায় অবস্থানরত এজেন্ট– সবাই লাভবান হলেও ধ্বংস হয়েছে শ্রমিকদের জীবন। ব্র্যাকসহ মানবাধিকার সংগঠনগুলো বলছে, এটি স্পষ্ট মানবপাচার ও যুদ্ধাপরাধের শামিল।

এ বিষয়ে রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় কিংবা বাংলাদেশ সরকার কেউই অ্যাসোসিয়েটেড প্রেসের প্রশ্নের জবাব দেয়নি।

---প্রতিবেদন এপি

সহিংসতার উচ্চ ঝুঁকিতে ১৩ সংসদীয় আসন

বাংলা পত্রিকা ডেস্ক: দরজায় কড়া নাড়ছে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন। আইনশৃঙ্খলা পরিস্থিতি ও নিরাপত্তার নিরিখে আসনভিত্তিক ঝুঁকি চিহ্নিত করেছে পুলিশ। নির্বাচনী প্রচারণা চলাকালে পাল্টাপাল্টি হামলা, ভোটকে কেন্দ্র করে সংঘাত ও নাশকতার আশঙ্কায় 'গোলযোগপূর্ণ' হিসেবে কিছু আসনের তালিকা করেছে পুলিশের বিশেষ শাখা।

এতে পাবনা, চট্টগ্রাম, পটুয়াখালীসহ ১০ জেলার ১৩টি আসনকে অতি ঝুঁকিপূর্ণ হিসেবে বিবেচনা করা হচ্ছে। এসব আসনে থাকবে বাড়তি নজরদারি। নির্বিঘ্ন পরিবেশ বজায় রাখতে কী কী ব্যবস্থা নেওয়া প্রয়োজন, তা জানিয়ে মাঠ পর্যায়ে নির্দেশনা দেওয়া হয়েছে। এ ছাড়া ৪৫টি নির্বাচনী আসনকে মধ্যম ঝুঁকির তালিকায় রাখছে পুলিশ।

তপশিল ঘোষণার পর থেকে দেশের বিভিন্ন এলাকায় নির্বাচনী সহিংসতার ঘটনা ঘটছে। সহিংসতার সংখ্যা ২০০ ছাড়িয়েছে। এ ছাড়া এখন পর্যন্ত নির্বাচনী সহিংসতায় পাঁচজন নিহত হয়েছেন। পুলিশের হিসাবমতে, ৫০টি আসনে সংঘর্ষের ঘটনা ঘটেছে। বাকি আসনে উল্লেখ করার মতো কোনো সংঘাত হয়নি। সেখানে পরিস্থিতি শান্তিপূর্ণ।

১০ জেলায় নজর

পুলিশের তথ্যমতে, ১০ জেলার ১৩টি আসনকে অতি ঝুঁকিপূর্ণ বিবেচনায় সেখানে বিশেষ নজর থাকবে। এ আসনগুলো হলো পাবনা-১ ও ৩। এ ছাড়া খুলনা-৫, পটুয়াখালী-৩, বরিশাল-৫, টাঙ্গাইল-৪, শেরপুর-৩, ঢাকা-৮, ঢাকা-১৫, ঢাকা-৭, কুমিল্লা-৪, নোয়াখালী-৬ ও চট্টগ্রাম-১৫। পুলিশের তালিকায় অতি ঝুঁকিপূর্ণ এসব আসনের কয়েকটিতে এরই মধ্যে একাধিক দফায় নির্বাচনী সংঘাত হয়েছে।

পটুয়াখালী-৩ (গলাচিপা-দশমিনা) আসনে বিএনপি জোটের প্রার্থী নুরুল হক নুর এবং 'বিদ্রোহী' প্রার্থী হাসান মামুনের কর্মী-সমর্থকদের মধ্যে সর্বশেষ শনিবার রাত ১১টার দিকে সংঘর্ষ হয়। গলাচিপা উপজেলার ডাকুয়া ইউনিয়নের ৩ নম্বর চত্রা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে এ ঘটনা ঘটে। এতে উভয় পক্ষের ১৫ জন কর্মী-সমর্থক আহত হন। এর আগে ২৬ জানুয়ারি পটুয়াখালীর দশমিনার পাগলা বাজারে নুরুল হক নুর ও হাসান মামুনের কর্মীদের মধ্যে সংঘর্ষে সাতজন আহত হয়েছেন। উভয় পক্ষের নির্বাচনী অফিসও ভাঙচুর করা হয়।

খুলনা-৫ (ডুমুরিয়া-ফুলতলা) আসনে বিএনপির হয়ে লড়ছেন আলি আসগার লবি। এ আসনে জামায়াতের প্রার্থী দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। এখন পর্যন্ত এ আসনে বড় ধরনের সংঘাত না হলেও পুলিশের তালিকায় এটি অতি ঝুঁকিপূর্ণ। ঝুঁকির তালিকায় থাকা বরিশাল-৫ (সদর-সিটি করপোরেশন) আসনে বিএনপির প্রার্থী মজিবর রহমান সরোয়ার। এ আসনে আরও লড়ছেন ইসলামী আন্দোলনের জ্যেষ্ঠ নায়েবে আমির মুফতি সৈয়দ মুহাম্মদ ফয়জুল করীম ও বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ) মনোনীত ও গণতান্ত্রিক যুক্তফ্রন্ট সমর্থিত ডা. মনীষা চক্রবর্তী।

বরিশাল-৫ আসনে এখন পর্যন্ত বড় ধরনের কোনো সংঘাত হয়নি। তবে একটি বেসরকারি টেলিভিশনের আয়োজনে সংলাপ অনুষ্ঠানে বিএনপি ও ইসলামী আন্দোলনের কর্মীদের মধ্যে হাতাহাতি হয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে কুমিল্লা-৪ আসনে বিএনপি মনোনীত প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সী নির্বাচনে অংশ নিতে পারছেন না। তাঁর প্রার্থিতা ফিরে পেতে করা লিভ টু আপিল



পুলিশের বিশেষ শাখার প্রতিবেদন

- উচ্চ ঝুঁকিতে থাকা আসনগুলো হলো– পাবনা-১ ও ৩, খুলনা-৫, পটুয়াখালী-৩, বরিশাল-৫, টাঙ্গাইল-৪, শেরপুর-৩, ঢাকা-৮, ঢাকা-১৫, ঢাকা-৭, কুমিল্লা-৪, নোয়াখালী-৬ ও চট্টগ্রাম-১৫
- এখন পর্যন্ত ৫০টি আসনে ছোট-বড় সংঘর্ষ
- পাল্টাপাল্টি অভিযোগ প্রার্থীদের

খারিজ করে দিয়েছেন আপিল বিভাগ। এ আসনে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন জোটের মনোনীত প্রার্থী হিসেবে জাতীয় নাগরিক পার্টির নেতা হাসনাত আবদুল্লাহ নির্বাচনে লড়ছেন। তাঁর সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করছেন গণঅধিকার পরিষদ মনোনীত প্রার্থী মো. জসীম উদ্দিন (ট্রাক প্রতীক), ইনসানিয়াত বিপ্লব বাংলাদেশের প্রার্থী ইরফানুল হক সরকার (আপেল), খেলাফত মজলিসের প্রার্থী মোহাম্মদ মজিবুর রহমান (দেওয়াল ঘড়ি) এবং ইসলামী আন্দোলনের প্রার্থী মো. আব্দুল করিম (হাতপাখা)।

পাল্টাপাল্টি উত্তপ্ত বাক্যবিনিময়, ডিম ছোড়ার ঘটনায় এরই মধ্যে আলোচনার কেন্দ্রে ঢাকা-৮ আসন। বিএনপির হেভিওয়েট প্রার্থী মির্জা আব্বাস ও জামায়াতের নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের প্রার্থী জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নাসীরুদ্দীন পাটওয়ারী লড়ছেন শাপলা কলি প্রতীকে। লাঙ্গল নিয়ে মাঠে রয়েছেন জাতীয় পার্টির মো. জুবের আলম খান। ঢাকা-৮ আসনটি রাজধানীর রমনা, শাহবাগ, মতিঝিল, কাকরাইল, মগবাজারের অংশবিশেষ নিয়ে গঠিত। ঢাকা বিশ্ববিদ্যালয়, সচিবালয় এ এলাকায় হওয়ায় আসনটিকে দেশের প্রশাসনিক ও রাজনৈতিক কর্মকাণ্ডের কেন্দ্রস্থল বলা যায়। এ ছাড়া ঢাকা-১৫ আসনটি অতি ঝুঁকিপূর্ণ হিসেবে বিবেচনা করছে পুলিশ। প্রচারণায় জমে উঠেছে এই আসন। আসনটিতে বিএনপির প্রার্থী শফিকুল ইসলাম খান মিল্টন এবং জামায়াতের হয়ে লড়ছেন দলটির আমির ডা. শফিকুর রহমান।

ঝুঁকিপূর্ণ আসনের প্রার্থীরা যা বলছেন

চট্টগ্রাম-১৫ আসনের বিএনপিদলীয় প্রার্থী নাজমুল মোস্তফা আমিন সমকালকে বলেন, 'সাতকানিয়া-লোহাগাড়া আসনে কেন্দ্র দখলের পাঁয়তারা করছে প্রতিপক্ষ দল। প্রশাসনকে প্রকাশ্যে হুমকি দিয়েছে তারা। তাই এ আসনে ভোটকেন্দ্রের নিরাপত্তা নিয়ে আলাদা করে ভাবতে হবে প্রশাসনকে।'

বরিশাল-৫ আসনে ইসলামী আন্দোলনের প্রার্থী সৈয়দ মুহাম্মদ ফয়জুল করীম বলেন, 'বিএনপির আচরণ দেখে মনে হচ্ছে, তারা পুরোনো বন্দোবস্ত নতুন করে চালু করতে চায়। ২০০১ সালে ইউনিয়ন পরিষদ নির্বাচনে সন্ত্রাস করেছে তারা। আওয়ামী লীগ আমলের নির্বাচনের কথা সবাই জানেন। কয়েক দিন আগে শিল্পকলা একাডেমি মিলনায়তনে একটি টিভি সংলাপ অনুষ্ঠানে বিএনপিকর্মীরা ইসলামী আন্দোলনের কর্মীদের ওপর হামলা করেছে। এর পর থেকে বিএনপি নিয়ে আতঙ্ক আরও ছড়িয়েছে।' মোবাইল ফোন বন্ধ থাকায় মজিবর রহমান সরোয়ারের বক্তব্য পাওয়া যায়নি। বরিশাল-৫ আসনে বিএনপির মিডিয়া সেলের প্রধান আনোয়ারুল হক তারিন বলেন, ২০০১ সালের নির্বাচনের দিন চরমোনাই ইউনিয়নের একটি কেন্দ্রে পীরের লোকজন হামলা করে মজিবর রহমান সরোয়ারকে রক্তাক্ত জখম করেছে। আমরা চরমোনাই ইউনিয়নের প্রতিটি কেন্দ্র অতি ঝুঁকিপূর্ণ মনে করি। বরিশাল-৫ আসনে বাসদের প্রার্থী ডা. মনীষা চক্রবর্তী বলেন, 'দেশের ৩০০ আসনই ঝুঁকিপূর্ণ। সরকার মব সন্ত্রাস নিয়ন্ত্রণ করতে ব্যর্থ। তারা কীভাবে শান্তিপূর্ণ নির্বাচন করবে- আমার বোধগম্য নয়। প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী ঠুঁটো জগন্নাথের ভূমিকায় আছে। ভোটের দিন কেন্দ্রে সন্ত্রাস হলে তারা নিয়ন্ত্রণ করতে পারবে বলে মনে হয় না।'

খুলনা-৫ আসনে ১১ দলীয় জোটের প্রার্থী মিয়া গোলাম পরওয়ার বলেন, 'নির্বাচনী পরিবেশ দিন দিন খারাপ হচ্ছে। এলাকার হিন্দু ও নারীদের ভয় দেখানো হচ্ছে। ডুমুরিয়ার মঠবাড়িয়ায় আমার উঠান বৈঠক হতে দেয়নি। ফুলতলায় প্রচারে বাধা ও নারীদের হুমকি দেওয়া হয়েছে। বিভিন্ন মাধ্যমে সংবাদ পেলাম, তিন দিন আগে আওয়ামী লীগের পলাতক সন্ত্রাসীদের এলাকায় এনে গোপন বৈঠক করা হয়েছে। অবৈধ অস্ত্র মজুত করা হচ্ছে। জিততে না পারলে কেন্দ্র দখলের আওয়াজ দিচ্ছে প্রতিপক্ষরা। নির্বাচন কমিশন ও প্রশাসন এসবের বিরুদ্ধে ব্যবস্থা না নিলে নির্বাচনের পরিবেশ ব্যাহত হবে।'

মধ্যম ঝুঁকিতে যেসব আসন

পুলিশের হিসাবে সংঘাতের আশঙ্কা থেকে মধ্যম ঝুঁকিতে যেসব আসন তালিকায় রয়েছে তা হলো- পঞ্চগড়-১, ঠাকুরগাঁও-১,

১২-এর পৃষ্ঠায় দেখুন

বিশেষ নির্বাচনের বিজ্ঞপ্তি আগামীকাল

নিউ ইয়র্ক কাউন্টি: নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি সদস্য—৭৪তম অ্যাসেম্বলি জেলা

নিউ ইয়র্ক কাউন্টি: নিউ ইয়র্ক স্টেট সিনেট—৪৭তম জেলা

নিউ ইয়র্ক কাউন্টি: নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি সদস্য—৩৬তম স্টেট অ্যাসেম্বলি জেলা

মঙ্গলবার, ফেব্রুয়ারি মাসের ৩ তারিখ, ২০২৬

নিউ ইয়র্ক শহরের নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১২০ এবং ৪-১২২ এর বিধান অনুসারে, এই বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে নিউ ইয়র্ক কাউন্টি, এবং কুইন্স কাউন্টিতে বিশেষ নির্বাচন মঙ্গলবার, ফেব্রুয়ারি মাসের ৩ তারিখ সকাল ৬ টা থেকে রাত ৯ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

আপনি ভোট দিতে পারবেন কি না জানতে, প্রার্থীদের তালিকা দেখতে,
ভোট-কেন্দ্র খুঁজতে, অথবা একটি নমুনা ব্যালটের জন্য, দেখুন:

VOTE.NYC

অথবা, কল করুন টোল - ফ্রি: **(866) 868-3692** • টিটিওয়াই: **(212) 487-5496**
নির্বাচন কর্মী হিসাবে কাজ করতে চাইলে **POLLWORKER.VOTE.NYC** দেখুন

দ্যা বোর্ড অব ইলেকশনস
ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক
Executive Office, 32 Broadway, 7th Floor
New York, NY 10004

কমিশনারস অব ইলেকশনস
Jodi Morales—প্রেসিডেন্ট
Gino A. Marmorato—সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Marc A. Landis
Frank R. Seddio
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan
Frederic M. Umane

অভ্যন্তরীণ বিমানে ভ্রমণে ৪৫ ডলার ফি কার্যকর

প্রথম পৃষ্ঠার পর

পরিচয়পত্র ছাড়া বিমান ভ্রমকারী যাত্রীদের জন্য এ ফি কার্যকর করা হয়েছে।

ট্রান্সপোর্টেশন অথরিটি (টিএসএ) জানিয়েছে, যাদের রিয়েল আইডি বা পাসপোর্ট সহ বিকল্প গ্রহণযোগ্য পরিচয়পত্র থাকবেনা এ ক্ষেত্রে ওই যাত্রীদের ৪৫ ডলার দিয়ে ব্যবহার করতে হবে বিকল্প পরিচয় যাচাই সেবা 'কনফার্মআইডি'। এই অর্থ কোনো জরিমানা নয়, বরং এটি প্রশাসনিক ফি, যার মাধ্যমে রিয়েল আইডি বিহীন যাত্রীদের পরিচয় যাচাই করতে অতিরিক্ত সময় ও জনবল ব্যয়ের খরচ আদায় করা হবে। তবে ফি পরিশোধ করলেও যে যাত্রী নিশ্চয়ই বিমানে উঠতে পারবেন এমন কোনো নিশ্চয়তা নেই।

নতুন ব্যবস্থায় ১৮ বছর বা তার বেশি বয়সী যাত্রীরা যদি অভ্যন্তরীণ ফ্লাইটে ওঠার সময় রিয়েল আইডি বা অন্য কোনো গ্রহণযোগ্য পরিচয়পত্র সঙ্গে না রাখেন, তবে তাঁদের এই ৪৫ ডলার ফি দিতে হবে। যাচাই সফল হলে তা ১০ দিনের ভ্রমণের জন্য কার্যকর থাকবে।

হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ জানিয়েছে, যুক্তরাষ্ট্রের অধিকাংশ যাত্রী ইতোমধ্যে রিয়েল আইডি কিংবা গ্রহণযোগ্য পরিচয়পত্র ব্যবহার করছেন। নতুন এই ফি মূলত বাকিদের উৎসাহিত করতেই আরোপ করা হয়েছে, যাতে তারা দ্রুত রিয়েল আইডি সংগ্রহ করেন।

রিয়েল আইডি মূলত ফেডারেল মানদণ্ডে অনুমোদিত রাজ্য-প্রদত্ত ড্রাইভিং লাইসেন্স বা পরিচয়পত্র। ২০০১ সালের ১১ সেপ্টেম্বরের সন্ত্রাসী হামলার পর নিরাপত্তা জোরদারের অংশ হিসেবে এ ব্যবস্থা চালুর সিদ্ধান্ত নেওয়া হয়। যদিও ২০০৮ সালেই এটি কার্যকর হওয়ার কথা ছিল, নানা কারণে বাস্তবায়ন একাধিকবার পিছিয়ে যায়।

গত মে মাস থেকেই রিয়েল আইডি কার্যত বাধ্যতামূলক হলেও এতদিন যাত্রীরা সতর্কবার্তা ও অতিরিক্ত তল্লাশির মাধ্যমে নিরাপত্তা চেকপয়েন্ট পার হতে পারছিলেন। নতুন নিয়মে সেই ছাড় আর থাকছে না।

টিএসএর ভারপ্রাপ্ত উপ-প্রশাসক অ্যাডাম স্টাল বলেন, "এই ফি নিশ্চিত করবে যেন রিয়েল আইডি বিহীন যাত্রীদের যাচাইয়ের খরচ করদাতাদের নয়, সংশ্লিষ্ট যাত্রীদেরই বহন করতে হয়।"

ফি পরিশোধ করতে হবে টিএসএর ওয়েবসাইটে অনলাইনে। সেখানে যাত্রীর আইনি নাম ও ভ্রমণের শুরুর তারিখ দিতে হবে। ডেবিট বা ক্রেডিট কার্ডের পাশাপাশি ভেনমো ও পেপ্যালের মাধ্যমেও অর্থ পরিশোধ করা যাবে। প্রয়োজনে অন্য কেউ যাত্রীর পক্ষ থেকে অর্থ দিতে পারবেন, তবে তথ্য অবশ্যই সঠিক হতে হবে।

পরিশোধের পর যাত্রী ই-মেইলে একটি রসিদ পাবেন। বিমানবন্দরের নিরাপত্তা চেকপয়েন্টে সেই রসিদের ডিজিটাল বা প্রিন্ট কপি এবং কোনো সরকারি পরিচয়পত্র দেখিয়ে যাচাই প্রক্রিয়া শুরু করতে হবে। টিএসএ জানিয়েছে, এই যাচাই প্রক্রিয়ায় একাই ৩০ মিনিট পর্যন্ত সময় লাগতে পারে। তাই বিমানবন্দরে পৌঁছানোর আগেই ফি পরিশোধ করার পরামর্শ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, রিয়েল আইডি ছাড়াও পাসপোর্ট, পার্মানেন্ট রেসিডেন্ট কার্ড, গ্লোবাল এন্ট্রি বা নেক্সাসের মতো ট্রাস্টেড ট্রাভেলার কার্ড, সামরিক পরিচয়পত্র এবং স্বীকৃত আদিবাসী গোষ্ঠীর ছবি-সংবলিত পরিচয়পত্র এখনো টিএসএ গ্রহণ করছে।

ওয়ারেন্ট ছাড়াই গ্রেপ্তার করতে পারবে আইস এজেন্টরা

প্রথম পৃষ্ঠার পর

পরিচালক টড লায়ন্স স্বাক্ষরিত এই নির্দেশনা শুক্রবার মিনেসোটার একটি ফেডারেল আদালতে দাখিল করা হয়।

মানবাধিকার সংগঠন ও অভিবাসন বিশ্লেষকদের মতে, এই সিদ্ধান্ত নাগরিক অধিকার ক্ষুণ্ন করার পাশাপাশি নির্বিচার ধরপাকড়ের ঝুঁকি বাড়াবে।

যুক্তরাষ্ট্রের প্রচলিত অভিবাসন আইনে সাধারণত কাউকে আটক করতে হলে আইসের প্রশাসনিক ওয়ারেন্ট প্রয়োজন হয়। এসব ওয়ারেন্ট বিচারকের নয়, বরং আইসের অভ্যন্তরীণ কর্মকর্তাদের স্বাক্ষরে জারি করা হয়। তবে আইনে একটি ব্যতিক্রম রয়েছে যদি কোনো কর্মকর্তা মনে করেন, ওয়ারেন্ট আনতে দেরি হলে সংশ্লিষ্ট ব্যক্তি পালিয়ে যেতে পারেন, সেক্ষেত্রে ওয়ারেন্ট ছাড়াই গ্রেপ্তার করা যায়।

নতুন মেমোতে 'পালিয়ে যাওয়ার আশঙ্কা' বা likely to escape-এর ব্যাখ্যাই বিস্তৃত করা হয়েছে। টড লায়ন্স আগের ব্যাখ্যাকে "অযৌক্তিক ও ভুল" বলে বাতিল করেছেন। আগে এই আশঙ্কা নির্ধারণ করা হতো কাউকে 'ফ্লাইট রিস্ক' হিসেবে চিহ্নিত করে অর্থাৎ তিনি আদালতে হাজির হবেন কি না, ইমিগ্রেশন প্রক্রিয়া মেনে চলবেন কি না, তা বিবেচনায় নিয়ে।

কিন্তু নতুন নির্দেশনায় বলা হয়েছে, কেউ যদি সেই স্থানে অবস্থান করবেন বলে নিশ্চিত না হন যেখানে তাকে প্রথম পাওয়া গেছে– তাহলেই তাকে 'পালিয়ে যাওয়ার আশঙ্কায় থাকা ব্যক্তি' হিসেবে ধরা যাবে।

মেমোতে লায়ন্স লিখেছেন,

"একজন অভিবাসী তখনই 'পালিয়ে যেতে পারেন' বলে গণ্য হবেন, যখন কোনো কর্মকর্তা মনে করবেন যে প্রশাসনিক ওয়ারেন্ট আনার আগেই তাকে আর খুঁজে পাওয়া যাবে না।"

এই সিদ্ধান্ত নিতে আইস কর্মকর্তাদের যেসব বিষয় বিবেচনায় নিতে বলা হয়েছে, তার মধ্যে রয়েছে– আদেশ অমান্য করা বা এড়িয়ে যাওয়ার চেষ্টা, গাড়িতে অবস্থান করা, সন্দেহজনক বা জাল কাগজপত্র বহন, কিংবা অবৈধ প্রবেশ বা পুনঃপ্রবেশের অভিযোগে ফৌজদারি মামলা হওয়ার সম্ভাবনা।

নতুন মেমোর আরেকটি গুরুত্বপূর্ণ দিক হলো তথাকথিত 'কোল্যাটারাল অ্যারেস্ট'। অর্থাৎ কোনো অভিযানের মূল লক্ষ্য না হয়েও ঘটনাস্থলে পাওয়া অন্য অভিবাসীদের আটক করা। সাধারণত এসব ব্যক্তি কেবল বেসামরিক অভিবাসন আইন লঙ্ঘনের অভিযোগে অভিযুক্ত হন এবং অনেকেরই কোনো গুরুতর অপরাধের রেকর্ড থাকে না। নতুন নির্দেশনায় এই ধরনের আটক আরও সহজ হবে বলে মনে করছেন বিশ্লেষকরা।

এই নীতিগত পরিবর্তন এমন এক সময়ে এলো, যখন মিনেসোটা অঙ্গরাজ্যে আইসের ব্যাপক অভিযান নিয়ে তীব্র জনঅসন্তোষ চলছে। মিনিয়াপোলিস এলাকায় বিপুলসংখ্যক ফেডারেল এজেন্ট মোতায়েন, ব্যাপক ধরপাকড় এবং কঠোর কৌশলের বিরুদ্ধে স্থানীয় প্রশাসন ও বাসিন্দারা সরব হয়েছেন।

পরিস্থিতি আরও উত্তপ্ত হয়েছে সাম্প্রতিক দুটি প্রাণঘাতী ঘটনায়। রেনি গুড ও অ্যালেক্স প্রেট্টি দুজনই আমেরিকান নাগরিক ও মিনিয়াপোলিসের বাসিন্দা– ফেডারেল এজেন্টদের গুলিতে নিহত হন। এসব ঘটনার পর আইসের কর্মকাণ্ড নিয়ে প্রশ্ন ও সমালোচনা বহুগুণে বেড়েছে।

মানবাধিকার সংগঠনগুলোর আশঙ্কা, নতুন মেমো বাস্তবায়িত হলে ওয়ারেন্ট ছাড়াই ধরপাকড়ের সংখ্যা বাড়বে, যা অভিবাসী সম্প্রদায়ের মধ্যে আতঙ্ক সৃষ্টি করবে এবং আইনশৃঙ্খলা বাহিনীর ওপর জনআস্থা আরও ক্ষয় করবে।

অন্যদিকে ট্রাম্প প্রশাসনের পক্ষ থেকে দাবি করা হচ্ছে, অবৈধ অভিবাসন দমনে দ্রুত ও কার্যকর ব্যবস্থা নিতেই এই নীতিগত শিথিলতা প্রয়োজন।

আংশিক গভর্মেন্ট শাটডাউন দীর্ঘ হওয়ার আশঙ্কা

প্রথম পৃষ্ঠার পর

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ওপরই ভরসা করছেন। মিনিয়াপলিসে আইস বিরোধী বিক্ষোভের সময় দুই মার্কিন নাগরিক নিহত হওয়ার ঘটনায় দেশজুড়ে ক্ষোভের পর ট্রাম্প সিনেটে সমঝোতায় যান এবং ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির অর্থায়ন সাময়িকভাবে আলাদা করার সিদ্ধান্ত নেন। সিনেট অনুমোদিত সেই ব্যবস্থায় দুই সপ্তাহের জন্য ডিএইচএসে অর্থায়ন চালু থাকবে, এর মধ্যেই আইসের কার্যক্রমে নতুন বিধিনিষেধ নিয়ে আলোচনা ও ভোটের সময়সীমা নির্ধারিত হয়েছে।

জনসনের ভাষায়, "এই কৌশলের নেতৃত্ব দিচ্ছেন প্রেসিডেন্ট নিজেই," এবং ট্রাম্প ইতোমধ্যে স্বীকার করেছেন যে ফেডারেল ইমিগ্রেশন অভিযানের তীব্রতা কিছুটা কমানো প্রয়োজন। তবে হাউসে বিলটি পাশ করানো তার জন্য কঠিন চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে, কারণ ডেমোক্র্যাটরা দ্রুত অনুমোদনে ভোট দিতে রাজি নন। তারা বডি ক্যামেরার জন্য বরাদ্দ অর্থের বাইরে গিয়ে আরও কড়াকড়ি চান– আইস এজেন্টদের মুখোশ খুলে পরিচয় প্রকাশ, বিচারিক ওয়ারেন্ট ছাড়া অভিযান বন্ধ এবং ভ্রাম্যমাণ টহল বাতিলের মতো দাবি তুলেছেন।

হাউস ডেমোক্র্যাট নেতা হাকিম জেফ্রিজ স্পষ্ট করে বলেছেন, ডিএইচএসে 'গভীর ও অর্থবহ সংস্কার' ছাড়া কোনো সমাধান গ্রহণযোগ্য নয়। তার মতে, প্রশাসনকে দুই সপ্তাহ অপেক্ষা না করে এখনই আলোচনায় বসতে হবে। জেফরিজের ভাষায়, সংবিধান মেনে বিচারিক ওয়ারেন্ট ছাড়া মানুষের ঘরে ঢুকে বা গাড়ি থেকে টেনে বের করা চলবে না।

এই অবস্থায় জনসন তার ক্ষীণ রিপাবলিকান সংখ্যাগরিষ্ঠতা নিয়েই একের পর এক প্রক্রিয়াগত ভোটে ভরসা করতে বাধ্য হচ্ছেন। নিয়ম কমিটিতে সোমবার প্রথম ধাপের আলোচনা হওয়ার কথা থাকলেও, হাউস ফ্লোরে চূড়ান্ত ভোট অন্তত মঙ্গলবারের আগে হচ্ছে না বলেই ধারণা। ডেমোক্র্যাটরাও রোববার অভ্যন্তরীণ বৈঠকে পরবর্তী কৌশল নির্ধারণের প্রস্তুতি নিয়েছেন।

এদিকে শাটডাউনের প্রভাব পড়তে শুরু করেছে প্রতিরক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও আবাসনসহ একাধিক ফেডারেল সংস্থায়। জরুরি পরিষেবা সচল থাকলেও বহু সরকারি কর্মীর বেতন অনিশ্চিত হয়ে পড়েছে এবং দীর্ঘস্থায়ী হলে ছাঁটাইয়ের আশঙ্কাও রয়েছে। সাম্প্রতিক মাসগুলোতে এটি দ্বিতীয়বারের মতো বড় ধরনের শাটডাউনের মুখে পড়ল যুক্তরাষ্ট্র, যেখানে নীতিগত পরিবর্তন আদায়ের হাতিয়ার হিসেবে বাজেট প্রক্রিয়াকে ব্যবহার করা হচ্ছে।

ডেমোক্র্যাটরা বলছেন, মিনিয়াপলিসে আলেক্স প্রেট্টি হত্যাকাণ্ডের পর আইসের কার্যক্রম নিয়ন্ত্রণের বিষয়টি আর বিলম্বিত করা যায় না। সিনেট নেতা চাক শুমারের ভাষায়, দেশজুড়ে মানুষ পরিবর্তনের দাবি জানাচ্ছে এবং বাস্তব সংস্কার না হলে ডেমোক্র্যাটদের ভোট পাওয়া যাবে না। দুই সপ্তাহের মধ্যে সমঝোতা না হলে রাজনৈতিক সংঘাত আরও তীব্র হবে– এমন আশঙ্কাই এখন ওয়াশিংটনে সবচেয়ে বড় আলোচনার বিষয়।

তুষারপাতের পর দক্ষিণ-পূর্ব যুক্তরাষ্ট্রে শীতের দাপট

প্রথম পৃষ্ঠার পর

১, ন্যাশভিলে ৯, শিকাগোতে ২ এবং ওয়াশিংটন ডিসিতে মাত্র ১ ডিগ্রি।

এর আগে সপ্তাহান্তে শক্তিশালী শীতকালীন ঝড়ে উত্তর ক্যারোলাইনায় ব্যাপক তুষারপাত হয়। কানাপোলিস শহরে ১৪ ইঞ্চির বেশি তুষার জমে। শার্লট, গ্রিনভিল ও গ্যাস্টোনিয়াসহ বড় শহরগুলোতে ১১ ইঞ্চি বা তার বেশি তুষারপাত রেকর্ড হয়। শার্লটের ক্ষেত্রে এটি শহরের ইতিহাসে একদিনে চতুর্থ সর্বোচ্চ তুষারপাত।

দক্ষিণের অন্যান্য এলাকাও রেহাই পায়নি। সাউথ ক্যারোলিনার কলাম্বিয়ায় ৪ ইঞ্চি, জর্জিয়ার অগাস্টায় ৩.৫ ইঞ্চি এবং ভার্জিনিয়ার ভার্জিনিয়া বিচে ২ ইঞ্চি তুষারপাত হয়েছে।

রোববার সকালে সংবাদ সম্মেলনে উত্তর ক্যারোলাইনার গভর্নর জশ স্টেইন জানান, রাজ্যের বহু সড়ক এখনো ঝুঁকিপূর্ণ। ভয়াবহ আবহাওয়ার কারণে এক হাজারের বেশি সড়ক দুর্ঘটনা ঘটেছে। এসব দুর্ঘটনায় অন্তত দুইজন নিহত হয়েছেন। এতে করে গত সপ্তাহ থেকে দক্ষিণ-পূর্ব ও উত্তর-পূর্বাঞ্চলজুড়ে আবহাওয়াজনিত মৃত্যুর সংখ্যা ছাড়িয়েছে একশ।

উত্তর-পূর্বাঞ্চলেও শীতের দাপট অব্যাহত। ম্যাসাচুসেটসের পিটসফিল্ড ও পেনসিলভানিয়ার স্ক্র্যান্টনের মতো শহরগুলোতে সোমবার সকাল পর্যন্ত শূন্যের নিচে উইন্ড চিলের আশঙ্কা রয়েছে। নিউইয়র্ক সিটিতে রোববার ভোরে অনুভূত তাপমাত্রা নেমে আসে মাইনাস ৪ ডিগ্রিতে। পূর্ব উপকূলে ঘণ্টায় ২০ থেকে ৩০ মাইল বেগে দমকা হাওয়া পরিস্থিতিকে আরও কঠিন করে তুলছে।

দক্ষিণে হিউস্টন ও লুইজিয়ানার লাফায়েত এলাকায় 'ফ্রিজ ওয়ার্নিং' জারি করা হয়েছে। সেখানে তাপমাত্রা নেমে যেতে পারে ১৯ ডিগ্রি ফারেনহাইট পর্যন্ত।

সবচেয়ে অস্বাভাবিক পরিস্থিতি দেখা যাচ্ছে ফ্লোরিডায়। ভেরো বিচে তাপমাত্রা নেমেছে ২৭ ডিগ্রি এবং মেলবোর্নে ২৬ ডিগ্রিতে– যা ফেব্রুয়ারি মাসে সর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড ভেঙেছে। বাতাসের প্রভাবে রাজ্যের অধিকাংশ এলাকায় তাপমাত্রা অনুভূত হচ্ছে প্রায় ১০ ডিগ্রির কাছাকাছি। এমনকি মায়ামিতেও 'ফিলস লাইক' তাপমাত্রা প্রায় ৩০ ডিগ্রি হওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে।

আবহাওয়াবিদরা বলছেন, নতুন কর্মসপ্তাহের শুরুতে উত্তর-পূর্বাঞ্চলে তাপমাত্রা ধীরে ধীরে হিমাঙ্কের ওপরে উঠতে পারে এবং বাতাসও কিছুটা শান্ত হবে। তবে দক্ষিণ-পূর্বাঞ্চলের অনেক এলাকায় আরও কিছুদিন সতর্কতা বজায় রাখার পরামর্শ দেওয়া হয়েছে।

নিউইয়র্কে তীব্র শীতে প্রাণহানি ১৪

প্রথম পৃষ্ঠার পর

অর্থাৎ শরীরের তাপমাত্রা বিপজ্জনকভাবে কমে যাওয়া গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে বলে ধারণা করা হচ্ছে। তবে প্রতিটি ঘটনার চূড়ান্ত মৃত্যুর কারণ নির্ধারণে সিটির মেডিকেল এক্সামিনারের দপ্তরের ময়নাতদন্ত প্রতিবেদন এখনো অপেক্ষমাণ।

এদিকে নিউইয়র্কের বাইরেও লং আইল্যান্ড ও নিউ জার্সির ভেরোনায় শীতজনিত মৃত্যুর খবর পাওয়া গেছে। শনিবার এনবিসি নিউজের হিসাব অনুযায়ী, যুক্তরাষ্ট্রজুড়ে এই শৈত্যপ্রবাহে মৃতের সংখ্যা প্রায় ১০০ এর কাছাকাছি।

নিউইয়র্ক সিটি কর্তৃপক্ষ জানিয়েছে, তুষারপাত ও চরম ঠান্ডা শুরু হওয়ার পর থেকে বাইরে অবস্থানরত আরও তিনজনের মৃত্যু হয়েছে। শুক্রবার রাতে সিটি হলের এক মুখপাত্র এই তথ্য নিশ্চিত করলেও নিহতদের পরিচয়, মৃত্যুর স্থান কিংবা সুনির্দিষ্ট কারণ সম্পর্কে কোনো বিস্তারিত জানানো হয়নি।

সিটি কর্তৃপক্ষের তথ্যমতে, চলমান দুর্যোগের মধ্যে গৃহহীনদের জন্য আশ্রয় নিশ্চিত করতে জোরদার অভিযান চালানো হয়েছে এবং এ পর্যন্ত ৮০০ জনের বেশি মানুষকে আশ্রয়কেন্দ্রে নেওয়া হয়েছে। তবে এতসব উদ্যোগের পরও মৃত্যুর সংখ্যা বাড়তে থাকায় প্রশাসনের প্রস্তুতি ও তৎপরতা নিয়ে প্রশ্ন উঠছে।

এনবিসি নিউজ নিউইয়র্কের প্রতিবেদনে বলা হয়, শনিবার ভোরে সিটির তাপমাত্রা নেমে আসে মাত্র ৯ ডিগ্রি ফারেনহাইটে। মেয়র জোহরান মামদানি বলেন, নিহতদের মধ্যে ছয়জন নিউইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অব হোমলেস সার্ভিসেসের পরিচিত ছিলেন। তিনি আরও জানান, এখন পর্যন্ত অন্তত সাতটি মৃত্যুর ঘটনায় হাইপোথার্মিয়া ভূমিকা রেখেছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

মৃত্যুর সুনির্দিষ্ট কারণ নির্ধারণে সিটি মেডিকেল এক্সামিনারের দপ্তর তদন্ত করছে। প্রতিটি ময়নাতদন্তের রিপোর্ট পেতে এক সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

সিটি হলের মুখপাত্র ভোরা পেকেক বলেন, এই আবহাওয়া সংকট মোকাবিলায় সরকার সমন্বিতভাবে কাজ করছে। নতুন 'লো-ব্যারিয়ার' আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে, পাশাপাশি বিশেষ অ্যাম্বুলেট পরিষেবা শহরজুড়ে ঘুরে গৃহহীনদের খাবার, উষ্ণতা ও জরুরি চিকিৎসা সহায়তা দিচ্ছে।

তবু বাস্তব চিত্র ভয়াবহ। কুইন্সের একটি পার্ক বেঞ্চে তুষারের স্তরের নিচে একজন ব্যক্তির মরদেহ উদ্ধার করা হয়। ম্যানহাটনে একটি হাসপাতালের অদূরেই আরেকজনকে মৃত অবস্থায় পাওয়া যায়। ব্রঙ্কসে একটি এলিভেটেড ট্রেন লাইনের নিচে পড়ে ছিল আরও এক ব্যক্তির নিথর দেহ।

সবচেয়ে আলোচিত ঘটনায়, কুইন্সে বসবাসকারী ৫২ বছর বয়সী এক ব্যক্তির দেহ উদ্ধার হয় রবিবার সকালে। তাঁর পকেটে থাকা কাগজপত্র থেকে জানা যায়, তিনি শুক্রবার এলমহার্স্ট হাসপাতাল থেকে ছাড়া পেয়েছিলেন। অথচ ততক্ষণে সিটির 'কোড ব্লু' জারি ছিল যার আওতায় চরম আবহাওয়ার সময় গৃহহীন রোগীদের রাস্তায় ছেড়ে না দেওয়ার কথা।

স্টেট সিনেটর জেসিকা রামোস জানান, ওই ব্যক্তি পাতলা একটি জ্যাকেট ছাড়া আর কিছুই পরেননি। তুষারের নিচে জমে থাকা তাঁর দেহ উদ্ধারের পর তা প্রায় বরফে পরিণত ছিল। রামোস বলেন, "সরকার চাইলে আরও কিছু করতে পারত, কিন্তু তা করা হয়নি। এর জবাব জনগণ চায়।"

মেয়র মামদানি স্বীকার করেছেন, এই তীব্র শৈত্যপ্রবাহ শহরের জন্য অস্বাভাবিক। তাঁর ভাষায়, "এটি গত আট বছরে নিউইয়র্কের সবচেয়ে ঠান্ডা সময়।" তিনি বলেন, 'কোড ব্লু' যথেষ্ট নয়– এমন ঠান্ডায় আরও কঠোর ব্যবস্থা প্রয়োজন। তাই হাসপাতালগুলোকে নির্দেশ দেওয়া হয়েছে, যাদের যাওয়ার কোনো জায়গা নেই, তাদের যেন বাইরে ছেড়ে না দেওয়া হয়।

সিটির সামাজিক সেবা কমিশনার মলি ওয়াসো পার্ক জানান, কিছু ক্ষেত্রে অনিচ্ছাকৃতভাবেও হাসপাতালে ভর্তি করানো হয়েছে বিশেষ করে যারা ভেজা পোশাক পরেছেন, পর্যাপ্ত কাপড় নেই বা পরিস্থিতির ঝুঁকি বুঝতে অক্ষম।

গৃহহীনদের অধিকার নিয়ে কাজ করা সংগঠনগুলোর দাবি, এত অল্প সময়ে বাইরে এত মানুষের মৃত্যু নিউইয়র্কে সাম্প্রতিক ইতিহাসে বিরল। 'কোয়ালিশন ফর দ্য হোমলেস'-এর নির্বাহী পরিচালক ডেভিড গিফেন বলেন, আশ্রয়কেন্দ্রগুলোকে আরও নিরাপদ ও মানবিক করতে না পারলে মানুষ স্বেচ্ছায় সেখানে যেতে আগ্রহী হবে না।

তিনটি সৎ কর্ম ও তিনটি অসৎ কর্ম

জাফর আহমাদ

আল্লাহ তা'আলা বলেন, "আল্লাহ ন্যায়-নীতি, পরোপকার ও আত্মীয়-স্বজনদেও দান করার হুকুম দেন এবং অশ্লীল-নির্লজ্জতা, দুষ্কৃতি এবং অত্যাচার-বাড়াবাড়ি করতে নিষেধ করেন। তিনি উপদেশ দেন যাতে তোমরা শিক্ষালাভ করতে পারো।"(সুরা নাহল:৯০) আয়াতটিতে তিনটি জিনিসের হুকুম এবং তিনটি জিনিসের নিষেধ করা হয়েছে। যে তিনটি জিনিসের আদেশ করা হয়েছে সেগুলো এমন জিনিস যেগুলোর ওপর মানব সমাজের সঠিক অবকাঠামো ও মানব চরিত্র প্রতিষ্ঠিত হয়। তিনটি জিনিস হচ্ছে:

এক, আদল বা ন্যায়পরতা। আদল ও ন্যায়পরাপরতা বলতে লোকদের মধ্যে অধিকারের ক্ষেত্রে ভারসাম্য ও সমতা থাকতে হবে। প্রত্যেককে নির্দ্বিধায় তার অধিকার দিতে হবে। আমাদের ভাষায় এ অর্থ প্রকাশ করার জন্য "ইনসাফ" শব্দ ব্যবহার করা হয়ে থাকে। কিন্তু এ শব্দটির বিভ্রান্তি সৃষ্টি করা যাবে না। অনর্থক এ ধারণা সৃষ্টি করা যাবে না যে সব কিছুতে দু'ব্যক্তির মধ্যে "নিসফ" "নিসফ" বা আধাআধি ভিত্তিতে অধিকার বন্টিত হতে হবে। আদল ও ইনসাফ অর্থ সাম্য ও সমান ভিত্তিতে অধিকার বন্টন নয় আর এ অর্থ করা হলে তা প্রকৃতি বিরোধী হবে। বরং আদল ও ইনসাফ হচ্ছে ভারসাম্যপুর্ণ বন্টন ও সমন্বয়।

কোন কোন দিক দিয়ে "আদল" অবশ্যই সমাজের ব্যক্তিবর্গের মধ্যে সাম্য চায়। যেমন নাগরিক অধিকারের ক্ষেত্রে। কিন্তু কোন কোন দিক দিয়ে সাম্য সম্পুর্ণ "আদল" বিরোধী। যেমন পিতা-মাতা ও সন্তানের মধ্যে সামাজিক ও নৈতিক সাম্য এবং উচ্চ পর্যায়ের কর্মজীবি ও নীচের কর্মজীবিদের বেতন কাঠামোর সাম্য। কাজেই আল্লাহ যে জিনিসের হুকুম দিয়েছেন তা অধিকারের মধ্যে সাম্য নয় বরং ভারসাম্য ও সমন্বয় প্রতিষ্ঠা। এ হুকুমের দাবী হচ্ছে এই যে, প্রত্যেক ব্যক্তিকে তার নৈতিক, সামাজিক, অর্থনৈতিক, আইনগত, রাজনৈতিক ও সাংস্কৃতিক অধিকার পুর্ণ ঈমানদারীর সাথে আদায় করতে হবে।

দুই, ইহসান বা পরোপকার। ইহসান বা পরোপকার হচ্ছে, লোকদের মধ্যে সদাচার, ঔদার্যপূর্ণ ব্যবহার, সহানুভূতিশীল আচরণ, সহিষ্ণুতা, ক্ষমাশীলতা পারস্পরিক সুযোগ সুবিধা দান, একজন অপর জনের মর্যাদা রক্ষা করা, অন্যকে প্রাপ্যের চেয়ে বেশী দেয়া এবং নিজের অধিকার আদায়ের বেলায় কিছু কমে রাযী হয়ে যাওয়া.....এ হচ্ছে আদলের অতিরিক্ত এমন একটি জিনিস যার গুরুত্ব সামষ্টিক জীবনে আদলের চাইতেও বেশী। আদল যদি হয় সমাজের ভিত্তিমুল তাহলে ইহসান হচ্ছে তার সৌন্দর্য ও পূর্ণতা। আদল যদি সমাজকে কটুতা ও তিক্ততা থেকে বাচাঁয় তাহলে ইহসান তার মধ্যে সমাবেশ ঘটায় মিষ্টি মধুর স্বাদের। কোন সমাজের প্রত্যেক ব্যক্তি সর্বক্ষণ তার অধিকার কড়ায় গণ্ডায় মেপে মেপে আদায় করতে থাকবে এবং তারপর ঐ নির্দিষ্ট পরিমাণ অধিকার আদায় করে নিয়েই তবে ক্ষান্ত হবে, আবার অন্যদিকে অন্যদেও অধিকারের পরিমাণ কি তা জেনে নিয়ে কেবলমাত্র যতটুকু প্রাপ্য ততটুকুই আদায় করে দেবে, রূপ কট্টর নীতির ভিত্তিতে আসলে কোন সমাজ টিকে থাকতে পারে না। এমনি ধরনের একটি শীতল ও কাঠখোটটা সমাজে দ্বন্ধ ও সংঘাত থাকবে না ঠিকই কিন্তু ভালবাসা, কৃতজ্ঞতাম ঔদার্য, ত্যাগ, আন্তরিকতা, মহানুভবতা ও মংগলকাংখার মত জীবনের উন্নত মূল্যবোধগুলোর সৌন্দর্য সুষমা থেকে সে বঞ্চিত থেকে যাবে। আর এ গুলোই মূলত এমন সব মূল্যবোধ যা জীবনে সুন্দর আবহ ও মধুর আমেজ সৃষ্টি করে এবং সামষ্টিক মানবীয় গুণাবলীকে বিকশিত করে।

এর একটি সুন্দর উদাহরণ এভাবে দেয়া যেতে পারে যে, বাবার দু'সন্তান। বাবার সম্পত্তিতে দুইজনেরই সমান অধিকার রয়েছে। কিন্তু ছোট ভাই মনে করলো আমি লেখাপড়া করে বড় চাকুরে। শহরে বাড়ী-গাড়ী সবই আছে। বড়ভাই লেখাপড়া করেনি। গ্রামের জমিগুলো তিনি ফসল ফলিয়ে কোন রকমে সংসার চলে। তাই ছোট ভাই ইচ্ছে করে নিজের অংশটুকু বড় ভাইয়ের সম্মানে ছেড়ে দিলেন। এটিকেই ইহসান বলে। সামাজিক সৌন্দর্য, ভালবাসা, সৌহার্দ, ঔদার্য, ত্যাগ ও মহানুভবতা।

তিন, আত্মীয়-স্বজনদেরকে দান ও তাদের সাথে সদাচরণ করা। এটি উল্লেখিত আয়াতের তৃতীয় নির্দেশ। এটি আত্মীয়-স্বজনদের সাথে ইহসান করার একটি বিশেষ ধরণ নির্ধারণ করে। এর অর্থ এই নয় যে, মানুষ নিজের আত্মীয়দের সাথে সদ্ব্যবহার করবে, দু:খে ও আনন্দে তাদের সাথে শরীক হবে এবং বৈধ সীমানার মধ্যে তাদের সাহায্যকারী ও সহায়ক হবে। বরং এ-ও এর অন্তর্ভুক্ত যে, প্রত্যেক সমর্থ ব্যক্তি নিজের সম্পদের ওপর শুধুমাত্র নিজের ও নিজের সন্তান-সন্ততির অধিকার আছে বলে মনে করবে না বরং একই সংগে নিজের অত্মীয়-স্বজনদেও অধিকারও স্বীকার করবে। আল্লাহর শরীয়াত প্রত্যেক পরিবারের সচ্ছল ব্যক্তিবর্গের ওপর এ দায়িত্ব অর্পণ করেছে যে, তাদের পরিবারের অভাবী লোকেরা যেন অভুক্ত ও বস্ত্রহীন না থাকে।

উল্লেখিত আয়াতে মহান আল্লাহ তিনটি সৎকাজের পাশাপাশি তিনটি অসৎ কাজ করতে নিষেধ করেছেন। এই অসৎকাজগুলো ব্যক্তি পর্যায়ে এবং সামষ্টিক পর্যায়ে সমগ্র সমাজ পরিবেশকে খারাপ করে দেয়।

প্রথমত: অশ্লীলতা ও নির্লজ্জতা। সব রকমের অশালীন,কদর্য ও নির্লজ্জ কাজ এর অন্তর্ভুক্ত। এমন প্রত্যেকটি খারাপ কাজ যা স্বভাবতই কুৎসিত, নোংা,ঘৃণ্য ও লজ্জাকর। তাকেই বলা হয় অশ্লীলতা। যেমন কৃপণতা, ব্যভিচার, উলংগতা, সমকামিতা, মুহররম আত্মীয়কে বিয়ে করা, চুরি, শরাব পান, ভিক্ষাবৃত্তি, গালিগালাজ করা কটু কথা বলা ইত্যাদি। এভাবে সর্ব সমক্ষে বেহায়াপনা ও খারাপ কাজ করা এবং খারাপ কাজকে ছড়িয়ে দেয়াও অশ্লীলতা-নির্লজ্জতার অন্তর্ভুক্ত। যেমন মিথ্যা প্রচারণা মিথ্যা দোষারোপ গোপন অপরাধ জন সমক্ষে বলে বেড়ানো অসৎ কাজের প্ররোচক,গল্প, নাটক ও চলচ্চিত্র, উলংগ চিত্র, মেয়েদের সাগোজ করে জনসমক্ষে আসা নারী পুরুষ প্রকাশ্যে মেলামেশা এবং মঞ্চে মেয়েদের নাচগান করা ও তাদের শারীরিক অংগভংগীর প্রদর্শন করা ইত্যাদি।

দ্বিতীয়টি হচ্ছে, দুষ্কৃতি: এর অর্থ হচ্ছে এমন সব অসৎ কাজ যেগুলোকে মানুষ সাধারণভাবে খারাপ মনে করে থাকে, চিরকাল খারাপ বলে আসছে এবং আল্লাহর সকল শরীয়ত যে কাজ করতে নিষেধ করেছে।

তৃতীয় জিনিসটি হচ্ছে জুলুম-বাড়াবাড়ি। এর মানে হচ্ছে, নিজের সীমা অতিক্রম করা এবং অন্যের অধিকার তা আল্লাহর হোক বা বান্দার হোক লংঘন করা ও তার ওপর হস্তক্ষেপ করা। ইসলামে জুলুম ও বাড়াবাড়ি মারাত্মক গোনাহের কাজ। কারণ এর মাধ্যমে সামাজিক বিশৃংখলা সৃষ্টি হয়। নৈরাজ ও অরাজকতা সমাজকে অস্থির করে তুলে। পথে-প্রান্তরে মানুষের অধিকার লুণ্ঠিত হতে থাকে। আল্লাহর হক হচ্ছে, তিনি আমাদের সৃষ্টিকর্তা, তিনি আমাদের রব তিনি আমাদের ইলাহ, তিনি আমাদের মালিক ও তিনি আমাদের মনিব। আমরা তাঁর বান্দা বা গোলাম। যারা মনিব-গোলামের সম্পর্কে ছিন্ন করে তারাই মূলত: আল্লাহর হককে ছিন্নভিন্ন করে। আল্লাহর নির্দেশকে অমান্য করে আল্লাহর সার্বভৌমত্বকে তছনছ করার ব্যর্থ প্রয়াস চালায়।

মানুষের অধিকার বলতে বুঝায় 'জীবন ধারণের অধিকার, সম্পদের অধিকার, মান-মর্যাদা ও ইজ্জত আব্রু রক্ষার অধিকার, ব্যক্তি স্বাধীনতার অধিকার, ব্যক্তিগত ও পারিবারিক গোপনীয়তা রক্ষার অধিকার, বিবেক ও বিশ্বাসের স্বাধীনতা, আর্থিক নিরাপত্তা লাভের অধিকার, বসবাস, যাতায়াত ও স্থানান্তরের অধিকার, গণতান্ত্রিক অধিকার, পারিশ্রমিক লাভের অধিকার, নারীর অধিকার, সংখ্যলঘুদের অধিকার, আইনের দৃষ্টিতে সমতা ও শ্রমিকের অধিকার ইত্যাদি উল্লেখযোগ্য। যারা মানুষের কোন একটি অধিকারকে বাধাগ্রস্থ করে তারাই জালিম হিসাবে চিহ্নিত হবে।

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বিদায় হজ্জের ঐতিহাসিক ভাষণে বলেন,'তোমাদের জীবন ও সম্পত্তি তোমাদের পরস্পরের নিকট পবিত্র।' তিনি কোন মানুষের মর্যাদাহানিকে ঘৃণ্যতম জুলুম বলে উল্লেখ করেছেন। এমনিভাবে পারিবারিক, সামাজিক, রাষ্ট্রীয়, আন্তর্জাতিক সকল বিষয়ে অধিকার সম্পর্কীত পারস্পরিক দায়-দায়িত্বের ক্ষেত্রে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রদত্ত মূলনীতি শাশ্বত। এই মূলনীতি অনুসরণের মাধ্যমেই অধিকার বঞ্চিত ও মানবাধিকার লংঘিত বর্তমানের এ অশান্ত পৃথিবীটি শান্তি ও কল্যাণের পথে প্রবেশ করতে পারে।

মঙ্গলবার ভোট: বাংলাদেশীদের হাতে সাফল্যের চাবি?

প্রথম পৃষ্ঠার পর

কমিউনিটির ও নতুন প্রজন্মের ভবিষ্যত রাজনৈতিক উত্থানের সম্ভাবনাও হাতছানি দিচ্ছে।

জানা গেছে, নিউইয়র্ক সিটির কুইন্স বরোর ইস্ট রিভারের পাড় ঘেঁষে গড়ে ওঠা লং আইল্যান্ড সিটি ও এস্টোরিয়া এলাকা অভিবাসী ইতিহাস, বহুজাতিক সংস্কৃতি ও শ্রমজীবী মানুষের বাস্তবতায় সমৃদ্ধ। এই বৈচিত্র্যই নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৬-এর রাজনৈতিক চরিত্রকে আলাদা করে তুলেছে। আবাসন সংকট, লাগামছাড়া ভাড়া বৃদ্ধি, কর্মসংস্থানের অনিশ্চয়তা, অভিবাসী পরিবারগুলোর নিরাপত্তাহীনতা এসব ইস্যুই এই এলাকার রাজনীতির কেন্দ্রবিন্দু। ঠিক এই বাস্তবতার ভেতর দিয়েই দীর্ঘদিন ধরে মাঠ পর্যায়ে কাজ করে উঠে এসেছেন মেরী জোবাইদা।

গত বছরের জুলাই মাসেই সম্ভাব্য শূন্য আসনের কথা মাথায় রেখে একমাত্র প্রার্থী হিসেবে নির্বাচনী মাঠে নামার ঘোষণা দেন মেরী জোবাইদা। শুরু থেকেই তিনি এস্টোরিয়া ও লং আইল্যান্ড সিটির বাসিন্দাদের সঙ্গে সরাসরি যোগাযোগ, তহবিল সংগ্রহ এবং কমিউনিটি সভায় অংশগ্রহণের মাধ্যমে সক্রিয় প্রচারণা চালান। তার লক্ষ্য ছিল স্পষ্ট আলবেনির ক্যাপিটল হিলে কমিউনিটির প্রতিনিধিত্ব নিশ্চিত করা এবং বাংলাদেশি, এশিয়ান মুসলিম ও অন্যান্য অভিবাসী পরিবারের নতুন প্রজন্মকে রাজনীতিতে দৃশ্যমান করে তোলা।

নভেম্বর পর্যন্ত তিনি একক প্রার্থী হিসেবেই মাঠে ছিলেন। তবে ৪ নভেম্বরের নির্বাচনে জোহরান মামদানী নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচিত হওয়ার পর পরিস্থিতি বদলে যায়। একই আসনে প্রতিদ্বন্দ্বিতার ঘোষণা দেন ইকুয়েডোরিয়ান বংশোদ্ভূত ডায়ানা মরেনো, মিশরীয় বংশোদ্ভূত রানা আবদেলহামিদ এবং ভারতীয় বংশোদ্ভূত শিবানী ধীর। পরবর্তীতে শিবানী ধীর নির্বাচন থেকে সরে দাঁড়ালেও প্রতিযোগিতা আরও জটিল হয়ে ওঠে।

দক্ষিণ এশীয় ও মুসলিম পরিচয়ের কারণে অনেকেই ধারণা করেছিলেন, মেয়র মামদানী মেরী জোবাইদাকেই ডেমোক্র্যাটিক পার্টির প্রার্থী হিসেবে সমর্থন দেবেন। কিন্তু শেষ পর্যন্ত তিনি ডায়ানা মরেনোকে সমর্থন জানালে বাংলাদেশি কমিউনিটির মধ্যে হতাশা তৈরি হয়। তবে সেই হতাশা দীর্ঘস্থায়ী হয়নি। বরং এটিকে চ্যালেঞ্জ হিসেবে গ্রহণ করে কমিউনিটি ঐক্যবদ্ধভাবে মেরী জোবাইদার পাশে দাঁড়ায়।



ডেমোক্র্যাটিক পার্টির আনুষ্ঠানিক মনোনয়ন না পেলেও মেরী জোবাইদা 'পিপলস ফার্স্ট লাইন' স্লোগানে স্বাধীন বা থার্ড পার্টি প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতার ঘোষণা দেন। নির্বাচনী ব্যালটে জায়গা পেতে প্রয়োজনীয় প্রায় ১,৫০০ ভোটারের স্বাক্ষরের বদলে মাত্র ১০ দিনের মধ্যে প্রায় ৩,০০০ ভোটারের স্বাক্ষর সংগ্রহ করে তিনি ও তার ক্যাম্পেইন টিম নির্বাচন বোর্ডে জমা দেন। এই ঘটনা কমিউনিটির রাজনৈতিক শক্তি ও সংগঠনের সক্ষমতার এক শক্তিশালী বার্তা দেয়।

শিক্ষা, স্বাস্থ্যসেবা, ভাড়াটিয়া অধিকার, আবাসন ন্যায়বিচার, নারী ও শিশু সুরক্ষা এবং অভিবাসীদের আইনি সহায়তা এসব ইস্যুতে দীর্ঘদিন ধরে মাঠপর্যায়ে কাজ করায় মেরী জোবাইদা স্থানীয় ভোটারদের কাছে একজন বিশ্বাসযোগ্য মুখ হয়ে উঠেছেন। তার এই কাজের স্বীকৃতি হিসেবে অ্যালায়েন্স অব সাউথ এশিয়ান আমেরিকান লেবার (অ্যাসাল), বাংলাদেশি আমেরিকান অ্যাডভোকেসি গ্রুপ (বাগ), নিউ আমেরিকান ডেমোক্র্যাটিক ক্লাবসহ একাধিক সংগঠন তাকে আনুষ্ঠানিকভাবে সমর্থন দিয়েছে।

কুইন্স, ওজোন পার্ক, ব্রুকলিন ও ব্রঙ্কসে অনুষ্ঠিত হয়েছে একাধিক ফান্ডরেইজিং। জালালাবাদ অ্যাসোসিয়েশন অব আমেরিকা, বাংলাদেশি-আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন (বাকা), এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটিসহ বিভিন্ন সামাজিক ও আঞ্চলিক সংগঠন প্রকাশ্যে তার পক্ষে অবস্থান নিয়েছে।

অন্যদিকে কুইন্স ডেমোক্র্যাটিক পার্টির সমর্থন পাওয়া ডায়ানা মরেনো মাঠপর্যায়ের প্রচারণা ও ভোটার সংযোগে পিছিয়ে আছেন বলে রাজনৈতিক বিশ্লেষকদের মত।

তীব্র তুষারঝড়ের কারণে আগাম ভোটগ্রহণ সাময়িকভাবে ব্যাহত হলেও শেষ পর্যন্ত ভোটারদের অংশগ্রহণে আগাম ভোট সম্পন্ন হয়েছে। মসজিদ, কমিউনিটি সেন্টার, স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান ও তরুণ স্বেচ্ছাসেবীদের উদ্যোগে ভোটাধিকার ও প্রতিনিধিত্ব নিয়ে আলোচনা এখন চূড়ান্ত পর্যায়ে।

রাজনীতি বিশ্লেষকদের মতে, অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৬-এর এই নির্বাচন শুধু একটি আসনের লড়াই নয়; এটি অভিবাসী ও সংখ্যালঘু কমিউনিটির রাজনৈতিক ঐক্য এবং ভবিষ্যৎ নেতৃত্বের এক গুরুত্বপূর্ণ পরীক্ষা। ৩ ফেব্রুয়ারির নির্বাচনে এস্টোরিয়া ও লং আইল্যান্ড সিটির বাংলাদেশী ভোটাররা ব্যালট শক্তির মাধ্যমে প্রথমবারের মতো বাংলাদেশি ও এশিয়ান অভিবাসীদের সম্ভাবনাকে নিশ্চিত করতে পারেন। নতুন পরিচয়, নতুন সম্ভাবনার ডালি সাজিয়ে নয়া পরিচয়ে সামনে আনতে পারেন বাংলাদেশী কমিউনিটিকে। প্রতিটি ভোট নিশ্চিত করতে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন কমিউনিটির সকলকে আগামী মঙ্গলবার।

৩৭০০০ কোটি টাকায় বোয়িংয়ের বিমান কিনতে তোড়জোড়

বাংলা পত্রিকা ডেস্ক: আগামী ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন। এর মাত্র ১০ দিন আগে যুক্তরাষ্ট্রের উড়োজাহাজ নির্মাতা কম্পানি বোয়িংয়ের সঙ্গে ৩৭ হাজার কোটি টাকার (৩৭০ কোটি মার্কিন ডলার) এক বিশাল চুক্তি সই করার তোড়জোড় চলছে। ১৪টি উড়োজাহাজ কেনার এই দীর্ঘমেয়াদি চুক্তির শেষ মুহূর্তে মোট মূল্যের ওপর ১০ শতাংশ অতিরিক্ত ছাড় আদায়ের জন্য বোয়িংয়ের সিয়াটল সদর দপ্তরে একটি জরুরি চিঠি পাঠিয়েছে বিমান। সবকিছু ঠিক থাকলে নির্বাচনের আগেই হতে পারে চুক্তি। বিমান ও সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

বিমান ও সরকারি উচ্চপদস্থ সূত্রগুলো নিশ্চিত করেছে, আলোচনার গতি হঠাৎ বাড়িয়ে চলতি সপ্তাহেই আনুষ্ঠানিক চুক্তি সইয়ের প্রস্তুতি নেওয়া হচ্ছে। বোয়িংয়ের চূড়ান্ত জবাব পাওয়া গেলেই বিষয়টি প্রধান উপদেষ্টার অনুমোদনের জন্য পাঠানো হবে। উড়োজাহাজবহর আধুনিকীকরণ জাতীয় স্বার্থে প্রয়োজনীয় হলেও ভোটের ঠিক আগে এমন তাড়াহুড়া এবং জবাবদিহির অভাব নিয়ে সংশয় দেখা দিয়েছে।

বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো. সাফিকুর রহমান বলেন, 'বোয়িংয়ের কাছ থেকে ১৪টি উড়োজাহাজ কেনার প্রক্রিয়া অনেকটাই চূড়ান্ত বোয়িংয়ের পাঠানো চূড়ান্ত প্রস্তাব বর্তমানে পর্যালোচনা করা হচ্ছে। যাচাই-বাছাই শেষে প্রস্তাবটি বোয়িংয়ের কাছে পাঠানো হবে। তাদের চূড়ান্ত সম্মতির পর ন্যাশনাল নেগোসিয়েশন কমিটির সুপারিশ সাপেক্ষে বিষয়টি বিমানের পরিচালনা পর্ষদের অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। বোর্ডের অনুমোদন মিললে বোয়িংয়ের সঙ্গে আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষর করা হবে।

সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য ঘাটতি কমানোর পদক্ষেপ হিসেবে বর্তমান অন্তর্বর্তী সরকার আগেই বোয়িং থেকে বিমান কেনার প্রতিশ্রুতি দিয়েছিল। এর অংশ হিসেবে বোয়িং থেকে ২৫টি উড়োজাহাজ কেনার প্রতিশ্রুতি দিয়েছিল। পরবর্তী সময়ে বিষয়টি পর্যালোচনা ও যাচাই-বাছাইয়ের পর বিমান এই সিদ্ধান্তে পৌঁছে।

বর্তমানে ১৯টি উড়োজাহাজ দিয়ে ২২টি আন্তর্জাতিক রুটে ফ্লাইট পরিচালনা করছে বিমান। নতুন বছরে পূর্ব এশিয়া, ইউরোপ ও যুক্তরাষ্ট্রে রুট সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে জাতীয় পতাকাবাহী সংস্থাটির।

পাশাপাশি অনুমোদন মিলেছে কলম্বো, বাহরাইন ও সিডনি রুটে। করাচি ফ্লাইট শুরু হলেও উড়োজাহাজসংকটে ম্যানচেস্টার রুটে অপারেশন বন্ধ হচ্ছে। আর এ সংকট কাটাতে ১৪টি বোয়িং উড়োজাহাজ কিনবে বিমান।

বিমান বাংলাদেশ এয়ারলাইনসের জনসংযোগ মহাব্যবস্থাপক বোসরা ইসলাম বলেন, 'আশা করছি, যখন আমাদের নতুন এয়ারক্রাফটগুলো আসবে, তখন আমাদের রুট বাড়বে।'

শেষ মুহূর্তে ১০ শতাংশ ছাড়ের চেষ্টা : প্রস্তাবিত চুক্তিতে আটটি বোয়িং ৭৮৭-১০ ড্রিমলাইনার, দুটি ৭৮৭-৯ এবং ৪টি ৭৩৭-৮ ম্যাক্স উড়োজাহাজ কেনার কথা রয়েছে। শেষ মুহূর্তে চুক্তির মোট মূল্যের ওপর ১০ শতাংশ অতিরিক্ত ছাড় আদায়ের জন্য বোয়িংয়ের সিয়াটল সদও দপ্তরে একটি জরুরি চিঠি পাঠিয়েছে সংস্থাটি।

তবে সংশ্লিষ্ট কর্মকর্তারা বলছেন, বোয়িং এরই মধ্যে তাদের সর্বোচ্চ ছাড় দিয়ে ফেলেছে। ফলে নতুন করে ছাড় পাওয়ার সম্ভাবনা অত্যন্ত ক্ষীণ। কেন এই শেষ মুহূর্তের চিঠি এবং ছাড় না মিললেও চুক্তি হবে কি না তা নিয়ে ধোঁয়াশা কাটছে না।

তড়িঘড়ি কেন, প্রশ্ন বিশেষজ্ঞদের : মাসের পর মাস ধরে ধাপে ধাপে আলোচনা চললেও নির্বাচনের তারিখ ঘোষণার পর হঠাৎ আলোচনার গতি কয়েক গুণ বেড়ে গেছে। নাম প্রকাশে অনিচ্ছুক বিমানের একজন উচ্চপদস্থ কর্মকর্তা বলেন, 'আগে পরিকল্পনা ছিল দাম, পাইলট প্রশিক্ষণ ও ডেলিভারির সময় নিয়ে ধীরে এগোনোর। কিন্তু নির্বাচন ঘনিয়ে আসায় এখন প্রধান লক্ষ্য হয়ে দাঁড়িয়েছে যেভাবেই হোক দ্রুত চুক্তি সই করা।'

এভিয়েশন বিশেষজ্ঞরা বলছেন, ২০২৪ সালের ডলার মূল্যের ভিত্তিতে এই দাম নির্ধারিত হলেও উড়োজাহাজগুলো সরবরাহ শুরু হবে ২০৩১ থেকে ২০৩৫ সালের মধ্যে। অর্থাৎ বর্তমান সরকারের সময়ে এর কোনো সুফল পাওয়া যাবে না। বিপরীতে, সরবরাহের সময়ের মূল্যস্ফীতি ও ডলারের বিনিময়হার অনুযায়ী অর্থ পরিশোধ করতে গিয়ে বিমান বড় ধরনের দীর্ঘমেয়াদি আর্থিক ঝুঁকির মুখে পড়তে পারে।

কেউ সন্ত্রাস করলে সমান জবাব দেবেন: জামায়াত আমির

২-এর পৃষ্ঠায় পর

দিয়েছিলাম, কোনো চাঁদাবাজ, বাটপাড়ের সঙ্গে আমাদের কোনো সম্পর্ক থাকবে না। আমরা বলেছিলাম, অতীতে যারা অপরাধ করেছে, তাদের ওপর প্রতিশোধ নিতে গিয়ে আমরা মামলা বাণিজ্য করব না। সুনির্দিষ্ট অপরাধের বিরুদ্ধে মামলা হবে, নিরীহ কোনো মানুষের বিরুদ্ধে মামলা হবে না। আমাদের মামলায় শতশত আসামি নেই, আর হাজার হাজার মামলাও নেই। এক্ষেত্রে আমরা সর্বোচ্চ দায়িত্বশীলতার পরিচয় দিয়েছি। তিনি আরও বলেন, আপনারা শুনলে অবাক হবেন, বাংলাদেশে আমরা সর্বোচ্চ মামলা করেছি ১ হাজার ২০০টি। এর মাঝে ৮টি মামলা আছে আসামি মাত্র একজন। আমরা দ্বিতীয় কোনো ব্যক্তি খুঁজে পাইনি। কেন অন্যজনের নাম দেব। এটি হারাম, এটি আমরা করিনি। তিনি বলেন, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ভয় দেখানো হয়। তাদের ক্ষেত্রে বিভিন্ন ক্ষেত্রে বৈষম্য আছে। পুলিশ, সেনাবাহিনীর বেতন বৈষম্যের উদাহরণ দেন তিনি।

নিজের টুইটার অ্যাকাউন্ট হ্যাক হওয়া ও অনাকাঙ্ক্ষিত পোস্টের বিষয়ে ডা. শফিকুর রহমান বলেন, মায়েদের কি পরিমাণ সম্মান করি, তা বাংলাদেশের ৯ কোটি মা সাক্ষী। আমার টুইটার (এক্স) অ্যাকাউন্ট হ্যাক করে অত্যন্ত বাজে, অরুচিকর মন্তব্য দিয়েছে। এ নিয়ে একটা দল হইহই-রইরই করছে। তিনি বলেন, সাবধান করে দিচ্ছি! এ কাজ করবেন না। একেবারেই ইতর শ্রেণি না হলে কেউ এ কাজ করতে পারে না।

শেরপুর অঞ্চলের কিছু দাবির বিষয়ে ডা. শফিকুর বলেন, আমরা আগেই বলেছি, বাংলাদেশের কোনো জেলা মেডিকেল বিশ্ববিদ্যালয়হীন থাকবে না। দক্ষ জনশক্তি ছাড়া কিছু যন্ত্রপাতি আর বিল্ডিং করে দিলে বিশেষায়িত হাসপাতাল করে দিলে হবে না। বরং এটি মানুষ মারার আরেকটি রিফাইন কারখানা হবে। এজন্য আমরা মেডিকেল কলেজ দিয়ে শুরু করব। রেললাইন সম্প্রসারণ করা, সারা বাংলাদেশকে রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আনা দুটি কারণে প্রয়োজন। কারণ, রেলভ্রমণে ব্যয় কম এবং তুলনামূলক নিরাপদ।



শেরপুর শহরের পৌর দারোগ আলী মাঠে রোববার ১১ দলীয় জোটের নির্বাচনি জনসভায় বক্তৃতা করছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান

বক্তব্য শেষে শেরপুরের তিনটি আসনের জামায়াতের প্রার্থীদের হাতে ডা. শফিকুর রহমান দাঁড়িপাল্লার প্রতীক তুলে দিয়ে সবার কাছে ভোট চান। জেলা জামায়াতের আমির মাওলানা হাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত নির্বাচনি জনসভায় উপস্থিত ছিলেন শেরপুর-১ (সদর) আসনের দাঁড়িপাল্লার প্রার্থী হাফেজ রাশেদুল ইসলাম, শেরপুর-২ (নকলা-নালিতাবাড়ী) আসনের মুহাম্মদ গোলাম কিবরিয়া ভিপি এবং শেরপুর-৩ (শ্রীবরদী-ঝিনাইগাতী) আসনের নুরুজ্জামান বাদল, এনসিপির জেলা সভাপতি ইঞ্জিনিয়ার লিখন মিয়া, খেলাফত মজলিসের কেন্দ্রীয় আমির মাওলানা শফিকুল ইসলাম, এবি পার্টির জেলা সভাপতি শাজাহান মল্লিক, বাংলাদেশ ডেভেলপমেন্ট পার্টির কেন্দ্রীয় অর্থ সম্পাদক রিয়াদ হোসাইন, ডাকসু জিএস এসএম ফরহাদ, জকসু সমাজ সেবা সম্পাদক মুস্তাফিজুর রহমান, শেরপুর জেলা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন নেতা মামুনুর রহমান, শহীদ মাহবুবের ভাই মাজহারুল ইসলাম প্রমুখ।

ঝিনাইগাতী উপজেলায় ২৮ জানুয়ারি বিএনপি-জামায়াত সংঘর্ষে নিহত শ্রীবরদী উপজেলা জামায়াতের সেক্রেটারি মাওলানা রেজাউল করিমের কবর সকালে জিয়ারত করেন জামায়াত আমির। পরিবারের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করে তিনি শোক ও সমবেদনা জানান।

এদিকে রোববার দুপুরে জামালপুর শহরের সিংহজানী বহুমুখী উচ্চবিদ্যালয় মাঠে জেলা ১১ দলীয় জোট আয়োজিত নির্বাচনি জনসভায় ডা. শফিকুর রহমান বলেন, ১২ ফেব্রুয়ারি দেশের বাঁক পরিবর্তনের নির্বাচন। এ নির্বাচন ১ হাজার ৪০০ শহীদের রক্তের ওপর দাঁড়িয়ে নির্বাচন। এ নির্বাচন আয়নাঘরের অবসানের নির্বাচন। এ নির্বাচন বস্তাপচা রাজনীতির কবর রচনার নির্বাচন। 'হ্যাঁ' ভোট দেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, 'হ্যাঁ' জিতলে বাংলাদেশ জিতবে। তিনি বলেন, জামায়াতের বিজয় না, আমরা দেশের ১৮ কোটি মানুষের বিজয় চাই। দুর্নীতিমুক্ত মানবিক বাংলাদেশ গড়তে তিনি দাঁড়িপাল্লায় ভোট চান। জামালপুরের পাঁচটি আসনের প্রার্থীদের হাতে দাঁড়িপাল্লা তুলে দিয়ে তাদের জন্য ভোট প্রার্থনা করেন দলের আমির ডা. শফিকুর। এ সময় হুঁশিয়ারি উচ্চারণ করে তিনি বলেন, আমরা শহীদের লাশ ও রক্তের সঙ্গে বেইমানি করতে পারব না। জেলা জামায়াতের আমির মাওলানা মোহাম্মদ আব্দুস সাত্তারের সভাপতিত্বে জনসভায় বক্তব্য দেন জামায়াতের সাংগঠনিক সেক্রেটারি ড. ছামিউল হক ফারুকী, ডাকসুর জিএস এসএম ফরহাদ ও জেলা জামায়াতের সেক্রেটারি অ্যাডভোকেট আব্দুল আওয়াল।

প্রতিবেদন তৈরিতে সহায়তা করেছেন শেরপুর থেকে রফিক মজিদ ও জামালপুর থেকে মাহফুজুর রহমান।

এপস্টেইন নথি ঘিরে এবার আলোচনায় জোহরান

৫-এর পৃষ্ঠায় পর

এবং ছবি সামনে এসেছে, যার মধ্যে মাইকেল জ্যাকসন এবং মিক জ্যাগারের মতো ব্যক্তিত্বরাও রয়েছেন। ২০১৯ সালে এপস্টেইনের সাথে সম্পর্কের বিষয়টি প্রকাশ্যে আসার পর নেটফ্লিক্স এবং এফএক্স-এর মতো বড় স্টুডিওগুলো পেগি সিগালের সাথে ব্যবসায়িক সম্পর্ক ছিন্ন করেছিল।

জেফরি এপস্টেইন ২০১৯ সালে কারাগারে থাকাকালীন আত্মহত্যা করেন এবং তার সহযোগী ম্যাক্সওয়েল বর্তমানে পাচারের দায়ে ২০ বছরের কারাদণ্ড ভোগ করছেন। নতুন করে এই বিপুল পরিমাণ নথি প্রকাশের ফলে প্রভাবশালী ব্যক্তিদের সঙ্গে তাদের সামাজিক যোগাযোগের বিষয়টি আবারও জনসমক্ষে চলে এলো। *সূত্র: ফক্স নিউজ।*

সহিংসতার উচ্চ ঝুঁকিতে ১৩ সংসদীয় আসন

৯-এর পৃষ্ঠায় পর

ঠাকুরগাঁও-৩, লালমনিরহাট-১, রংপুর-৩, রংপুর-৪, গাইবান্ধা-৫, বগুড়া-২, বগুড়া-৪, চাঁপাইনবাবগঞ্জ-৩, রাজশাহী-১, রাজশাহী-২, নাটোর-১, সিরাজগঞ্জ-৪, কুষ্টিয়া-১, কুষ্টিয়া-৩, চুয়াডাঙ্গা-১, ঝিনাইদহ-৩, ঝিনাইদহ-৪, যশোর-২, খুলনা-৪, সাতক্ষীরা-১, বরগুনা-২, পটুয়াখালী-২, ভোলা-১, বরিশাল-৩, পিরোজপুর-২, টাঙ্গাইল-৮, ময়মনসিংহ-১০, ময়মনসিংহ-১১, নেত্রকোনা-৩, কিশোরগঞ্জ-৫, মানিকগঞ্জ-১, মুন্সীগঞ্জ-৩, ঢাকা-৭, ঢাকা-১০, নারায়ণগঞ্জ-৩, ফরিদপুর-৪, সুনামগঞ্জ-২, মৌলভীবাজার-৩, কুমিল্লা-১১, চাঁদপুর-৪, নোয়াখালী-২, চট্টগ্রাম-১৪ ও চট্টগ্রাম-১৬।

পুলিশ বলছে, ঝুঁকিপূর্ণ বিবেচনায় নিয়ে যেসব আসনের তালিকা করা হয়েছে, সেখানকার সার্বক্ষণিক গোয়েন্দা পরিস্থিতি পর্যবেক্ষণ করা হচ্ছে। কোথাও ঘাটতি থাকলে তা মাঠ প্রশাসনকে অবহিত করা হবে। প্রশাসনের যারা নির্বাচনের সঙ্গে যুক্ত, তাদের মধ্যে সমন্বয় বৈঠক হচ্ছে। মাঠ পরিস্থিতি বিবেচনায় নিয়ে ঝুঁকিপূর্ণ ও ঝুঁকিমুক্ত তালিকা প্রতিনিয়ত হালনাগাদ করবে পুলিশ। অতি ঝুঁকির তালিকায় নতুন আসনের নাম যুক্ত হতে পারে। আবার অনেক আসনে সহিংসতার ঝুঁকির মাত্রা কমতে পারে।

৫০টি আসনে সংঘর্ষ

জানুয়ারি মাসে মোট ৬৪টি নির্বাচনী সহিংসতার তথ্য দিয়েছে বেসরকারি সংস্থা মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ)। এসব সহিংসতায় চারজনের মৃত্যু হয়েছে; আহত ৫০৯ জন। আর ডিসেম্বর মাসে সারাদেশে সাতটি সহিংসতায় একজনের প্রাণহানির পাশাপাশি ২৭ জন আহত হয়েছিলেন। পুলিশের হিসাব অনুযায়ী এখন পর্যন্ত ৫১টি আসনে নির্বাচনী সংঘর্ষ হয়েছে। এসব আসন হলো- পঞ্চগড়-১, লালমনিরহাট-১, চুয়াডাঙ্গা-১, বরগুনা-২, পটুয়াখালী-৩, ভোলা-১, বরিশাল-৩, টাঙ্গাইল-৮, শেরপুর-৩, নেত্রকোনা-৩, মানিকগঞ্জ-১, মুন্সীগঞ্জ-৩, ঢাকা-৮, ঢাকা-১৫, কুমিল্লা-১১, যশোর-৫, কুমিল্লা-৯, বাগেরহাট-১, খুলনা-৩, শরীয়তপুর-১, সিরাজগঞ্জ-১, ঢাকা-১২, ভোলা-৩, চট্টগ্রাম-২, ফেনী-৩, ফেনী-১, নারায়ণগঞ্জ-৪, লক্ষ্মীপুর-৩, ময়মনসিংহ-১, বগুড়া-৫, কিশোরগঞ্জ-৪, চট্টগ্রাম-১১, বরিশাল-১, মাদারীপুর-৩, ভোলা-২, ময়মনসিংহ-৯, লক্ষ্মীপুর-২, টাঙ্গাইল-১, খুলনা-২, সিরাজগঞ্জ-২, জামালপুর-৪, শরীয়পুর-২, নারায়ণগঞ্জ-২, ঢাকা-৩, ঝালকাঠি-১, চট্টগ্রাম-১, পিরোজপুর-৩, ময়মনসিংহ-২, ঢাকা-৪ ও ভোলা-৪।

প্রযুক্তিনির্ভর নজরদারি

পুলিশ সূত্র বলছে, যেসব কেন্দ্রে সহিংসতা বা বিশৃঙ্খলার আশঙ্কা রয়েছে, সেখানে বডি-ওর্ন ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক ভিডিও ধারণ করা হবে। কোনো সহিংস পরিস্থিতি তৈরি হলে সেই ফুটেজ বিশ্লেষণ করে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে। নির্বাচনের আগেই অতি ঝুঁকিপূর্ণ ও ঝুঁকিপূর্ণ কেন্দ্রগুলোতে ডিএমপির অর্থায়নে বসানো হচ্ছে আরও ৬০০ ক্লোজ সার্কিট ক্যামেরা (সিসিটিভি)।

রাজধানীর প্রতিটি ওয়ার্ডে কন্ট্রোল রুম স্থাপন করা হবে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে আইনশৃঙ্খলা বাহিনীর আট লাখ ৯৭ হাজার ১১৭ সদস্য দায়িত্ব পালন করবে। এর মধ্যে সেনাবাহিনী এক লাখ, বাংলাদেশ নৌবাহিনী পাঁচ হাজার, বিমানবাহিনী তিন হাজার ৭৩০, পুলিশ এক লাখ ৪৯ হাজার ৪৪৩, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী পাঁচ লাখ ৭৬ হাজার ৩১৪, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ৩৭ হাজার ৪৫৩, বাংলাদেশ কোস্টগার্ড তিন হাজার ৫৮৫, র‍্যাব সাত হাজার ৭০০ এবং সাপোর্ট সার্ভিস হিসেবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১৩ হাজার ৩৯০ জন।

ট্রাম্প প্রশাসনের তদন্তে অনাস্থা রিপাবলিকান সিনেটর

৫-এর পৃষ্ঠায় পর

সাবেক কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন কর্মকর্তা ড্যানিয়েল অল্টম্যান বলেন, তদন্তে স্বচ্ছতার অভাব জনআস্থাকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করছে। তার মতে, অভিযোগ গঠন হোক বা না হোক তদন্ত শেষে জনগণকে সিদ্ধান্তের ব্যাখ্যা জানানো জরুরি।

চাপের মুখে প্রশাসন মিনিয়াপোলিস অভিযানের প্রধানকে সরিয়ে দিয়ে হোয়াইট হাউসের ডিপোর্টেশনবিষয়ক শীর্ষ কর্মকর্তা টম হোমানকে দায়িত্ব দেয়। পরে সেক্রেটারি নোয়েম বলেন, তিনি তখনকার "সেরা তথ্য" অনুযায়ী মন্তব্য করেছিলেন। তবে সিনেটর র‍্যান্ড পলের মতে, সত্য উদঘাটনের জন্য ফেডারেল সরকারের বাইরে একটি স্বাধীন তদন্তই সবচেয়ে গ্রহণযোগ্য পন্থা।



ইমিগ্রেশন ও আপনি

এটর্নি শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ট্রাম্পের গোল্ডকার্ড

ট্রাম্পের গোল্ড কার্ড হচ্ছে চাকুরিভিত্তিক ইমিগ্রান্ট ভিসা– যা কোন ব্যক্তি বা করপোরেট (ব্যবসায়িক কোম্পানি) স্পন্সরদের যুক্তরাষ্ট্রকে একটি নির্দিষ্ট অংকের অর্থ প্রদানের মাধ্যমে রেসিডেন্সি লাভের সুযোগকে ত্বরান্বিত করে। নতুন এই ফেডারেল ইমিগ্রেশন পলিসির লক্ষ্য হচ্ছে অবৈধ ইমিগ্রান্ট সমস্যার সমাধান এবং বিদেশিদের একটি নির্দিষ্ট অর্থ দিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশের পথ সহজ করে তোলা। আবেদনকারীর ইউএসসিআইএস ও ওয়েবসাইট থেকে আই-১৪০সি ফর্ম নিয়ে আবেদন করতে হবে।

ব্যক্তি বিশেষের জন্য প্রকাশিত সর্বনিম্ন ১৫ হাজার ডলার সঙ্গে ডিএইচএস প্রক্রিয়াকরণ ফিস ১ হাজার ডলার অনুদান দিয়ে আবেদন করতে হবে। ব্যাকগ্রাউন্ড অনুমোদন লাভ করার পর এই প্রক্রিয়া শুরু হবে। করপোরেট স্পন্সরদের অনুদান অর্থ সর্বনিম্ন ২ লাখ ডলার অনুদান দিয়ে আবেদন করতে হবে। গত ২০ বছরের ব্যবসায়ী কার্যক্রম পরিচালনা এবং শ্রমিক নিয়োগের ইতিহাসও লাগবে গত ২০ বছরের।

আবেদন প্রক্রিয়াঃ

প্রথমে অনলাইনে আবেদনপত্র জমা দিতে হবে। পরবর্তীতে, কোন বড় অংকের অর্থ প্রদানের পূর্বেই ব্যাকগ্রাউন্ড চেক এবং সিকিউরিটি ব্রিনিং ব্যবস্থা সম্পন্ন করতেহবে। অনুমোদন লাভের পর ব্যক্তি অথবা কোম্পানির জন্য নির্ধারিত অর্থ পরিশোধ করতে হবে। এরপর প্রয়োজনীয় ইমিগ্রেশণ ফর্ম এবং সহায়ক কাগজপত্র জমা দিতে হবে। এরপর আবেদনকারীকে মেডিক্যাল পরীক্ষা সম্পন্ন করার পর আবেদন বৈধ পার্মান্টে রেসিডেন্টের জন্য পদক্ষেপ গ্রহণ শুরু হবে।

আবেদন করার জন্য প্রয়োজনীয় কাগজপত্রঃ

ব্যক্তি বিশেষের জন্য অবশ্যই বৈধ পাসপোর্ট, সরকারের ইস্যুকৃত ফটো আইডি, জন্ম সনদ, জাতীয়তার প্রত্যয়নপত্র, ব্যাকগ্রাউন্ড ইনফরমেশন, (ক্রিমিনাল, ইমিগ্রেশন ইতিহাস), অর্থের সত্যায়নপত্র, বায়োগ্রাফিক তথ্য এবং বিবাহের সনদপত্র (যদি থাকে)।

করপোরেট স্পন্সরদের অবশ্যই ব্যবসা রেজিস্টেশনের প্রমান, নিয়োগদাতার পরিচয়ের প্রমাণাদি, স্পন্সরদের কর্তত্বের প্রমাণ (সত্যায়নপত্র), বেতন প্রদানের সক্ষমতার (করপোরেট ফি) এবং ব্যঅকগ্রাউন্ড চেকের তথ্যাবলি।

আপনারা রিয়াল আইডি কী এ সম্পর্কে জানতে চেয়েছেনঃ

রিয়াল আইডি হচ্ছে সিকিউরিটি এ্যানহান্স ড্রাইভার্স লাইসেন্স কার্ড যা হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (ডিএইচএস) প্রণতি ফেডারেল মান মেটাবে।

রিয়াল আইডি'র সময়সীমা বাড়ানো হয়েছে অনেকবার। বর্ধিত এই তারিখের পর ইউএসএ বসবাসকারীদের এই রিয়াল কার্ডের সঙ্গে এর সমমানসম্পন্ন অন্য কোন ফেডারেল অনুমোদিত কার্ড প্রয়োজন হবে– ইউএসএ'র মধ্যে ডোমেস্টিক কোন ফ্লাইটে ভ্রমণের জন্য ফেডারেল এবং সামরিক ঘাটিতে প্রবেশের জন্য। এই রিয়াল আইডি প্রত্যেক স্টেটের মটর ভেহিকেল ডিপার্টমেন্ট ইস্যু করে থাকে। এই কার্ডের জন্য স্থানীয় ডিএমভি ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ণয় হয় এর পূর্বে।

ফেব্রুয়ারি ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি হয় নাই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ

প্রথমঃ (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী)। ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সবশেষে আপনাদের অবগতির জন্য উল্লেখ করা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ

২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইলঃ
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

হে উত্তাল উন্মত্ত জলধি

সায়ীদ আবুবকর

হে উত্তাল উন্মত্ত জলধি, হে অশান্ত, হে বিশাল;
সন্ধ্যার জাহাজে বসে আমি করতেছি অনুভব
তোমার যন্ত্রণা; বুঝি কেউ চুলায় দিয়েছে জ্বাল,
ফুটতেছে তেলের কড়াই; শত শতাব্দীর সব
পুঞ্জিভূত ব্যথা বুকে নিয়ে, নীল আকাশের নিচে
ছটফট করতেছো তুমি, কবে এ ছটফটানি
থামবে তোমার, কে জানে তা! আছড়ে আছড়ে পড়ে বিচে
তার কিছু ব্যথা, কিছু ঢেউ, কিছু অন্ধ বোবাপানি।

কিসের যন্ত্রণা তোমার ও সুবিশাল বুকে; কার
বিরহে হে বিপুল বারিধি, করো তুমি ছটফট?
যত দূর চোখ যায় শুধু নীল, নীল অন্ধকার,
আর শুধু অসীম শূন্যতা, মাঝখানে যেন নট
নাচতেছে বিক্ষুব্ধ তোমার অতলান্ত জলরাশি
আর বলতেছে সিক্ত কণ্ঠে- ভালবাসি! ভালবাসি!



অন্য জীবন

চন্দনকৃষ্ণ পাল

ঘাসের গন্ধ আজ হারিয়েছি সাড়ে তিন যুগ
ফড়িং এর হাঁটা চলা নিষিদ্ধ এই জনপদে
কী নিয়ে থাকি আমি?
উদ্ভট শব্দ আর বিচিত্র গন্ধ নিয়ে,
সাথে আছে উড়ন্ত ধূলো-
যে ধূলোতে মিশে আছে কফ কাশ থুথুর জীবন।
এ জীবন চাইনি তো!
পেয়ে গেছি ক্ষুধার জ্বালায়!

নাম

সাজ্জাদুর রহমান

গল্পের চরিত্র লিখতে গেলে
নদী জেগে উঠে
অথবা ঘন জঙ্গল নয়তো সাহারা
সূর্যের আলো যতদূর তীক্ষ্ণ দৌড়ায়
আমার বেসুরো অস্তিত্ব ততদূর
খুঁজে খুঁজে ক্লান্ত।

নাম মারাত্মক বিভ্রাটের নাম
খুব পাশে পড়ে আছে অতচ পাই না-

জীবনের উপকূলে দৈবচয়ন
হিজিবিজি লতাগুল্মের ভেতর সূর্যালোক
যেনো নিষ্ক্রিয় অবোধ পুরুষ শিশু
দুরূহ মনের গহীনে না পাবার ব্যথা।

গল্পের জন্য, একটি নাম
ঘটনার বুকে ঘুমিয়ে থাকবে না এমন একটা নাম
খুঁজে পাবার তৃষ্ণা আমাকে ভাঙতে থাকে।



তারপর তুমি

হাদিউল ইসলাম

তারপর তুমি মিথ্যা
মিথ্যা হতে হতে বৈজ্ঞানিক বাস্তবতায় জীবাশ্ম
তুমি এক ক্ষতিকর সত্যের কঙ্কাল

এখন তোমার গল্প নিষিদ্ধ এবং অস্বাস্থ্যকর
এখন তোমার স্পর্শের বারুদ থেকে
তুমি এক বিচ্ছিন্ন মথুরা
অসুস্থ সময়ের সম্মুখে
তুমি এক মেয়াদ উত্তীর্ণ অ্যান্টিবায়োটিক

রক্তজবা

বশির আহমেদ

তোমার হাত ধরার ইচ্ছে হয়,
পাথর পাহাড়ে নিজেকে চেপে রাখি।
তোমার বেণী করা চুলের কোলাজ আর শ্যাম্পুর ঘ্রাণ
মনে করিয়ে দেয় লুকোচুরি প্রেমের অনুভূতি।
তুমি ছিলে জগদ্বিখ্যাত সুন্দরী,
আমি প্রেমে পড়েছিলাম।
দৈহিক সৌন্দর্য আর মনের সৌন্দর্যের তফাৎ বুঝতে
পারিনি বলে কাঁদতে হয়, আজ কাঁদি।
চোখের জল মমি হয়ে যায়,
নিঃশ্বাসের সাথে পাঞ্জা লড়ে রক্তজবা!



তোমার স্নিগ্ধতা আরও ঢের বেশি

মুহাম্মদ রফিক ইসলাম

ক্ষুদ্রতম ভগ্নাংশ থেকে সুস্পষ্ট দূরত্বের কোথাও
তোমার উপস্থিতি নিয়ে বিন্দুমাত্রও অস্পষ্টতা নেই
শূন্য থেকে নয় পর্যন্ত প্রতিটা ডিজিট
আঙুলের ডগায় তুলে নেড়েচেড়েও দেখেছি
তুমিময় একটা আহ্লাদী ঘ্রাণ ছুঁয়ে গেছে দশকের পরেও
অযুত নিযুত লক্ষ কোটি সংখ্যার মস্ত শরীর
হৃদয়ের দরজা খুলে দিলে যতটুকু আলো ঢুকে যায় ঘরে
ততটুকু অন্ধকার লুটিয়ে পড়ে চৌকাঠে
বারান্দায় উঁকি দিয়ে যে রোদ নেমে গেছে উঠোনে
সে রোদফুল কুড়ানো শিশিরও জানে
তোমার উপস্থিতির স্নিগ্ধতা আরও ঢের বেশি
তুমি আদি ও অবিনশ্বর
তুমি চির বিস্ময় আমার অস্তিত্বের গোপন ঘরে
ফুল ও পাখিদের সাথে নিবিড় বসবাস...

কাজী জহিরুল ইসলামের কবিতা নিয়ে গবেষণা গ্রন্থের মোড়ক উন্মোচন





নিউইয়র্ক: নিউইয়র্কে কবি কাজী জহিরুল ইসলামের কবিতা নিয়ে প্রকাশিত গবেষণা গ্রন্থ 'কাজী জহিরুল ইসলামের কবিতা: শৈল্পিক সৌন্দর্য ও কৃৎকৌশল' এর মোড়ক উন্মোচন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৪ জানুয়ারি) নিউইয়র্কে নিবন্ধিত শিল্প-সাহিত্য সংগঠন উনবাঙালের আয়োজনে সংগঠনের এক সভায় ঘরোয়া পরিবেশে বইটির মোড়ক উন্মোচন করা হয়।

গ্রন্থটি রচনা করেছেন আবু তাহের সরফরাজ। এটি প্রকাশ করেছে প্রতিবিম্ব প্রকাশ। বইটির প্রচ্ছদ এঁকেছেন মোমিন উদ্দীন খালেদ।

আয়োজকেরা জানান, আড়াই দশক আগেই কবি আল মাহমুদ, ফজল শাহাবুদ্দীন ও আব্দুল মান্নান সৈয়দের মতো বিশিষ্ট কবিরা কাজী জহিরুল ইসলামের কবিতা নিয়ে আলোচনা করেছেন। সেই ধারাবাহিকতায় তার কবিতা নিয়ে গবেষণাধর্মী গ্রন্থ প্রকাশ সময়োপযোগী বলে মনে করছেন সাহিত্যবোদ্ধারা।

আশি পৃষ্ঠার এই গ্রন্থে নয়টি প্রবন্ধে কাজী জহিরুল ইসলামের কবিতার শৈল্পিক সৌন্দর্য, ছন্দ, ভাষাশৈলী, উপমা ও চিত্রকল্প বিশ্লেষণ করা হয়েছে। পাশাপাশি কবিতায় ব্যবহৃত মরমি ও সুফি দর্শন, আন্তর্জাতিক ভাবনা এবং দেশাত্মবোধের দিকগুলোও আলোচনায় এসেছে।

গ্রন্থের একটি প্রবন্ধে কবির উদ্ভাবিত ক্রিয়াপদহীন কবিতা নিয়েও আলাদা আলোচনা রয়েছে, যা তার কবিতার স্বাতন্ত্র্য হিসেবে উল্লেখ করা হয়।

আয়োজকেরা বলেন, গ্রন্থটি গবেষণামূলক হলেও ভাষা সহজ হওয়ায় তা পাঠযোগ্য হয়েছে।

মোড়ক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত বন্ধু, শুভানুধ্যায়ী ও সাহিত্যপ্রেমীদের প্রতি কৃতজ্ঞতা জানান কবি কাজী জহিরুল ইসলাম। একই সঙ্গে বইটি ঢাকা থেকে নিউইয়র্কে নিয়ে আসার জন্য উনবাঙালের সদস্য মুন্না চৌধুরীর প্রতি ধন্যবাদ জানান তিনি।

এপস্টেইন ফাইলসের ডজনখানেক স্পষ্ট নগ্ন ছবি প্রকাশ করেছিল ট্রাম্প প্রশাসন

বাংলা পত্রিকা ডেস্ক: মার্কিন বিচার বিভাগ কোনো সম্পাদনা ছাড়াই তাদের ওয়েবসাইটে ডজনখানেক তরুণীর নগ্ন ছবি প্রকাশ করেছে, যাতে তাঁদের মুখমণ্ডল স্পষ্টভাবে দেখা যাচ্ছে। এসব তরুণীর ছবি মার্কিন ধনকুবের যৌন নিপীড়ক ও নারী পাচারকারী জেফরি এপস্টেইন-সংক্রান্ত নথিপত্রের অংশ হিসেবে সংরক্ষণ করা হয়েছিল।

এপস্টেইন ফাইলস প্রকাশের বাধ্যবাধকতার অংশ হিসেবে এসব তরুণীর স্পষ্ট মুখমণ্ডলের ছবি সম্পাদনা করে অস্পষ্ট করে দেওয়া বা মুছে দেওয়া ফেডারেল সরকারের দায়িত্ব ছিল। কারণ, ছবি এমন স্পষ্টভাবে প্রকাশ করা হয়েছে, যাতে ভুক্তভোগীদের পরিচয় শনাক্ত করা যায়।

গত শুক্রবার বিচার বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা ৩০ লাখের বেশি পৃষ্ঠা পর্যালোচনা করতে গিয়ে নিউইয়র্ক টাইমস প্রায় ৪০টি স্পষ্ট ছবি খুঁজে পায়। ছবিগুলো একটি ব্যক্তিগত ফটো সংগ্রহের অংশ বলে মনে হয়, যেখানে নগ্ন দেহ এবং ছবিতে থাকা ব্যক্তিদের মুখও দেখা যাচ্ছিল।

ছবির ব্যক্তিরা দেখতে তরুণ মনে হলেও তাঁরা অপ্রাপ্তবয়স্ক কি না, তা স্পষ্ট নয়। কিছু ছবিতে সমুদ্রসৈকতসহ এপস্টেইনের ব্যক্তিগত দ্বীপের দৃশ্য দেখা যায়। অন্য কিছু ছবি তোলা হয়েছে শোবার ঘর ও ব্যক্তিগত স্থানে।

মার্কিন সরকারের আইনজীবীরা কয়েক সপ্তাহ ধরে এপস্টেইন ফাইলস ট্রান্সপারেন্সি অ্যাক্টের শর্ত পূরণ করতে তাড়াহুড়া করে কাজ করছিলেন। ২০২৫ সালের ডিসেম্বরের মধ্যে এসব নথি প্রকাশের সময়সীমা নির্ধারণ করা হয়েছিল।

নিউইয়র্ক টাইমস গত শনিবার বিচার বিভাগকে জানায়, সাংবাদিকেরা নগ্ন ছবি দেখতে পাচ্ছেন। গতকাল রোববার আরও নগ্ন ছবি চিহ্নিত করে বিষয়টি তাদের জানানো হয়।



ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে জেফরি এপস্টেইনছবি: এক্স থেকে নেওয়া

বিচার বিভাগের এক মুখপাত্র বলেন, 'ভুক্তভোগীদের উদ্বেগ, ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য বিশেষ করে যৌন প্রকৃতির ছবি ঠিক করতে দিনরাত কাজ করছে বিভাগ।'

মুখপাত্র বলেন, যথাযথভাবে সম্পাদনা শেষ হলে সংশ্লিষ্ট নথিগুলো আবার অনলাইনে প্রকাশ করা হবে।

টাইমস যেসব ছবি চিহ্নিত করে জানিয়েছিল, বিচার বিভাগের কর্মকর্তারা সেগুলোর বেশির ভাগই সরিয়ে ফেলেছেন বা যাতে কাউকে শনাক্ত করা না যায়, সেভাবে সম্পাদনা করেছেন। ছবিগুলোতে অন্তত সাতজন আলাদা ব্যক্তিকে দেখা যায় বলে মনে হয়েছে। অবশ্য টাইমস তাঁদের পরিচয় জানার চেষ্টা করেনি।

এপস্টেইন ও তাঁর সহযোগী গিলেন ম্যাক্সওয়েল কিশোরী বয়সে তাঁকে কীভাবে প্রলোভন দেখিয়ে নির্যাতন করেছিলেন, আদালতে সেই সাক্ষ্য দিয়েছিলেন অ্যানি ফার্মার নামের এক নারী। তিনি বলেছেন, এ ধরনের ছবি স্পষ্টভাবে প্রকাশের খবর 'ভীষণ উদ্বেগজনক'। এতে তাঁর মনে হয়েছে, ভুক্তভোগীদের সুরক্ষায় সরকার আইন মেনে চলবে–এমন বিশ্বাস করা তাঁর সরলতা ছিল।

অ্যানি ফার্মার বলেন, 'ভুক্তভোগীদের সুরক্ষা না দেওয়ার এমন ভয়াবহ বিষয় কল্পনা করাও কঠিন। তাঁদের পূর্ণ নগ্ন ছবি সারা বিশ্বে ডাউনলোডের জন্য উন্মুক্ত রাখা হয়েছিল।'

অন্য ভুক্তভোগীরাও তাঁদের নাম ও পরিচয়সংক্রান্ত তথ্য ফাইলসে পাওয়ার বিষয়ে ক্ষোভ প্রকাশ করেছেন। এমন এক নারীর আইনজীবী ব্রিটানি হেন্ডারসন এভাবে ছবি প্রকাশকে 'ঘৃণ্য' কাজ বলে উল্লেখ করেছেন।

ওই আইনজীবীর মক্কেলের নাম আগে কখনো প্রকাশ্যে এপস্টেইনের সঙ্গে যুক্ত ছিল না। তবে ফাইলসে তাঁর নাম এসেছে।

হেন্ডারসন বলেন, 'এই নারীদের প্রতি বিচার বিভাগ যে মাত্রার অবহেলা দেখিয়েছে, তাতে আমরা সত্যিই বিস্মিত।'

১৯ ডিসেম্বরের মধ্যে বিচার বিভাগের এপস্টেইনের সব ফাইল প্রকাশ করার কথা ছিল। তবে তারা সময় অনুযায়ী কাজটি শেষ করতে পারেনি। শুক্রবার লাখ লাখ নথির পাশাপাশি ২ হাজার ভিডিও এবং ১ লাখ ৮০ হাজার ছবি প্রকাশ করা হয়।

বিচার বিভাগ জানায়, এসব নথি প্রকাশের কাজে ৫০০-এর বেশি আইনজীবী ও পর্যালোচক কাজ করেছেন।

সম্পাদনা অনেক ক্ষেত্রে এলোমেলো ও পরস্পরবিরোধী মনে হয়েছে। কোথাও একটি নথিতে কারও নাম গোপন রাখা হয়েছে, কিন্তু একই নথির অনুলিপিতে সেই নাম প্রকাশ করা হয়েছে। একটি ই-মেইলে 'এপস্টেইনের ভুক্তভোগী তালিকা'-এর কথা বলা হয়েছে। আবার পরের অংশে কেবল একটি নাম বাদে বহু নাম উন্মুক্ত রাখা হয়েছে।

কিছু ভুক্তভোগী তাঁদের তথ্য প্রকাশ করায় ক্ষোভ প্রকাশ করেছেন। অথচ ক্ষমতাবান ব্যক্তিদের নাম আড়াল করা হয়েছে।

এক ক্ষেত্রে দেখা যায়, ট্রাম্পের সাবেক উপদেষ্টা স্টিফেন কে ব্যানন ও এপস্টেইনের মধ্যে একটি টেক্সট বার্তা আদান-প্রদান হয়েছে। এতে প্রেসিডেন্ট ট্রাম্পকে নিয়ে একটি সংবাদ প্রতিবেদনের উল্লেখ ছিল। সংশ্লিষ্ট একটি ছবিতে ট্রাম্পের মুখ পুরোপুরি ঢেকে দেওয়া ছিল।

গত বছর ট্রাম্প প্রশাসন তদন্তসংক্রান্ত নথি প্রকাশের ইঙ্গিত দিলেও পরে সরে আসে। এরপর ডেমোক্র্যাট ও কয়েকজন রিপাবলিকান সদস্য মিলে আইন পাসের উদ্যোগ নেন, যাতে ফাইলগুলো প্রকাশ বাধ্যতামূলক করা হয়।

এপস্টেইনের নতুন নথি : যা কিছু জানা গেল



ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার
INAMULHAQUE M SABOOR,MD
USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine
সেবাসমূহ
❖ জেনারেল চেক আপ ❖ ইকেজি
❖ ডায়াবেটিস ❖ বয়স্ক ভেক্সিনেশান
❖ হাইপারটেনশন ❖ হজ্ব ভেক্সিনেশান
❖ হাই কোলেষ্টরল, এজমা ❖ ব্লাড টেষ্ট ❖ TLC EYE EXAM
আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন
Saboor Waizun Medical PC
আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি
BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM
JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

অ্যাসালের কুইন্স চ্যাপ্টারের ফান্ড রাইজিং





শেষ পৃষ্ঠায় পর আয়োজন করা হয়। অ্যাসাল কুইন্স চ্যাপ্টারের প্রেসিডেন্ট কাজী ফরিদ আহমেদের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিস্ট্রিক্ট-৩৬ এর প্রার্থী মেরি জোবাইদা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অ্যাসালের এর প্রতিষ্ঠাতা ও ইমিটারেস প্রেসিডেন্ট মাফ মিসবাহ উদ্দিন। এছাড়াও বিশেষ অতিথি ছিলেন অ্যাসাল-এর ন্যাশনাল প্রেসিডেন্ট মোহাম্মদ করিম চৌধুরী। অন্যান্যেও মধ্যে বক্তব্য রাখেন অ্যাসালের সেক্রেটারি হারজিট মিনহাজ, এস্টোরিয়ার ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট এনামুল হক সোহাগ সহ আরো অনেকে। সভায় বক্তরা বলেন, মেরি জুবাইদা এনডোর্স করতে পেরে অ্যাসাল সম্মানিত বোধ করছে। পরীক্ষিত কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মেরি ডিস্ট্রিক্ট ৩৬ এর যোগ্য প্রার্থী। তিনি জয়ী হয়ে ষ্টেট অ্যাসেম্বলিতে গিয়ে যথাযথ দায়িত্ব পালন করবেন।











We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

বিল গেটসকে ওষুধ জোগাড় করে দিতেন এপস্টেইন

আন্তর্জাতিক ডেস্ক : রাশিয়ার মেয়েদের সঙ্গে যৌন সম্পর্কে জড়াতেন মাইক্রোসফটের সহ-প্রতিষ্ঠাতা বিল গেটস। কুখ্যাত এপস্টেইন ফাইলে জানা গেছে এমন তথ্য। সেই সময় তিনি একবার যৌনরোগে আক্রান্ত হয়ে পড়েছিলেন এবং ওষুধ জোগাড় করে দিতেন এপস্টেইন।

যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের প্রকাশিত বহুল আলোচিত ওই নথিতে ওঠা অভিযোগগুলোর জবাবে বিল গেটস জানিয়েছেন, এসব দাবি 'সম্পূর্ণ হাস্যকর এবং পুরোপুরি মিথ্যা।'

নথিতে বলা হয়েছিল, 'রুশ মেয়েদের' সঙ্গে যৌন সম্পর্কে জড়ানোর পর যৌনবাহিত রোগে (এসটিডি) আক্রান্ত হয়ে গেটস নাকি সমস্যায় পড়েছিলেন। গেটসের এক মুখপাত্র এসব অভিযোগ দৃঢ়ভাবে অস্বীকার করেছেন।

গেটসের মুখপাত্র বলেন, এই নথিগুলো কেবল এটুকুই প্রমাণ করে যে এপস্টেইন গেটসের সঙ্গে স্থায়ী কোনো সম্পর্ক গড়ে তুলতে না পেরে হতাশ ছিলেন এবং ফাঁদে ফেলতে ও মানহানি করতে তিনি কত দূর যেতে পারেন।

এই নতুন অভিযোগগুলো সামনে আসে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ জেফরি এপস্টেইন-সংক্রান্ত তদন্তের সঙ্গে যুক্ত বিপুল পরিমাণ নথি প্রকাশ করার পর। এতে প্রায় ৩০ লাখ পৃষ্ঠার নথি, ২ হাজার ভিডিও এবং ১ লাখ ৮০ হাজার ছবি অন্তর্ভুক্ত রয়েছে।

নথিগুলোর মধ্যে এমন একটি খসড়া



বিবৃতি পাওয়া গেছে, যা এপস্টেইন গেটসের দীর্ঘদিনের বিজ্ঞানবিষয়ক উপদেষ্টা বরিস নিকোলিচের নামে লেখার চেষ্টা করেছিলেন বলে ধারণা করা হচ্ছে। ওই খসড়ায় দাবি করা হয়, গেটসের হয়ে নানা কর্মকাণ্ডে তিনি জড়িত ছিলেন–যার মধ্যে ছিল কথিতভাবে 'রুশ মেয়েদের সঙ্গে যৌন সম্পর্কের পর সৃষ্ট সমস্যার মোকাবিলায়' গেটসকে ওষুধ জোগাড় করে দেওয়া।

নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে বলা হয়, এপস্টেইন নিজের সুনাম বাঁচাতে গেটস তাকে ছেড়ে দেওয়ায় ক্ষুব্ধ ছিলেন। এক ইমেইলে এপস্টেইন লেখেন, ছয় বছরের সম্পর্ক গড়ে ওঠার পরও গেটস তাদের বন্ধুত্বকে 'অগ্রাহ্য ও পরিত্যাগ' করেছেন।

২০২১ সালে গেটস সিএনএনকে বলেছিলেন, এপস্টেইনের সঙ্গে তার সম্পর্ক ছিল 'একটি বড় ভুল'। তিনি দাবি করেন, গেটস ফাউন্ডেশনের জন্য অনুদান পাওয়ার আশায় তিনি এপস্টেইনের সঙ্গে কয়েকবার নৈশভোজে অংশ নিয়েছিলেন।

এপস্টেইনের সঙ্গে গেটসের বন্ধুত্বই গেটস ও তার সাবেক স্ত্রী মেলিন্ডা ফ্রেঞ্চ গেটসের বিচ্ছেদের একটি কারণ ছিল বলেও জানা যায়।

সাম্প্রতিক নথি প্রকাশে আরও দেখা গেছে, এতে বহু উচ্চপর্যায়ের ব্যক্তির নাম রয়েছে–যাদের মধ্যে আছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, টেসলার প্রধান ইলন মাস্ক, সাবেক প্রিন্স অ্যান্ড্রু মাউন্টব্যাটেন-উইন্ডসর এবং খ্যাতিমান ভারতীয়-মার্কিন চলচ্চিত্র নির্মাতা মীরা নায়ার।

লাখা আমেরিকান হারাতে পারেন ফুড স্ট্যাম্প

প্রথম পৃষ্ঠার পর

খাদ্য নিরাপত্তা বিপন্ন হবে। স্যুপ কিচেন, ফুড ব্যাংক এবং প্যান্ট্রিগুলোর উপর চাপ বাড়বে।"

কংগ্রেসনাল বাজেট অফিসের ২০২৫ সালের আগস্টের হিসাব অনুযায়ী, ২০২৫ থেকে ২০৩৪ সালের মধ্যে প্রায় ১.১ মিলিয়ন মানুষ স্ন্যাপ বা ফুড স্ট্যাম্প সুবিধা হারাতে পারেন। এর মধ্যে ৮ লাখ বয়স্ক এবং পরিবারের সঙ্গে না থাকা সক্ষমবয়স্ক, এবং ৩ লাখ বাবা-মা বা ১৪ বছরের বেশি বয়সের সন্তান যত্ন নেওয়া ব্যক্তি রয়েছেন।

ইউএসডিএ এর এগ্রিকালচার সেক্রেটারি ব্রুক রোলিনস বলেন, "স্ন্যাপ সুবিধা দীর্ঘমেয়াদি নয়; এটি একটি সাময়িক সাহায্য। আমরা ইতিমধ্যেই ১.৭৫ মিলিয়ন মানুষকে স্ন্যাপ থেকে সরিয়ে দিয়েছি।" ইউএসডিএ আরও জানিয়েছে যে, রাজ্যগুলোকে সময়সীমা কার্যকর করতে প্রস্তুত থাকতে হবে এবং সুবিধাভোগীদের কাজ, শিক্ষা বা প্রশিক্ষণের সুযোগে অন্তর্ভুক্ত করতে সাহায্য করবে।

বিশ্লেষকরা বলছেন, এই ওয়ার্ক রিকোয়ারমেন্টের প্রভাব সবচেয়ে বেশি পড়বে বয়স্ক, একাকী থাকা, গৃহহীন, ভেটারান এবং সম্প্রতি ফোস্টার কেয়ার থেকে বের হওয়া যুবকদের ওপর। জোয়েল বার্গ মন্তব্য করেন, "এই শর্তগুলো মূলত কাজকে উৎসাহিত করার জন্য নয়, বরং মানুষকে মানবিকভাবে ক্ষুন্ন করার জন্য।"

এদিকে ২০২৩ সালের অ্যামেরিকান কমিউনিটি সার্ভে জানিয়েছে, বেশিরভাগ স্ন্যাপ প্রাপ্ত পরিবারের একজন করে সদস্য ১২ মাস কাজ করেছেন। তবুও নতুন নিয়মে সুবিধা হারানো সম্ভবনা রয়েছে, যা ইতিমধ্যেই খাদ্য নিরাপত্তার জন্য উদ্বেগ সৃষ্টি করেছে।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বৈদেশিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes



Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেতনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন নতুন ব্যবসা নুনতম বিনিয়োগে যাহাতে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাহাড়া ১ মিলিয়ন বা নুনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

ইচ্ছামতে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আমাদের সাহায্যে পরামর্শ করতে পারেন।

দেশে কোন জোলপনীয় সম্পত্তি/পরিবারের ছাড়া আপনি ও আপনার পরিবার ৫ বছরের সুবিধা নিয়ে পরবর্তীতে ৫বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলাসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্টনারশিপ ইনকর্পো, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit **2021** For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, *EA*
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
